

ম্যাকোম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ
(Macomb County Community Mental Health)



আপনার প্রয়োজনে
সহায়তা পান

গ্রাহকদের জন্য একটি পরিষেবা নির্দেশক

DIANA BELTAN

MCCMH গ্রাহক পরিষেবা টোল ফ্রি নম্বর 1-855-99-MCCMH (1-855-996-2264); TTY 711; www.mccmh.net

2005 ম্যাকোশ্ব কাউন্টি রিকোভারি সম্মেলনের পরিকল্পনা কমিটি কাভার পৃষ্ঠার চিত্র, "সান ড্যান্স", তৈরি করেছে। ক্রসরোডস ক্লাবহাউজের সদস্যরা এই সম্মেলনের পরিকল্পনা করেছিলেন এবং হোস্ট হিসেবে দায়িত্বরত ছিলেন। এই ছবিটির উদ্দেশ্য হচ্ছে—কমিউনিটিতে, আমাদের মধ্যে এবং রিকোভারি সম্ভাবনার উদযাপনের প্রকাশ করা।

ম্যাকোশ্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ, আমরা যে সকল মানুষের সেবায় নিয়োজিত আছি তাদের মূল্যবোধ, শক্তি এবং তথ্য জানার পরে তাদের সিদ্ধান্তের ভিত্তিতে চালিত। আমরা গুণগতমান সম্পন্ন পরিষেবা প্রদান করে থাকে যা রিকোভারি, কমিউনিটিতে অংশগ্রহণ, স্ব-নির্ভরশীলতা, এবং স্বাধীনতারই প্রচার করে।

ম্যাকোশ্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ-এর
মিশন স্টেটমেন্ট
আগস্ট 24, 2011 তারিখে গৃহীত হয়েছে

<p>ম্যাকোশ্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ (MCCMH) 19800 Hall Road Clinton Township, MI 48038 1-855-99-MCCMH (1-855-996-2264) www.mccmh.net</p>
<p>প্রধান নির্বাহী কর্মকর্তা: ট্রেসি স্মিথ 586-469-6700</p>
<p>প্রধান মেডিক্যাল অফিসার: ডক্টর কারমেন শেরপা 586-465-8323</p>
<p>রিসিপিয়েন্টস রাইটস ডিরেক্টরের অফিস: মার্ক মিশাল 586-469-5875</p>
<p>গ্রাহক পরিষেবা অ্যাডমিনিস্ট্রেটর: চ্যানেল মুর 586-466-4550</p>
<p>জরুরি যোগাযোগ - 24 ঘণ্টা ক্রাইসিস লাইন: 586-307-9100 অথবা 1-855-927-4747 অথবা 988</p>

DIANA BELTAN

প্রধান নির্বাহী কর্মকর্তার চিঠি

স্বাগতম,

আপনার যখনই সহায়তার প্রয়োজন হবে, ম্যাকোম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ (Macomb County Community Mental Health, MCCMH) আপনাকে বিভিন্ন ভাবে সহায়তা প্রদান করতে পারবে।

অনুগ্রহ করে এই হ্যান্ডবুকটি আপনার সাথে রাখুন। আপনি যদি কোনো সমস্যায় থেকে থাকেন অথবা অনেক বেশি মানসিক চাপের সম্মুখীন হয়ে থাকেন, তবে আমরা যে তথ্য শেয়ার করছি তা আপনি হয়তো প্রথমবার পড়ে নাও "বুঝতে পারেন"। তাই এই হ্যান্ডবুকের পাতায় প্রয়োজনীয় বিষয়গুলো নোট করে রাখলে সেটা আপনার জন্য সহায়ক হতে পারে। এমন ব্যক্তিবর্গও আছেন যারা আপনার প্রশ্নের উত্তর দিয়ে; বিস্তারিত ভাবে পরিষেবার বর্ণনা দিয়ে; এবং প্রক্রিয়াধীন সময় আপনি কোনো সমস্যায় পরলে তা সমাধান করে আপনাকে সহযোগিতা করতে পারবে। আপনার প্রধান নির্দেশক হচ্ছেন আপনার জন্য নিয়োজিত কেস ম্যানেজার অথবা সাপোর্ট কো-অর্ডিনেটর এবং তার দায়িত্ব হচ্ছে আপনার জন্য উপযুক্ত সহায়তার সমন্বয় করে আপনার জন্য একটি পরিষেবার পরিকল্পনা প্রস্তুত করা। পরিকল্পনা করার ক্ষেত্রে আমরা ব্যক্তি-কেন্দ্রিক একটি উপায় অবলম্বন করে থাকি যার অর্থ হলো এই প্রক্রিয়ার দায়িত্ব সম্পূর্ণভাবে আপনার উপরে বর্তাবে। উদাহরণস্বরূপ – আপনি আমাদের বলতে পারেন যে আপনি আপনার পরিকল্পনার মিটিং-এ কোন বিষয়গুলো নিয়ে কথা বলতে চান অথবা কোন বিষয়গুলো নিয়ে কথা বলতে চান না।

আপনি যখন পরিকল্পনা করবেন, তখন আপনার নিচের বিষয়গুলো নিয়ে ভাবা উচিত:

- আপনার কি নতুন অথবা ভিন্ন একটি বাসস্থান খোঁজার জন্য সহায়তার প্রয়োজন?
- আপনার কি চাকরি খোঁজার ক্ষেত্রে সহায়তা প্রয়োজন?
- আপনার কি যাতায়াতের ক্ষেত্রে সহায়তার প্রয়োজন?
- আপনার কি ঔষধপত্রের অর্থ পরিশোধ করার ক্ষেত্রে সহায়তার প্রয়োজন?
- আপনার কি একজন প্রাইমারি পরিচর্যার ডাক্তার আছে যার সাথে আপনি নিয়মিত দেখা করেন?

- আপনার স্বাস্থ্যের অবস্থা কি? MCCMH মাই কেয়ার হেলথ-এর সাথে মিলে কাজ করছে এবং তারা আপনার প্রয়োজনে আপনাকে সেবা প্রদান করতে আগ্রহী
- আপনার পরিবারের কি কোনো ধরনের সহায়তার প্রয়োজন আছে?

আপনার পরিকল্পনাটি গুরুত্বপূর্ণ এবং আপনার উচিত পরিকল্পনার একটি কপি এই হ্যান্ডবুকের সাথে রাখা। আপনার পরিকল্পনায় এটি স্পষ্টভাবে উল্লেখ থাকা উচিত যে, আপনাকে কে সহযোগিতা করবেন; এবং কত দিন সময় যাবত সহযোগিতা করবেন। আপনার পরিকল্পনাটি স্পষ্টভাবে লিখতে হবে যেন আপনি সহজেই সেটি বুঝতে পারেন। আপনার যদি আপনার পরিকল্পনা বিষয়ে কোনো প্রশ্ন থাকে, তাহলে আপনার কেস ম্যানেজার/সাপোর্ট কো-অর্ডিনেটরের সাথে কথা বলুন; অথবা 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবায় কল করুন।

আপনার প্রয়োজনের সময় আমাদের কাছে সহযোগিতা চাইতে আসার জন্য আপনাকে ধন্যবাদ।

আপনার মঙ্গল কামনা করছি,

ট্রেসি স্মিথ, CEO

MCCMH-এ আপনাকে স্বাগতম**5**

এই সেকশনটি MCCMH সম্পর্কে একটি সামগ্রিক ধারণা দেয় এবং পরিষেবা গ্রহণের জন্য প্রয়োজনীয় যোগ্যতার বিষয়ে ব্যাখ্যা করে।

গ্রাহক পরিষেবা**8**

গ্রাহক পরিষেবা ডিপার্টমেন্ট আপনাকে কীভাবে সহায়তা করতে পারে সে বিষয়ে এই সেকশনটি বর্ণনা করে।

অ্যাক্সেসযোগ্যতা, আশ্রয় এবং ভাষাগত সহায়তা**9**

আমাদের পরিষেবা গ্রহণের জন্য আমরা আপনাকে কিভাবে একজন দোভাষী পেতে এবং অন্যান্য প্রয়োজন পূরণের ক্ষেত্রে সহযোগিতা করতে পারি সে বিষয়ে এই সেকশনটি বর্ণনা করে।

দুর্যোগকালীন এবং জরুরি পরিষেবা**15**

এই সেকশনটি ক্রাইসিস সেন্টার, এবং শিশুদের জন্য মোবাইল ক্রাইসিস টিমের পরিষেবা সম্পর্কে ব্যাখ্যা করে

জরুরি এবং কর্মঘণ্টা পরবর্তী পরিষেবা**16**

এই সেকশনটি আচরণগত জরুরি স্বাস্থ্য অবস্থার বিষয়সমূহ সংজ্ঞায়িত করে এবং কর্ম-ঘণ্টার পরে কিভাবে পরিষেবা গ্রহণ করা যায় সে বিষয়ে ব্যাখ্যা করে।

সাধারণ/অ-জরুরি সেবা গ্রহণের নিয়মসমূহ**20**

এই সেকশনটি সাধারণ, অ-জরুরি এবং একই দিনের আচরণগত স্বাস্থ্য, বিকাশগত অক্ষমতা, অথবা নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহারের মতো রোগের চিকিৎসা পরিষেবা গ্রহণ কীভাবে করতে হয় সেই বিষয়ে তথ্য প্রদান করে।

ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা এবং ক্লিনিক্যাল প্র্যাকটিসের নির্দেশনা**22**

এই সেকশনটি ব্যাখ্যা করে যে কীভাবে আপনার সাথে ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা (PCP) ব্যবহার করে পরিষেবার পরিকল্পনা করা হয়, আর অ্যাডভান্স ডিরেক্টিভ এবং আপদকালীন সময়ের পরিকল্পনা ব্যাপারে তথ্য দেয়। এর পাশাপাশি, এই সেকশনটি MCCMH যে মানদণ্ড অনুযায়ী পরিচর্যা প্রদান করে সেটার একটি রেফারেন্স প্রদান করে।

আত্মসংকল্প ব্যবহার করা	26
এই সেকশন পরিষেবা প্রদানের ক্ষেত্রে আত্ম-সংকল্প মডেল সম্পর্কে ব্যাখ্যা করে।	
সুস্থতা এবং সহনশীলতা	27
এই সেকশন আচরণগত স্বাস্থ্যের রিকোভারির দর্শন ব্যাখ্যা করে।	
সেবা প্রদানকারী বেছে নেওয়া/ নেটওয়ার্কের বাইরের সেবা প্রদানকারীদের থেকে সেবা গ্রহণ করা	29
এই সেকশনটি আপনার পরিষেবা প্রদানকারী বেছে নেওয়ার অধিকার এবং কীভাবে নেটওয়ার্ক বহির্ভূত পরিষেবা প্রদানকারী থেকে সেবা গ্রহণ করবেন তা ব্যাখ্যা করে	
Medicaid-এর বিশেষ চিকিৎসা সাহায্য এবং সেবা বিন্যাস	30
এই সেকশনটি Medicaid-এর আওতাভুক্ত আচরণগত স্বাস্থ্য এবং বিকাশগত অক্ষমতার পরিষেবা সম্পর্কে ব্যাখ্যা করে।	
অটিজম সার্ভিসেস	38
এই সেকশনটি MCCMH-এর মাধ্যমে উপলব্ধ অটিজম সম্পর্কিত পরিষেবাসমূহ ব্যাখ্যা করে।	
নন-Medicaid সহায়তা এবং সেবা	40
এই সেকশন ইনস্যুরেন্সহীন ব্যক্তিদের জন্য উপলব্ধ পরিষেবা ব্যাখ্যা করে।	
সাবস্ট্যান্স ইউজ ডিজর্ডার (Substance Use Disorders, SUD) এ ভোগা ব্যক্তিদের জন্য সেবা	61
এই সেকশন, Medicaid তালিকাভুক্ত এবং সরকারের অর্থায়নে চিকিৎসা পরিষেবা গ্রহণের উপযুক্ত ব্যক্তিদের জন্য নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহারের চিকিৎসা সম্পর্কে ব্যাখ্যা করে	

অতিরিক্ত MCCMH সেবা**64**

এই সেকশনটি MCCMH-এ উপলব্ধ অতিরিক্ত পরিষেবাসমূহ তালিকাভুক্ত করে।

যে সকল পরিষেবা আওতাভুক্ত নয়**67**

এই সেকশনটি সেই সকল পরিষেবা সম্পর্কে ব্যাখ্যা প্রদান করে থাকে যেগুলো MCCMH এবং Medicaid-এর আওতাভুক্ত নয় কিংবা MCCMH এবং Medicaid থেকে প্রদান করা হয়না।

আপনার দৈহিক স্বাস্থ্য পরিচর্যা**69**

এই সেকশনটি Medicaid স্বাস্থ্য পরিকল্পনা সম্পর্কে এবং কীভাবে তাদের সাথে যোগাযোগ করবেন, Medicaid কীভাবে তালিকাভুক্ত হবেন, এবং আপনার শারীরিক এবং আচরণগত স্বাস্থ্য পরিচর্যার সমন্বয় সম্পর্কে ব্যাখ্যা করে।

অভিযোগ এবং আপিল**75**

এই সেকশন, MCCMH-এর কোনো কাজের ফলে অসন্তুষ্ট কোনো সদস্যের কাছে সঠিকভাবে প্রক্রিয়া করার অধিকার এবং সহায়তা সম্পর্কে ব্যাখ্যা প্রদান করে।

আচরণগত স্বাস্থ্যের জন্য মধ্যস্থতাকারী পরিষেবা**86**

এই সেকশন মিশিগান আচরণগত স্বাস্থ্যের জন্য মধ্যস্থতাকারী পরিষেবা প্রোগ্রাম সম্পর্কে ব্যাখ্যা করে যা কিনা সদস্যদের একটি নিরপেক্ষ, স্বাধীন মধ্যস্থতাকারী পেশাদারের সাথে যোগাযোগ করার সুযোগ করে দেয় নে MCCMH-এর পরিষেবা সম্পর্কিত সমস্যার সমাধান করা যায়।

অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস**60**

এই সেকশনটি অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস, সদস্যদের প্রতিরক্ষিত অধিকারের কয়েকটি এবং রিসিপিয়েন্ট রাইটস সম্পর্কে অভিযোগ কীভাবে করতে হয় সেই সম্পর্কে ব্যাখ্যা দেয়।

গোপনীয়তা এবং নীতিমালা	92
এই সেকশন, MCCMH কীভাবে আপনার গোপনীয়তা রক্ষা করে এবং আমাদের পরিষেবা প্রদানের নীতিমালা কি তা ব্যাখ্যা করে।	
প্রতারণা, অপচয় এবং অপব্যবহার	98
এই সেকশনে, আপনি কীভাবে Medicaid জালিয়াতি, অপচয় এবং অপব্যবহার রিপোর্ট করতে পারেন তা ব্যাখ্যা করা হয়।	
বৈষম্যহীনতা এবং অ্যাক্সেসিবিলিটি	101
এই সেকশনে, পরিষেবা গ্রহণ ও তা যেন অ-বৈষম্য প্রকৃতির হয় সেটা নিশ্চিত করতে MCCMH কীভাবে কাজ করে এবং আপনার যদি মনে হয় যে আপনি বৈষম্যের শিকার হয়েছেন তবে কীভাবে অভিযোগ করতে পারেন, সেই বিষয়গুলো ব্যাখ্যা করা হয়েছে।	
অনলাইন রিসোর্স এবং সাপোর্ট	70
এই সেকশনে, রিকোভারি এবং সুস্থতায় সহায়তার জন্য অনলাইনে উপলব্ধ রিসোর্স সমূহ ব্যাখ্যা করা হয়।	
আপনার যে নম্বরগুলো প্রয়োজন	105
এটি হচ্ছে MCCMH-এর ফোন নম্বর, কর্মঘণ্টা এবং ওয়েবসাইটের একটি তালিকা।	
কমিউনিটি রিসোর্সসমূহ	108
এটি হচ্ছে সহায়ক কমিউনিটি রিসোর্সসমূহের একটি তালিকা।	
বিষয়াদির শব্দকোষ	110
এটি হচ্ছে, এই বুকলেটে ব্যবহৃত শব্দ এবং শব্দগুচ্ছের তালিকা এবং তাদের ব্যাখ্যা।	

ম্যাকোম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ (Macomb County Community Mental Health)-এ আপনাকে স্বাগতম

আমরা চাই যে আমাদের সাথে আপনার অভিজ্ঞতা যতটা সম্ভব সন্তোষজনক এবং কার্যকরী হোক। এই বুকলেটের মাধ্যমে, আপনি MCCMH-এর থেকে অথবা আমাদের কন্ট্রাক্ট এজেন্সির থেকে পরিষেবা পাওয়ার সময় প্রয়োজনীয় সকল তথ্য পাবেন। আপনার কোন প্রশ্ন থাকলে অথবা আপনি আপনার পরিষেবা সম্পর্কে আরো বিস্তারিত তথ্য জানতে চাইলে এই বুকলেটটি রিসোর্স হিসেবে ব্যবহার করুন। আপনার প্রশ্ন থাকলে যে কোনো সময়, আপনার জন্য নিয়োজিত সাপোর্ট কো-অর্ডিনেটর, কেস ম্যানেজার অথবা থেরাপিস্টের সাথে কথা বলুন; অথবা এই পৃষ্ঠার নিচের অংশে উল্লেখিত গ্রাহক পরিষেবার নম্বরে কল করুন।

MCCMH-এ আপনাকে স্বাগতম

এই বুকলেট জুড়ে, বিভিন্ন স্থানে এমন বক্স আকারে আপনি তথ্য খুঁজে পাবেন। এই বক্সে আপনার কমিউনিটি মেন্টাল হেলথ পরিষেবা সম্পর্কে সেইসব তথ্য থাকবে যা মিশিগান স্টেট চায় যে আমরা আপনাকে জানাই। প্রত্যেকটি বিষয়ে আমরা বিস্তারিতভাবে তথ্য অন্তর্ভুক্ত করেছি। যাতে করে আপনি MCCMH-এর থেকে পরিষেবা গ্রহণ করার সময় পরিষেবা গ্রহণের বিষয় এবং আপনার অধিকার আদায় করতে যে সকল তথ্য আপনার প্রয়োজন সেই সব তথ্য এই বুকলেটের মাধ্যমে আপনি জানতে পারেন। এখানে পড়া কোনো বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে, আপনার জন্য নিয়োজিত সাপোর্ট কো-অর্ডিনেটর, কেস ম্যানেজার অথবা থেরাপিস্টের সাথে কথা বলুন; অথবা এই পৃষ্ঠার নিচের অংশে উল্লেখিত গ্রাহক পরিষেবার নম্বরে কল করুন।

MI Health Link সদস্যদের জন্য সতর্কতা

আপনি ম্যাকোম্ব কাউন্টিতে MI Health Link-এর একজন সদস্য হলে, **এই পরিষেবার নির্দেশনা পত্রটি আপনার জন্য প্রযোজ্য হবে না।** আপনি যদি MI Health Link-এ তালিকাভুক্ত থাকেন তাহলে আপনার অধিকার, আপনার প্রতি আমাদের দায়বদ্ধতা ভিন্ন হবে। আপনি যদি MI Health Link-এর একজন সদস্য হন, তাহলে আপনার চিকিৎসককে এই বুকলেটের পরিবর্তে

“MI Health Link সদস্যদের জন্য আচরণগত স্বাস্থ্য পরিষেবার নির্দেশনাপত্র-এর একটি কপি দিতে বলুন।

স্বীকৃতি

MCCMH-এর পরিষেবাগুলো **Commission on Accreditation of Rehabilitation Facilities**, যাকে সাধারণত **CARF** বলা হয়ে থাকে, দ্বারা স্বীকৃত। **CARF** হচ্ছে একটি জাতীয় প্রতিষ্ঠান যা স্বাধীনভাবে বিভিন্ন আচরণগত স্বাস্থ্য এবং অক্ষমতা সম্পর্কিত পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের পরিষেবার মান পর্যালোচনা করে থাকে। এই স্বীকৃতি নিশ্চিত করে, আপনি যে পরিষেবা পাচ্ছেন সেটা গুণগতমান সম্পন্ন এবং কার্যকরীতার দিক থেকে সর্বোচ্চ মানদণ্ডের এবং আপনাকে একজন ব্যক্তি হিসেবে সম্মান প্রদর্শন করার মধ্য দিয়ে আপনাকে পরিষেবা প্রদান করা হয়।

MCCMH সম্পর্কে তথ্য

MCCMH প্রোগ্রাম এবং পরিষেবা সমূহ ম্যাকোম্ব কাউন্টি বোর্ড অফ কমিশনারস (Macomb County Board of Commissioners) এবং মিশিগান ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (মিশিগান Department of Health and Human Services)-এর সহায়তা এবং অর্থায়নে চলমান। MCCMH ম্যাকোম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ বোর্ডের (Macomb County Community Mental Health Board) দ্বারা পরিচালিত। MCCMH **মিশিগান মেন্টাল হেলথ কোডের** অধীনে নিয়ন্ত্রিত। এটি মিশিগানের একটি আইন যা জনগণের আচরণগত স্বাস্থ্য পরিষেবার প্রদান নিয়ন্ত্রণ করে। এছাড়াও MCCMH **পাবলিক হেলথ কোডের** অধীনেও নিয়ন্ত্রিত। এটি জনগণের মধ্যে নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহারের চিকিৎসা সেবা প্রদানের তত্ত্বাবধানকারী আইন।

আপনার ইচ্ছা হলে আপনি এই পৃষ্ঠার নিচে উল্লেখ করা গ্রাহক পরিষেবার নম্বরে কল করে MCCMH-এর কাঠামো এবং কার্যক্রমের বিষয়ে অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য অনুরোধ করতে পারেন। আপনি MCCMH, এর কন্ট্রাক্ট এজেন্সি, অথবা আপনার ব্যক্তিগত পরিষেবাসমূহ সম্পর্কে যে কোনো সময় তথ্য চাইতে পারেন। MCCMH-এর বোর্ডের সদস্য এবং এক্সেকিউটিভ লিডারশীপ স্টাফের তালিকার জন্য, আমাদের ওয়েবসাইট www.mccmh.net-এ ভিজিট করুন এবং “সম্পর্কিত তথ্য: নেতৃত্ব” দেখুন।

পরিষেবা গ্রহণের জন্য যোগ্যতা

আমরা ম্যাকোম্ব কাউন্টি জুড়ে পরিষেবা প্রদান করি। আমাদের নতুন ফেডারাল গ্রান্টের বদৌলতে, আমরা এখন একটি সার্টিফিকেট প্রাপ্ত কমিউনিটি আচরণগত স্বাস্থ্য ক্লিনিক (Certified Community Behavioral Health Clinic, CCBHC)। আপনার ইন্স্যুরেন্সের অবস্থা যেমনই হোক না কেনো, আমরা একই জায়গায় আপনার মানসিক স্বাস্থ্য, নেশাজাতীয় পদার্থের অপব্যবহার এবং চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন পূরণ করতে পারবো।

MCCMH প্রাইমারি স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা প্রদান করার জন্য MyCare-এর সাথে পার্টনার হিসেবে কাজ করছে। MyCare স্বাস্থ্য কেন্দ্রটি MCCMH নর্থ বিন্ডিং (43740 Groesbeck Hwy., Clinton Township, MI, 48036)-এর ভিতরে অবস্থিত। 586-493-0961 নম্বরে সরাসরি MyCare স্বাস্থ্য কেন্দ্রে কল করুন।

মনে রাখবেন যে, ব্যক্তিগত MCCMH প্রোগ্রাম এবং পরিষেবার ক্ষেত্রে ভিন্ন ধরনের যোগ্যতার মানদণ্ড থাকতে পারে।

পরিষেবার জন্য অর্থ প্রদান

কিছু কিছু পরিষেবার জন্য, MCCMH অর্থ প্রদান করার আগে, আপনাকে অন্যান্য সকল রিসোর্স ব্যবহার করতে হবে। কমিউনিটির অন্যান্য রিসোর্স থেকে আপনি যে সকল সুবিধা পেয়ে থাকেন সেগুলোর জন্য MCCMH কোন ধরনের অর্থ প্রদান করবে না।

আপনার কোন ইন্স্যুরেন্স না থাকলে এবং আমরা যদি বিশ্বাস করি যে আপনি Medicaid-এর জন্য যোগ্য বলে বিবেচিত হবেন, তাহলে আমরা আপনাকে Medicaid-এর জন্য আবেদন করতে বলবো এবং/ অথবা আমরা আপনাকে আবেদন করার ক্ষেত্রে সহায়তা করতে পারি। আপনার যদি কোন প্রাইভেট ইন্স্যুরেন্স থাকে যার আওতায় আমাদের পরিষেবা আছে, তবে সেই ক্ষেত্রে আপনাকে MCCMH-এর পরিষেবা গ্রহণের সময় তা ব্যবহার করতে হবে।

আপনি যদি Medicaid-এ তালিকাভুক্ত হয়ে থাকেন এবং বিশেষজ্ঞ আচরণগত পরিষেবা পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হন, তাহলে আপনার জন্য অনুমোদিত আচরণগত স্বাস্থ্য চিকিৎসার জন্য সম্পূর্ণ অর্থ প্রদান করা হবে। আপনার থেকে কোন অর্থ নেওয়া হবে না।

কিছু সদস্য "কস্ট শেয়ারিং"-এর জন্য দায়ী থাকবেন। কস্ট শেয়ারিং হলো সেই অর্থ যা একজন সদস্যকে পরিষেবা কিংবা ঔষধ পাওয়ার জন্য প্রদান করতে হয়। এছাড়াও আপনি "কর্তনযোগ্য, স্পেন্ড-ডাউন, কোপেমেণ্ট, অথবা কোইনস্যুরেন্স"-এর মত বিষয় সম্পর্ক শুনতে পারেন। এগুলো সবই কস্ট শেয়ারিং-এর অন্যান্য পদ্ধতি। আপনার Medicaid বেনিফিট লেভেল নির্ধারণ করবে যে আপনাকে কোনো ধরনের কস্ট শেয়ারিং-এর জন্য অর্থ প্রদানের দায়িত্ব পালন করতে হবে কিনা। আপনি যদি মিশিগান ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (e মিশিগান Department of Health and Human Services, MDHHS) অনুযায়ী Medicaid বেনিফিটারি হয়ে থাকেন যার কাছে কর্তনযোগ্য ("স্পেন্ড-ডাউন") আছে, তাহলে আপনাকে আপনার পরিষেবার একটি অংশের জন্য অর্থ প্রদান করতে হতে পারে।

আপনার Medicaid তালিকাভুক্তি বাতিল হয়ে গেলে MCCMH-কে পরিষেবা প্রদানের ক্ষেত্রে আপনার যোগ্যতার পুনঃমূল্যায়ন করতে হতে পারে। অর্থায়নের অন্য কোনো উৎস যেমন জেনারেল ফান্ড, ব্লক গ্রান্ট অথবা তৃতীয় পক্ষ দ্বারা অর্থ প্রদান করা হয় এমন পরিষেবার ক্ষেত্রে ভিন্ন ধরনের মানদণ্ড প্রয়োগ করা হতে পারে।

Medicare যদি আপনার প্রধান অর্থ প্রদানকারী হয়ে তাহলে MCCMH বেনিফিটের নিয়মের সাথে সামঞ্জস্যপূর্ণ সকল Medicare কস্ট শেয়ারিং-এর খরচ বহন করবে।

গ্রাহক পরিষেবা

আপনি যদি নিশ্চিত না হন যে MCCMH-এ কার কাছে কল করবেন, আপনি গ্রাহক পরিষেবাতে কল করতে পারেন এবং আমরা আপনাকে সহায়তা করতে পেরে খুশি হব। পরিষেবা গ্রহণ কিংবা MCCMH-এর ব্যাপারে সাধারণ প্রশ্ন আছে এমন যে কেউ **গ্রাহক পরিষেবায়** কল করতে পারেন। গ্রাহক পরিষেবার কর্মীরা আপনার প্রশ্ন এবং/অথবা আপনি যে ধরনের পরিষেবা পান বা মনে করেন যে আপনার পাওয়া উচিত সেই বিষয়ের কোন দুশ্চিন্তার বিষয়ে সহায়তা করার জন্য এভেইলেবল আছেন। আমাদের কোন পরিষেবা থেকে আপনি যদি অসন্তুষ্ট হয়ে থাকেন তবে আমরা আপনাকে অভিযোগ জমা দেওয়ার ক্ষেত্রে সহায়তা করতে পারি। আপনার পরিষেবা সম্পর্কে যদি কোনো ধরনের সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে যার সাথে আপনি একমত নন তবে আমরা আপনাকে একটি লোকাল আপিল করতে সহায়তা করতে পারি। আপনি যদি মনে করেন যে দণ্ডবিধি অনুসারে আপনার যেসকল অধিকার আছে, তা লঙ্ঘন করা হয়েছে, তবে আমরা একটি রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ দায়ের করতে আপনাকে সহায়তা করতে পারি। আমরা আপনাকে পরিষেবা গ্রহণ, কমিউনিটি রিসোর্স, এবং আরো সম্পর্কিত অনেক বিষয়ে তথ্য দিতে পারি। বার্ষিক রিপোর্ট, নিউজলেটার, প্রতিষ্ঠানের চার্ট, সেবা প্রদানকারীর ডিরেক্টরি, বোর্ড মিটিং-এর তথ্য এবং বোর্ডের সদস্যদের তালিকার মতো MCCMH এর প্রকাশনী জনিত তথ্য পেতে আপনি গ্রাহক পরিষেবায় যোগাযোগ করতে পারেন। এই তথ্যগুলো আমাদের ওয়েবসাইট: www.mccmh.net -এ পাওয়া যাবে।

গ্রাহক পরিষেবা (টোল ফ্রি) 1-855-99-MCCMH (1-855-996-2264)

গ্রাহক পরিষেবা (TTY) 711

গ্রাহক পরিষেবা (ফ্যাক্স) 586-522-4475

**কাজের সময়: সকাল 8:00টা - রাত 8:00টা সোমবার - শুক্রবার
(কাউন্টির সমস্ত ছুটির দিনে বন্ধ থাকে)**

কর্মঘণ্টা পরবর্তী সময়ে ক্রাইসিস সেন্টারে কল করুন 586-307-9100 অথবা
1-855-927-4747 অথবা 988

MCCMH-এর সাথে সংশ্লিষ্ট হওয়া

আপনার মতামতকে MCCMH-এ সম্মানের সাথে গ্রহণ করা হয়। আপনি বিভিন্ন পদ্ধতিতে আমাদের সাথে সংশ্লিষ্ট হতে পারবেন এবং কীভাবে আমরা আমাদের পরিষেবার উন্নয়ন করতে পারি সে বিষয়ে আপনার অভিজ্ঞতা এবং/অথবা মতামত জানাতে পারবেন যে। উদাহরণস্বরূপ, সিটিজেন অ্যাডভাইজরি কাউন্সিল (Citizens Advisory Council, CAC) হল একদল ব্যক্তি যাদেরকে MCCMH সহায়তা করে। এর মধ্যে রয়েছে সেইসব ব্যক্তি, তাদের পরিবার এবং প্রিয়জন, প্রতিনিধি এবং কমিউনিটির সদস্যরা। MCCMH-এর সাথে যাদের অংশীদারিত্ব আছে তারা সকলেই স্বাগতম! CAC কমিউনিটি মেন্টাল স্বাস্থ্য পরিষেবা এবং সহায়তার নীতি, প্রক্রিয়া এবং পরিষেবা প্রদানের বিষয়ে মতামত এবং নির্দেশনা প্রদান করে। CAC-এর সাথে আপনি কীভাবে কাজ করা শুরু করতে পারেন সেই বিষয়ে আরো তথ্য পাওয়ার জন্য অনুগ্রহ করে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন।

অ্যাক্সেসযোগ্যতা এবং আশ্রয়

সরকারি এবং স্টেটের আইন অনুযায়ী, MCCMH-এর সকল বিল্ডিং এবং প্রোগ্রাম, নির্ধারিত সকল অক্ষমতায়ুক্ত ব্যক্তির জন্য শারীরিকভাবে অ্যাক্সেস করার মতো হতে হবে। কোন ব্যক্তি যদি একটি যোগ্য/প্রশিক্ষিত এবং চিহ্নিত পরিষেবা প্রাণী যেমন কুকুরের থেকে, মানসিক, চাক্ষুষ অথবা চলাচলের সহায়তা গ্রহণ করে তাহলে তাকে এবং তার পাশাপাশি পরিষেবার প্রাণীটিকে MCCMH-এর সকল বিল্ডিং এবং প্রোগ্রামে অ্যাক্সেস দেওয়া হবে। আপনার যদি আরো তথ্যের প্রয়োজন হয় কিংবা অ্যাক্সেস পাওয়া অথবা পরিষেবা/সহায়তার প্রাণী সম্পর্কে কোন ধরনের প্রশ্ন থাকে তবে 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন।

আপনার নিজের জন্য, অথবা পরিবারের একজন সদস্য কিংবা একজন বন্ধুর জন্য আশ্রয়ের অনুরোধ করতে হলে আপনি 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করতে পারেন। কোন পদ্ধতিতে আশ্রয়ের জন্য অনুরোধ করতে হবে সে বিষয়ে আপনাকে নির্দেশনা প্রদান করা হবে (এটি ফোনে, ব্যক্তিগত ভাবে এবং/অথবা লিখিতভাবে করা যায়)। পাশাপাশি এজেন্সিতে আশ্রয়ের অনুরোধগুলোর ব্যবস্থাপনা কে করে থাকেন সেটাও আপনাকে জানানো হবে।

আপনি যদি এমন একজন ব্যক্তি হয়ে থাকেন যার কথা শুনতে সমস্যা হয় কিন্তু সাংকেতিক ভাষা পারেন না এবং যোগাযোগের অন্য কোন মাধ্যমে আপনার প্রয়োজন, যেমন ব্যক্তিগত যোগাযোগ ডিভাইস অথবা কম্পিউটার অ্যাসিস্টেড রিয়ালটাইম ট্রান্সলেশন (Computer Assisted Realtime Translation, CART), তাহলে 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে অথবা InterpreterRequest@mccmh.net-এ মেইল করার মাধ্যমে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন। যোগাযোগের ডিভাইস এবং CART আপনার জন্য বিনামূল্যে উপলব্ধ।

বিকল্প ফরম্যাট

আপনার এই তথ্যগুলো ভিন্ন ফরম্যাটে, যেমন অডিও, অথবা বিশেষ প্রয়োজনের কারণে বড় ফন্টে, অথবা আপনার ভাষায়, কোন অতিরিক্ত খরচ ছাড়াই পাওয়ার অধিকার আছে। বিকল্প ফরম্যাটে তথ্যগুলো পেতে চাইলে 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার কাছে কল করুন।

আপনার যদি আমাদের পরিষেবা ব্যবহার কিংবা পাওয়ার জন্য আশ্রয়ের প্রয়োজন হয় তাহলে আমরা আপনাকে সেই সুবিধা প্রদান করার জন্য আপনার সাথে মিলে কাজ করবো যেন কার্যকর এবং উপযুক্ত ভাবে আপনার প্রয়োজন মেটানো যায়। আপনার যদি আশ্রয়ের প্রয়োজন হয় এবং আপনার মনে হয় যে আমরা আপনাকে তা প্রদান করতে ব্যর্থ হয়েছি, তবে আপনি সহায়তার জন্য 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবায় কল করে যোগাযোগ করতে পারেন।

ভাষা সহায়তা

আপনার প্রধান ভাষা ইংরেজি না হলে এবং/ অথবা আপনার ইংরেজি পড়তে, বলতে অথবা বুঝতে সীমাবদ্ধ ক্ষমতা থাকলে আপনি ভাষাগত বিষয়ে সহায়তা পাওয়ার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হতে পারেন।

আপনি বধির অথবা আপনার শ্রবণে সমস্যা থাকলে আপনি মিশিগান রিলে সেন্টার (মিশিগান Relay Center, MRC) ব্যবহার করে MCCMH অথবা আপনার পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে পারেন। অনুগ্রহ করে 7-1-1 নম্বরে কল করে আপনি যে নম্বরে যোগাযোগ করার চেষ্টা করছেন সেই নম্বরে MRC-কে কানেক্ট করে দিতে বলুন।

আপনার যদি সাংকেতিক ভাষার অনুবাদকের প্রয়োজন হয়ে থাকে তাহলে যতদ্রুত সম্ভব 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন যাতে করে একজন অনুবাদকের ব্যবস্থা করা হয়। কোন ধরনের অতিরিক্ত খরচ ছাড়াই আপনি একজন সাংকেতিক ভাষার অনুবাদকের সহায়তা পেতে পারবেন।

আপনি ইংরেজি না বলতে পারলে আপনার জন্য একজন অনুবাদকের ব্যবস্থা করার জন্য 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার

সাথে যোগাযোগ করুন। কোন ধরনের অতিরিক্ত খরচ ছাড়াই আপনি একজন অনুবাদকের সহায়তা পেতে পারবেন।

আপনি যাতে কোনো সমস্যা ছাড়াই আমাদের সাথে যোগাযোগ করতে পারেন তাই অক্ষম ব্যক্তিদের এবং যাদের প্রধান ভাষা ইংরেজি নয় তাদের জন্য MCCMH বিনামূল্যে সহায়তা এবং পরিষেবা প্রদান করে। সহায়তা করার জন্য আমেরিকান সাইন ল্যাংগুয়েজ (American Sign Language, ASL) এবং অন্যান্য ভাষার অনুবাদক আছেন। অন্য ভাষায় এই সকল তথ্য উপলব্ধ আছে। আপনি যদি এই পরিষেবা গ্রহণ করতে চান, তবে 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করুন।

সকল MCCMH অফিসে টেলিফোনের মাধ্যমে অনুবাদের পরিষেবা উপলব্ধ আছে যেন আপনার সাথে আমরা আপনার মাতৃভাষায় কথা বলতে পারি। (আমরা আপনার কলটি অল্প কিছু সময়ের জন্য "হোল্ড"-এ রাখব যেন আমরা একজন অনুবাদকের সাথে আপনার যোগাযোগ করিয়ে দিতে পারি।)

7-1-1

আপনি বধির, অথবা আপনার শ্রবণে সমস্যা থাকলে অথবা আপনার কথা বলায় সমস্যা হওয়ার কারণে ফোনে কথা বলতে না পারলে আপনি যেকোনো সময়ে 7-1-1 নম্বরে মিশিগান রিলে সার্ভিসে কল দেওয়ার মাধ্যমে MCCMH অফিসের সাথে যোগাযোগ করতে পারেন (আমাদের কন্ট্রাক্ট এজেন্সিগুলো সহ)।

10 ট্যাগ লাইনসমূহ

তালিকাভুক্ত ব্যক্তিগণ ইংরেজি-বহির্ভূত যে ভাষায় কথা বলেন সেই ভাষা এবং গোটা রাজ্য, এবং প্রতিটি PIHP সত্তাভুক্ত পরিষেবা এলাকা জুড়ে সম্ভাব্য তালিকাভুক্ত ব্যক্তিদের চিহ্নিত করার একটি পদ্ধতি প্রবর্তনের উদ্দেশ্যে নিচের তালিকাটি দেওয়া হয়েছে। প্রতিটি PIHP-কে অবশ্যই পরবর্তী পাতার তালিকায় অন্তর্ভুক্ত তাদের নির্দিষ্ট পরিষেবা এলাকায় প্রধানত ব্যবহৃত ইংরেজি-বহির্ভূত ভাষায় একটি ট্যাগ লাইন দিতে হবে।

কল করুন: 1-855-99-MCCMH (1-855-996-2264)

TTY: 711

আপনার অডিও, ব্রেইল, অথবা বিশেষ প্রয়োজনীয়তার কারণে বড় হাতের অক্ষরে অথবা আপনার নিজস্ব ভাষায় কোন অতিরিক্ত খরচ ছাড়া এই তথ্যগুলো পাওয়ার অধিকার আছে।

English: ATTENTION: If you speak English, language assistance services, free of charge, are available to you. Call 1-855-996-2264 (TTY: 711)

Albanian: VËMENDJE: Nëse flisni shqip, shërbimet e ndihmës gjuhësore janë në dispozicionin tuaj pa pagesë. Telefononi 1-855-996-2264 (TTY: 711).

Arabic:

ملاحظة: إذا كنت تتحدث باللغة العربية، تتوفر لك خدمات المساعدة اللغوية مجاناً. اتصل على الرقم 1-855-996-2264 (TTY: 711)

Bengali: দৃষ্টি আকর্ষণ করছি: আপনি যদি বাংলায় কথা বলেন, তাহলে আপনার জন্য বিনামূল্যে ভাষা সহায়তা সেবা উপলভ্য রয়েছে। কল করুন এই নম্বরে: 1-855-996-2264 (TTY: 711)

Chinese: 注意：如果您会说中文，可以免费获得语言协助服务。致电 1-855-996-2264 (TTY: 711)

German: ACHTUNG: Wenn Sie Deutsch sprechen, stehen Ihnen kostenlose Sprachendienstleistungen zur Verfügung. Rufen Sie 1-855-996-2264 (TTY: 711) an.

Italian: ATTENZIONE: Se parlate italiano, sono a vostra disposizione i servizi di assistenza linguistica, gratuiti. Chiama il numero 1-855-996-2264 (TTY: 711)

Japanese: 注：英語を話せる方は、言語アシスタンス・サービスを無料でご利用いただけます。1-855-996-2264 (TTY: 711)までお電話ください。

Korean: 참고: 영어를 구사하실 수 있다면 언어 지원 서비스를 무료로 이용하실 수 있습니다. 1-855-996-2264번으로 전화해주세요 (TTY: 711)

Polish: UWAGA: Jeśli mówisz po polsku, możesz skorzystać z bezpłatnej pomocy językowej. Zadzwoń pod numer 1-855-996-2264 (TTY: 711)

যাতায়াত

আপনি Medicaid বেনিফিশিয়ারি হলে আপনি MCCMH-এর অনুমোদিত পরিষেবাসহ, Medicaid আওতাভুক্ত মেডিক্যাল পরিষেবা পর্যন্ত যাতায়াত করার জন্য সহায়তা পেতে পারেন। আপনার অনুমোদিত সাক্ষাৎকার এবং পরিষেবা গ্রহণে যাওয়ার অন্য কোন উপায় না থাকলে আপনি রাইডের ক্ষেত্রে সহায়তা পেতে পারেন। আপনি একটি Medicaid হেলথ প্ল্যানের আওতাভুক্ত হলে সেই প্ল্যানটি আপনার জন্য পরিবহন ব্যবস্থায় সহায়তা করতে পারে। আপনার স্বাস্থ্য পরিকল্পনার গ্রাহক পরিষেবার নম্বরের জন্য MIHealth কার্ডের (Medicaid কার্ড) পিছনের দিকে, অথবা স্বাস্থ্য পরিকল্পনাগুলোর একটি তালিকা এবং তাদের ফোন নম্বরের জন্য 47 নম্বর পৃষ্ঠা দেখুন।

আপনি যদি Medicaid-এর আওতাভুক্ত হন কিন্তু একটি Medicaid হেলথ প্লানে তালিকাভুক্ত না হন, তাহলে যাতায়াতের ব্যবস্থা করার জন্য **1-866-569-1902 নম্বরে ModivCare (পূর্বে Logisticare নামে পরিচিত)**-এর সাথে যোগাযোগ করুন। অবশ্যই আপনার সাক্ষাৎকারের সময়ের আগে আপনাকে যাতায়াত ব্যবস্থার জন্য রিজার্ভেশন করতে হবে।

অনুগ্রহ করে মনে রাখুন যে, কিছু নির্দিষ্ট প্রোগ্রামের অধীনে থাকা ব্যতীত, MCCMH সাধারণত সরাসরি যাতায়াত সুবিধা প্রদান করে থাকে না।

আগ্রয়ের জন্য অনুরোধ

আপনার যদি আমাদের আমাদের পরিষেবা আরও কার্যকরভাবে ব্যবহারের জন্য আশয়ের প্রয়োজন হয় তাহলে আপনার থেরাপিস্ট, সহায়তা সমন্বয়কারী, অথবা কেস ম্যানেজারকে বলুন। আপনার প্রয়োজনগুলো অবশ্যই আপনার ব্যক্তি কেন্দ্রিক পরিকল্পনার অধীনে থাকা উচিত। আপনার যদি সুবিধা পাওয়ার ক্ষেত্রে সহায়তার প্রয়োজন হয়ে থাকে, তবে আপনি গ্রাহক পরিষেবা কেন্দ্রেও যোগাযোগ করতে পারেন।

আপনি যদি আমাদের পরিষেবা গ্রহণের জন্য একজন আমেরিকান সাংকেতিক ভাষা (American Sign Language, ASL) অথবা অন্য ভাষার অনুবাদকের সহায়তা চান তাহলে গ্রাহক পরিষেবায় কল করুন। আপনার যদি একজন অনুবাদকের প্রয়োজন হয় তাহলে MCCMH-এর সাথে আপনার প্রত্যেক সাক্ষাৎকারে আমরা এটা নিশ্চিত করবো যেন

একজন অনুবাদক আপনার সাথে সরাসরি উপস্থিত থাকেন। আপনি যেকোনো সময় অনুবাদক কিংবা অনুবাদ পরিষেবা চাইতে পারেন।

গ্রাহক পরিষেবা (টোল ফ্রি) 1-855-99-MCCMH (1-855-996-2264)
গ্রাহক পরিষেবা (TTY) 711
গ্রাহক পরিষেবা (ফ্যাক্স) 586-522-4475

গ্রাহকসেবা বিভাগের কাজের সময়: সকাল 8:00টা – রাত 8:00টা সোমবার –
শুক্রবার (কাউন্টির সমস্ত ছুটির দিনে বন্ধ থাকে)

কর্মঘণ্টা পরবর্তী সময়ে ক্রাইসিস সেন্টারে কল করুন..... 586-307-9100
অথবা 1-855-927-4747 অথবা 988

আগ্রয়ের বিষয়ে দুশ্চিন্তা

আপনার যদি মনে হয়ে থাকে যে, জাতি, রং, জাতিগত উৎপত্তি, ধর্ম অথবা রাজনৈতিক বিশ্বাস, লিঙ্গ, বয়স, অক্ষমতার অবস্থা, কিংবা একজন অক্ষম ব্যক্তির সাথে সম্পর্ক থাকার কারণে MCCMH আপনার সাথে বৈষম্য করেছে, কিংবা আপনি যদি বিশ্বাস করেন যে আমরা আপনাকে উপযুক্ত যৌক্তিক সুবিধা প্রদান করতে ব্যর্থ হয়েছি, আপনি MCCMH Ombudsperson-এর সাথে যোগাযোগ করে একটি অভিযোগ দায়ের করতে পারেন, তিনি গ্রাহক পরিষেবা দলে কাজ করেন। এছাড়া আপনি MCCMH-এর অফিস অফ রিসিপিয়েন্ট রাইটসের সাথে যোগাযোগ করে একটি রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ দায়ের করতে পারেন, অথবা আপনি উভয়টিই করতে পারেন। আপনার স্বাধীনভাবে ব্যক্তিগত আইনি পদক্ষেপ নেওয়ার অধিকারও থাকতে পারে।

The Ombudsperson 586-469-7795

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-469-7674

কর্মঘণ্টা: সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোমবার-শুক্রবার।

সাধারণ কর্মঘণ্টার পরে: ক্রাইসিস সেন্টার 586-307-9100

অথবা 1-855-927-4747 অথবা 988

অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস 586-469-6528

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-466-4131

কর্মঘণ্টা: সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোমবার-শুক্রবার, অ্যাপয়েন্টমেন্টের ভিত্তিতে।

মনে রাখুন: এই অফিসগুলোতে টেলিফোনে অনুবাদক পরিষেবা আছে তাদের জন্য যারা ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ভালো পারেন। আপনি বধির হলে কিংবা আপনার শুনতে সমস্যা থাকলে, MCCMH অফিসে যোগাযোগ করার জন্য 711-নম্বরে মিশিগান রিলে সেন্টারে কল করুন।

অফিস অফ সিভিল রাইটস

কিছু ক্ষেত্রে, আপনি US ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেসের অফিস অফ সিভিল রাইটসের কাছে সিভিল রাইটস সম্পর্কিত অভিযোগ করতে পারেন। অভিযোগের ফর্ম: <http://www.hhs.gov/ocr/office/file/index.html>-এই ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও আপনি, <https://ocrportal.hhs.gov/ocr/portal/lobby/jsf> ওয়েবসাইটে গিয়ে অফিস ফর সিভিল রাইটসের পোর্টাল ব্যবহার করে ইলেকট্রনিক ভাবে আপনার অভিযোগ দায়ের করতে পারবেন।

অথবা নিচের ঠিকানায় ডাকযোগে কিংবা কল করে অভিযোগ দায়ের করতে পারবেন:

US Department of Health and Human Services

200 Independence Ave., SW

Room 509F, HHH Building

Washington DC 20201

টোল ফ্রি: 1-800-368-1019

দুর্যোগকালীন পরিষেবা

কঠিন সময়ে ম্যাকোস্ব কাউন্টি ক্রাইসিস সেন্টার বিভিন্ন ধরনের পরিষেবা প্রদান করে থাকে। ক্রাইসিস সেন্টারটি ম্যাকোস্ব কাউন্টির যেকোনো বাসিন্দার জন্য দিনে 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন উপলব্ধ। ক্রাইসিস সেন্টারে গোপনীয়তার সাথে এবং বিনামূল্যে পরিষেবা প্রদান করা হয়। ক্রাইসিস সেন্টারের পরিষেবা গ্রহণ করার জন্য আপনার ম্যানেজড কেয়ার অপারেশনস (MCO) ডিপার্টমেন্ট (পূর্বে অ্যাক্সেস সেন্টার নামে পরিচিত)- কল করতে হবে না অথবা MCCMH-এর অন্য কোন পরিষেবা গ্রহণ করতে হবে না। নিম্নের যে কোন বিষয়ে আপনার যদি সহায়তার প্রয়োজন হয় তাহলে MCCMH ক্রাইসিস লাইনে যোগাযোগ করুন:

- আত্মহননকারী চিন্তা অথবা অনুভূতি
- মানসিক স্বাস্থ্য/রোগ জনিত তথ্য
- নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার/আসক্তি/ পুনরায় সুস্থ হওয়ার বিষয়ে তথ্য
- সম্পর্ক জনিত সমস্যা
- দুর্যবহার/সহিংসতা
- আর্থিক সমস্যার কারণে উদ্বেগ/বিষণ্ণতা
- একাকীত্ব
- পারিবারিক সমস্যা
- অন্য কোন দুর্শ্চিন্তার বিষয় যার কারণে আপনি মানসিক চাপে আছেন
- একজন বন্ধু কিংবা আপনজনের সহায়তা করার জন্য

ক্রাইসিস সেন্টারের পরিষেবার মধ্যে অন্তর্ভুক্ত আছে:

দুর্যোগকালীন কাউন্সেলিং: কলকারীকে যেকোনো সমস্যার বিষয়ে সহায়তা করার জন্য প্রশিক্ষিত কাউন্সিলররা উপস্থিত ফোনে এভেইলেবল থাকবেন। কাউন্সিলররা বিভিন্ন কমিউনিটি রিসোর্সে রেফারেল প্রদান করেন, দুর্শ্চিন্তার বিষয়ে শোনেন এবং সমাধান খুঁজে বের করতে সহায়তা করেন।

ম্যাকোম্ব জরুরি প্রতিক্রিয়া গ্রুপ (Macomb Emergency Response Group, MERG): MERG প্রশিক্ষিত দুর্ঘটনাকালীন কর্মীদল অফার করে যারা, মানুষজনকে প্রভাবিত করে কমিউনিটির এমন বিপর্যয়ের ক্ষেত্রে অন-সাইট প্রতিক্রিয়া জানায়। কমিউনিটিতে অনাকাঙ্ক্ষিত আপদের চাপ সৃষ্টির সময় সাথে সাথে প্রতিক্রিয়া জানানোর মাধ্যমে MERG কর্মক্ষেত্র, স্কুল অথবা কমিউনিটি সেটিং-এ ভারসাম্য নিয়ে আসে।

আত্মহত্যা থেকে সার্ভাইভ করেছেন এমন ব্যক্তি (Survivors of Suicide, SOS): পেশাদার সহায়তাপ্রদানকারীরা আত্মহত্যায় মারা যাওয়া ব্যক্তির পরিবার এবং বন্ধুদের জন্য একটি পিয়ার সাপোর্ট গ্রুপের নেতৃত্ব দিয়ে থাকেন। তথ্য এবং রিসোর্স প্রদান করার মাধ্যমে এবং এর পাশাপাশি একটি নন-জাজমেন্টাল, গোপন ব্যবস্থায় সদস্যদের অনুভূতি প্রকাশ করার সুযোগ দেওয়ার মাধ্যমে SOS নিরাময়ের সেই প্রক্রিয়াকে ত্বরান্বিত করে। KNOW RESOLVE বর্তমানে SOS পরিচালনা করছে। যুক্ত হওয়ার জন্য ক্রাইসিস সেন্টারে কল করুন।

ক্রাইসিস সেন্টার **টোল ফ্রি: 1-855-927-4747**
স্থানীয়: 586-307-9100
অথবা 988

শিশুদের মোবাইল ক্রাইসিস

শিশুদের জন্য মোবাইল ক্রাইসিস স্ট্যাবিলাইজেশন প্রোগ্রাম, দুর্ঘটনে পতিত সকল শিশু এবং পরিবারকে বাসায় অথবা কমিউনিটি-ভিত্তিক দুর্ঘটন মোকাবিলায় সহায়তা করে। এই পরিষেবার উদ্দেশ্য হচ্ছে যতদ্রুত সম্ভব দুর্ঘটনের অবস্থা দূর করা, হাসপাতালে ভর্তির প্রয়োজন কমানো কিংবা ভর্তি ব্যতীত সমস্যা সমাধানের জন্য সম্ভাব্য সব কিছু করা।

একজন থেরাপিস্ট, প্যারেন্ট সাপোর্ট পার্টনার, এবং সহায়তা করতে পারেন এমন দলের অন্যান্য সদস্য সহ, মোবাইল ক্রাইসিস টিম, যেকোনো ধরনের জীবনের লুমকি দেয় না কিন্তু মানসিক অথবা আচরণগত দিক দিয়ে শিশুর জীবনে বাধা প্রদান করছে এমন বিষয়ের প্রতি প্রতিক্রিয়া জানাবে। দলটি দুর্ঘটন ব্যবস্থাপনায়, রিসোর্স প্রদানে এবং ফলো-আপ অ্যাপয়েন্টমেন্টের জন্য সময় নির্ধারণে পরিবারকে সহায়তা করবে।

যে যে অবস্থায় আপনি মোবাইল ক্রাইসিস টিম থেকে সহায়তার জন্য অনুরোধ করতে পারবেন:

- আপনার সন্তান একটি ক্রাইসিসের মধ্যে দিয়ে যাচ্ছে এবং অবস্থা নিয়ন্ত্রণে আনার জন্য সহায়তা প্রয়োজন।
- আপনার সন্তান এমন ধরনের লক্ষণ কিংবা আচরণ দেখাচ্ছে যার ফলে ভবিষ্যতে তারা নিজেদের অথবা অন্য কাউকে, ইচ্ছাকৃত কিংবা অনিচ্ছাকৃতভাবে ক্ষতি করতে পারে।
- আপনার সন্তান সাধারণ আচরণের থেকে ভিন্ন ঝুঁকিপূর্ণ আচরণ করছে এবং/অথবা এমন মানসিক লক্ষণ দেখাচ্ছে।
- হাসপাতালে না গিয়ে সমস্যা সমাধানের জন্য আপনার সন্তানের অবিলম্বে সহায়তা প্রয়োজন।
- আপনার সন্তান ম্যাকোস্ব কাউন্টির বাসিন্দা এবং Medicaid আওতাভুক্ত।

শিশুদের জন্য মোবাইল ক্রাইসিস টিমকে কল করা

ক্রাইসিস সেন্টার টোল ফ্রি: 1-855-927-4747
স্থানীয়: 586-307-9100
অথবা 988

ক্রাইসিস সেন্টারে দিনে 24 ঘণ্টা, সপ্তাহে 7 দিন এবং বছরে 365 দিন ফোনে যোগাযোগ করা সম্ভব।

আচরণগত স্বাস্থ্যের জরুরি অবস্থা

“আচরণগত স্বাস্থ্যের জরুরি অবস্থা” বলতে সেই সময়কে বোঝায় যখন একজন ব্যক্তি এমন লক্ষণ দেখাচ্ছেন কিংবা আচরণ করছেন যাতে করে যুক্তিসঙ্গতভাবে বুঝতে পারা যায় যে ভবিষ্যতে সে নিজেকে অথবা অন্যদেরকে ক্ষতি করতে পারে; অথবা তার প্রাথমিক চাহিদা পূরণ না হওয়ার কারণে তিনি ঝুঁকির আশঙ্কায় আছেন; অথবা ব্যক্তির চিন্তাভাবনা এতোটাই প্রতিবন্ধকতার সম্মুখীন যে তিনি চিকিৎসার প্রয়োজনীয়তা এবং তাদের অবস্থার কারণে যে তারা নিজেকে অথবা তাদের আশেপাশের ব্যক্তিদেরকে ভবিষ্যতে ক্ষতি করতে পারেন তা তারা বুঝতে পারছেন না। আপনার দিনে 24 ঘণ্টা, সপ্তাহে সাত দিন, পূর্বে থেকে পরিচর্যার বিষয়ে কোনো ধরনের অর্থ প্রদানের অনুমোদন ছাড়াই যে কোনো সময় জরুরি পরিষেবা গ্রহণ করার অধিকার আছে।

আপনি আচরণগত স্বাস্থ্যের জরুরি অবস্থার সম্মুখীন হলে আপনার সাথে সাথেই সাহায্য নেওয়া উচিত। দিন অথবা রাতের যেকোনো সময় আপনি MCCMH ক্রাইসিস সেন্টারে 1-855-927-4747 অথবা 586-307-9100 অথবা 988 নম্বরে কল করতে পারেন কিংবা 911 নম্বরে কল করতে পারেন। এছাড়াও আপনি সবথেকে কাছের হাসপাতালের জরুরি ডিপার্টমেন্টে যেতে পারেন (স্থানীয় হাসপাতাল এবং মানসিক পরিচর্যা ইউনিটের একটি তালিকার জন্য পৃষ্ঠা 16 দেখুন)।

অনুগ্রহ করে নোট করুন: আপনি হাসপাতালের ইমার্জেন্সি রুম ব্যবহার করলে হাসপাতালের চিকিৎসা প্রক্রিয়ার অধীনে আপনি স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা পেতে পারেন। এই পরিষেবা গ্রহণের কারণে আপনি একটি বিল পেতে পারেন। আপনার ইনস্যুরেন্সের অবস্থার উপর নির্ভর করে আপনাকে এই বিল পরিশোধ করতে হতে পারে। এই পরিষেবাগুলো, আপনি MCCMH থেকে জরুরি অবস্থায় যেসকল পরিষেবা পান তার থেকে ভিন্ন হতে পারে। আপনি গ্রাহক পরিষেবা থেকে এই ধরনের বিলের সম্পর্কে প্রশ্নের উত্তর পেতে পারেন।

পোস্ট স্ট্যাবিলাইজেশন পরিষেবাসমূহ: জরুরি আচরণগত স্বাস্থ্য পরিচর্যা পাওয়ার পরে আপনার অবস্থা নিয়ন্ত্রণে আসলে, আপনার অবস্থা স্থিতিশীল এবং ভালো করার জন্য আপনি আচরণগত স্বাস্থ্য পরিষেবা পেতে পারেন। জরুরি অবস্থায় আবাসন, কেস ম্যানেজমেন্ট, আউটপেশেন্ট থেরাপি, এবং/ অথবা মেডিকেশন পর্যালোচনা পোস্ট স্ট্যাবিলাইজেশনের উদাহরণ। আপনার জরুরি-মাত্রার পরিচর্যা প্রদান সম্পন্ন হওয়ার আগে, MCCMH আপনার জন্য পোস্ট-স্ট্যাবিলাইজেশন পরিষেবা সমন্বয় করার ক্ষেত্রে আপনাকে সহায়তা করবে।

জরুরি পরিষেবার অনুমোদন

যদি আপনি অথবা আপনার কোন আপনজন আচরণগত স্বাস্থ্যের জরুরি অবস্থায় থেকে থাকেন, আপনার উচিত হবে তৎক্ষণাত্ সহায়তা চাওয়া। **জরুরি অবস্থায়, পরিচর্যার জন্য পেমেন্টের অনুমোদন পাওয়ার উদ্দেশ্যে আপনাকে ম্যানেজড কেয়ার অপারেশন (Managed Care Operations, MCO) ডিপার্টমেন্টে (পূর্বে অ্যাক্সেস সেন্টার নামে পরিচিত) কল করতে হবে না;** হাসপাতালের কর্মীরা আপনার জন্য সেটি করে দিবেন।

আচরণগত স্বাস্থ্যের গুরুতর অবস্থায় করণীয় কি

আপনি বা আপনার আশেপাশের অন্য কেউ যদি আচরণগত স্বাস্থ্যের গুরুতর অবস্থার মুখোমুখি হন তাহলে দেরি না করে এখনি সাহায্য নিন। আপনি যদি আচরণগত স্বাস্থ্যের গুরুতর অবস্থার মুখোমুখি হন তাহলে **নিকটস্থ হাসপাতালের সাইক্রিয়াটিক কেয়ার ইউনিটে** যোগাযোগ করুন। এই হাসপাতালগুলো MCMH এর সাথে যুক্ত হয়ে মানসিক জরুরি সেবা প্রদান করে, কিন্তু জরুরি কোন অবস্থায়, আপনি যেকোনো হাসপাতালে যেতে পারেন। (নোট: A = প্রাপ্তবয়স্ক, C = শিশু)

Ascension Crittenton Hospital	(248) 652-5000
1101 W. University Drive, Rochester 48307	
Ascension St. John Providence Hospital (A)	(248) 849-3000
16001 W. Nine Mile Rd., Southfield 48075	
BCA — StoneCrest Center (A, C)	(313) 245-0649
15000 Gratiot Ave., Detroit 48205	

Behavioral Center of মিশিগান (A, C) 4050 Twelve Mile Rd., Warren 48092	(586) 261-2266
Harbor Oaks Hospital (A, C) 35031 Twenty-Three Mile New Baltimore 48047	(586) 725-5777
Havenwyck Hospital (A, C) 1525 University, Auburn Hills 48326	(248) 373-9200
Henry Ford Kingswood Hospital (A, C) 10300 W. Eight Mile, Ferndale 48220	(248) 398-3200
Henry Ford Macomb Hospital, Mt. Clemens (A) 215 North Ave., Mt. Clemens 48043	(586) 466-9300
Henry Ford Medical Center 159 Kercheval Ave., Grosse Pointe Farms 48236	(313) 640-1000
St. John Hospital, Macomb Center (A) 11800 E. Twelve Mile, Warren 48093	(586) 573-5244
St. John Macomb - Oakland Hospital, Oakland Center (A) 27351 Dequindre, Madison Hts. 48071	(248) 967-7660
St. John Medical Center— Moross (A) 22101 Moross, Detroit 48236	(313) 343-7000

হাসপাতালে কি হয়

আপনি যখন আচরণগত স্বাস্থ্যের একটা গুরুতর পর্যায়ে হাসপাতালে যাবেন, তখন হাসপাতালের ডাক্তার ও অন্যান্য কর্মীরা আপনার এবং আপনার চারপাশের অন্যদের সাথে, আপনি কেমন বোধ করছেন, কি দেখছেন অথবা আপনার কি কি পরিস্থিতি হচ্ছে এসব নিয়ে কথা বলবে। আপনার সাথে কি কি ঘটছে সেটা বোঝার জন্য তারা হয়তো আপনাকে প্রশ্ন করতে পারে বা পরীক্ষা-নিরীক্ষা করতে পারে। এটাকে বলা হয় **মনস্তাত্ত্বিক মূল্যায়ন**। এসময় হাসপাতাল থেকে আপনার জন্য সর্বোচ্চ সহযোগিতা পাওয়ার জন্য আপনার যতটা সম্ভব সং থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যদি আপনি বা হাসপাতাল কর্মীরা মনে করেন যে আপনার জন্য হাসপাতালে থাকা প্রয়োজন, তাহলে আপনি আপনার লক্ষণগুলো ভালো হওয়া পর্যন্ত ওখানে অবস্থান

করুন। আপনাকে সাধারণত কয়েকদিন বা তারও বেশি অবস্থান করতে হতে পারে। আপনি সুস্থ বোধ করার জন্য সেখানে ওষুধ এবং চিকিৎসা পাবেন। আপনি যখন হাসপাতাল থেকে ছাড়া পাবেন, তখন আপনার সাথে একটা **ডিসচার্জের পরিকল্পনা** দেওয়া হবে যাতে আপনার চারপাশের পরিবেশ থেকে আপনার ভালো থাকার জন্য কি কি সহযোগিতা প্রয়োজন সে বিষয়ে উল্লেখ থাকবে।

হাসপাতালের বিকল্প ও চিকিৎসা পরবর্তী পরিচর্যা

অনেক সময়, হাসপাতালে থাকার পরিবর্তে অন্যান্য মাধ্যমেও আচরণগত স্বাস্থ্যের জরুরি অবস্থা চিকিৎসা করা যেতে পারে। MCCMH হাসপাতালের বিকল্প পদ্ধতি ব্যবহারের জন্য উৎসাহিত করে, কারণ অনেকেই এইসব সেবার মাধ্যমে তাড়াতাড়ি সুস্থতা লাভ করে। আমরা আপনার এবং আপনার পরিস্থিতির জন্য কোনটা সবচেয়ে উত্তম সেই সিদ্ধান্ত নিতে আপনার সাথে একত্রে কাজ করব। আপনি যদি হাসপাতালের বিকল্প সেবা নিতে চান তাহলে সেটা আমাদের কাছে আপনার বলার সুযোগ আছে। যেমন:

সঙ্কটকালীন আবাসিক পরিষেবা (Crisis Residential Services): সঙ্কটকালীন আবাসিক পরিষেবা আপনাকে 30 দিন পর্যন্ত কমিউনিটির ভেতরে একটি সুগঠিত, বাড়ির মতো পরিবেশে চিকিৎসা, মানসিক ও অন্যান্য সেবাসমূহ প্রদান করে। একটি সঙ্কটকালীন আবাসিক পরিষেবা গ্রহণ করার পর আপনি স্বাভাবিকভাবেই অনবরত আপনার সুস্থতার জন্য হাসপাতাল বহির্ভূত বা কমিউনিটি-ভিত্তিক সেবাগুলো পেতে শুরু করবেন।

নিবিড় সঙ্কটকালীন স্থিতিশীলতা (Intensive Crisis Stabilization): হাসপাতালে থাকার পরিবর্তে, আচরণগত স্বাস্থ্যের একটি বিশেষজ্ঞ দল আপনার সাথে আপনার ঘরে বা অন্য কোন জায়গায় কাজ করে। যতক্ষণ না আপনার লক্ষণগুলো স্থিতিশীল হতে শুরু করবে আপনি প্রতিদিন এই দলটিকে আপনার পাশে পাবেন। আপনি কিছুটা ভালো বোধ করার পর, আপনি আরও সুস্থতার জন্য হাসপাতাল বহির্ভূত বা কমিউনিটি-ভিত্তিক সেবাগুলো পেতে শুরু করবেন। আপনি অবশ্যই কাউকে না কাউকে আপনার পাশে পাবেন যখন আপনি নিবিড় সঙ্কটকালীন স্থিতিশীলতা/ইন্টেন্সিভ ক্রাইসিস স্টেবিলাইজেশন সেবাটি গ্রহণ করবেন।

আংশিক হাসপাতাল সেবাসমূহ (Partial Hospital Services): আংশিক হাসপাতাল সেবাসমূহকে অনেকসময় বলা হয় "দৈনিক হাসপাতাল" সেবা। এই সেবাগুলো, যেমন:

পরামর্শ, চিকিৎসা এবং বিভিন্ন ধরনের থেরাপি, হাসপাতালের অভ্যন্তরে একজন ডাক্তারের তত্ত্বাবধানে প্রদান করা হয়ে থাকে। আংশিক হাসপাতাল সেবাসমূহ দিনের বেলায় দেওয়া হয়- আপনি রাতে বাসায় চলে যেতে পারবেন।

কোন কোন পরিস্থিতি আচরণগত স্বাস্থ্যের সঙ্কট অবস্থা নয়?

যদিও কিছু পরিস্থিতি গুরুতর হয় তবুও সেগুলো কিন্তু আচরণগত স্বাস্থ্যের সঙ্কট অবস্থা নয়। **এইসব পরিস্থিতির জন্য আলাদা চিকিৎসা বা প্রতিক্রিয়া দরকার।** কিছু কিছু জিনিস থেকে মনে হতে পারে যে ওগুলো হয়তো আচরণগত স্বাস্থ্যের জরুরি অবস্থা আসলে কিন্তু সেগুলো ওরকম নয়। এর মধ্যে আছে:

- ডিমেনশিয়া
- গৃহহীনতা
- খিঁচুনি
- ইচ্ছাকৃত সহিংসতা
- মাদকাসক্ততা

অন্যান্য ধরনের জরুরি অবস্থা

আপনার যদি কোনো জরুরি পরিস্থিতির সম্মুখীন হন, কিন্তু আপনি চান না বা আপনার হাসপাতালে যাওয়ার যদি কোন প্রয়োজন না থাকে তাহলে সহায়তা পাওয়ার জন্য আরও অনেক মানুষ এবং জায়গা রয়েছে।

যদি আপনার পুলিশ, অগ্নিনির্বাপণ বা অ্যাম্বুলেন্স এর দরকার হয়, তাহলে 911 নম্বরে কল করুন।

আপনি যে সমস্যায় ভুগছেন তা নিয়ে যদি কোন প্রশিক্ষণপ্রাপ্ত ক্রাইসিস পরামর্শকের সাথে কথা বলতে চান, অথবা যদি নিশ্চিত না হতে পারেন কোথায় সাহায্যের জন্য যেতে হবে, তাহলে ম্যাকম্ব কাউন্টি CMH ক্রাইসিস সেন্টার যোগাযোগ করুন। ক্রাইসিস সেন্টার সবসময় (24/7/365) খোলা থাকে। সবধরনের কল গোপন থাকবে এবং আপনাকে ক্রাইসিস সেন্টারের পরিষেবা গ্রহণ করার জন্য কোন অর্থ প্রদান করতে হবে না।

যদি আপনি একজন ক্রাইসিস পরামর্শকের সাথে কথা বলতে চান, তাহলে **586-307-9100, 1-855-927-4747** অথবা **988** নম্বরে কল করুন।

আপনি ক্রাইসিস সেন্টারে দিনে-রাতে যেকোনো সময় কল করতে পারেন।
এছাড়াও আপনি ক্রাইসিস সেন্টার কালেক্ট-এও ফোন করতে পারেন।

যদি আপনি ম্যাকস্ব কাউন্টির অন্যান্য কমিউনিটি রিসোর্সেস সার্ভিং বা এর আশেপাশের এলাকার তথ্য চান তাহলে **2-1-1** নম্বরে **ইউনাইটেড ওয়ে অফ সাউথ মিশিগান-এ** কল করুন।

211 হচ্ছে একটি আঞ্চলিক তথ্য ও সুপারিশ কেন্দ্র, যা 24/7/365 খোলা থাকে।

সেবা'র অনুমোদন

আপনার অনুরোধকৃত সেবাসমূহ অবশ্যই MCCMH দ্বারা অনুমোদিত এবং পর্যবেক্ষিত হতে হবে। MCCMH-এর প্রবেশ সেন্টারটি হচ্ছে ম্যানেজড কেয়ার অপারেশনস (Managed Care Operations, MCO)। তারা আপনার অনুরোধের পুরোটা বা কিছু অংশের অনুমোদন করতে পারে, আবার সবই বাতিল করে দিতে পারে। ব্যক্তি-পরিকল্পনা পরিষেবা কেন্দ্রে আপনার অনুরোধটি জানানোর পর, **14 দিনের** মধ্যে আপনি একটি নোটিশ পাবেন, অথবা যদি আপনার অনুরোধটির দ্রুত সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজন হয় তাহলে 72 ঘণ্টার মধ্যেই পেয়ে যাবেন, যদি অনুরোধে দ্রুত সিদ্ধান্তের দরকার হয়।

আপনার অনুরোধকৃত সেবা, পরিমাণ, সুযোগ বা সেবা'র সময়সীমা যদি কোনো সিদ্ধান্তের কারণে নাকচ হয়ে যায় তাহলে সেটা কোন পেশাদার স্বাস্থ্য পরিচর্যাকারীর দ্বারাই গৃহীত হয়ে থাকবে যার আপনার অবস্থার বিষয়ে চিকিৎসাসাশাস্ত্রে উপযুক্ত দক্ষতা রয়েছে। অনুমোদনগুলো চিকিৎসার প্রয়োজন অনুসারেই করা হয়। কোন সিদ্ধান্তের ব্যাপারে যদি আপনি সম্মত না থাকেন যা সেবা হ্রাস করে, স্থগিত করে বা শেষ করে দেয় তাহলে আপনি আপিল বা আবেদন করতে পারবেন।

আপনি যদি ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ থেকে অ-জরুরি আচরণগত স্বাস্থ্য, বুদ্ধিবৃত্তির অক্ষমতা, শারীরিক অক্ষমতা সংক্রান্ত সেবা নিতে আগ্রহী হন তাহলে গ্রাহক পরিষেবায় কল করুন এবং তারা আপনাকে MCO এর সাথে সংযোগ করিয়ে দেবে। **MCO এর সাথে আপনার কথোপকথন গোপন থাকবে।**

MCCMH এর সকল ধরনের পরিষেবার অনুমোদন এবং পর্যালোচনার জন্য MCO ই হচ্ছে দায়িত্বপ্রাপ্ত। MCO একটি টেলিফোন স্ক্রিনিং সেবা প্রদান করে যা আপনি সেবাসমূহ নেয়ার জন্য যোগ্যতাসম্পন্ন কিনা সে বিষয়ে আপনি এবং MCCMH উভয় পক্ষকে সিদ্ধান্ত নিতে সহযোগিতা করে। যদি তাই হয়,

তাহলে তারা আপনার জন্য উপযুক্ত ক্লিনিক অথবা চুক্তিবদ্ধ এজেন্সির সাথে যোগাযোগ করিয়ে দেবে। যদি আপনি যোগাযোগ করেন এবং MCO নির্ধারণ করে যে MCCMH আপনাকে সহযোগিতা করতে পারবে, তাহলে আপনি 14 দিনের মধ্যে আমাদের কোন একটি ঠিকানায় যাওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী পাবেন।

আপনাকে অবশ্যই বুঝতে হবে যে অনেক সময় আপনি যা চাচ্ছেন, হুবহু, সেই একই রকম সেবা আমরা দিতে সক্ষম নাও হতে পারি। এর কারণ হচ্ছে চিকিৎসা সামগ্রী এবং খরচের উৎসের কিছু নিয়মকানুন আছে। যেমন, **চিকিৎসার প্রয়োজন**, যা নির্ধারণ করে কার জন্য এই সেবা আসলেই দরকার এবং কিভাবে, কতখানি এবং কত সময় ধরে তাকে সেবাটি প্রদান করা দরকার। (এটাকে বলা হয় সেবার "**পরিমাণ, সুযোগ এবং সময়সীমা**")। উদাহরণস্বরূপ, যদি আপনার বীমা করা থাকে, তাহলে আপনাকে MCCMH এর কাছ থেকে সেবা নেওয়ার আগে বিমাকারী প্রতিষ্ঠানের কাছ থেকে সেবা নেওয়ার নির্দেশনা দেওয়া হবে।

আপনার পরিস্থিতি অনুযায়ী আপনার পরিচর্যার জন্য সমস্ত সিদ্ধান্ত পেশাদার স্বাস্থ্য বিশেষজ্ঞ দ্বারা গৃহীত হয়, যারা এই বিষয়ে বিশেষভাবে দক্ষ। যদি আমরা আপনার কোন অনুরোধ নাকচ করি তাহলে আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে আপনাকে অবশ্যই আমরা লিখিতভাবে নাকচ করার কারণ জানাবো। আপনি যদি আমাদের সিদ্ধান্তের সাথে একমত না হন, আপনার আবেদন করার এবং দ্বিতীয় কোনো পক্ষের মতামত জানার সুনির্দিষ্ট অধিকার আছে। (এসব অধিকার সম্পর্কে বিস্তারিত জানার জন্য 50-56 পৃষ্ঠা দেখুন।)

MCO তে কল/যোগাযোগ করা

গ্রাহক পরিষেবা আপনাকে MCO এর সাথে সংযুক্ত করিয়ে দেবে

টোল ফ্রি: 1-855-99-MCCMH(1-855-996-2264)

ফ্যাক্স: 586-948-0223

গ্রাহকসেবা বিভাগের কাজের সময়: সকাল 8:00টা – রাত 8:00টা সোমবার – শুক্রবার
(কাউন্টির সমস্ত ছুটির দিনে বন্ধ থাকে)

কর্মঘণ্টার বাইরে যোগাযোগের জন্য: ক্রাইসিস সেন্টার 86-307-9100 অথবা
1-855-927-4747 অথবা 988

মনে রাখবেন: ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষাভাষীদের জন্য এই অফিসগুলোতে টেলিফোন দোভাষী দ্বারা কথা বলার ব্যবস্থা করা হয়েছে। তাই আপনি যদি কানে না শোনেন বা কম শোনেন তাহলে আপনি MCCMH এর যেকোনো শাখায় যোগাযোগ করতে মিশিগান রিলে সেন্টারে 711 নম্বরে কল করুন।

সরাসরি যোগাযোগ

আমরা এখন আপনার মানসিক স্বাস্থ্য, চিকিৎসা এবং শারীরিক স্বাস্থ্যসেবা দিতে সরাসরি সহযোগিতা করতে পারছি-সবকিছু পাবেন একই জায়গায়, শুধুমাত্র বীমা ছাড়া। প্রতি সোমবার সকাল 8:30মি থেকে শুক্রবার বিকেল 3টা পর্যন্ত সরাসরি যোগাযোগের জন্য আমাদের নিম্নোক্ত ঠিকানাগুলো সকলের জন্য উন্মুক্ত:

MCCMH North
43740 North Groesbeck Hwy.
Clinton Township, MI 48036

MCCMH East 25401
Harper Ave.
St. Clair Shores, MI 48081

MCCMH নর্থ ও সরাসরি যোগাযোগের জন্য প্রতি বুধবার বিকাল 5টা পর্যন্ত খোলা থাকে।

ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা

আপনার জন্য ব্যক্তিকেন্দ্রিক আচরণগত স্বাস্থ্যের সহায়তা, সেবা অথবা চিকিৎসা প্রদানের জন্য যে পদ্ধতি ব্যবহৃত হয় তাকে বলা হয় “**ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা (Person-Centered Planning, PCP)**”। PCP হলো মিশিগান মেন্টাল হেলথ কোড দ্বারা সুরক্ষিত আপনার অধিকার।

কার্যক্রমটি তখন থেকে শুরু হয় যখন আপনি সুনির্দিষ্ট করবেন যে ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা মিটিং এ কাকে আপনি আপনার পাশে উপযুক্ত মনে করছেন। যেমন ধরুন, পরিবারের একজন সদস্য বা বন্ধু এবং MCCMH-এর কেমন ধরনের কর্মী অথবা এই চুক্তির কোন ব্যক্তিকে আপনি এই সভায় উপস্থিত রাখতে চান। আপনি এটাও নির্ধারণ করবেন যে কোথায় এবং কখন ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা সভাটি অনুষ্ঠিত হবে। সবশেষে, আপনিই সিদ্ধান্ত নিবেন যে সভায় উপস্থিত ব্যক্তিদের বোঝার সুবিধার্থে আপনার কি ধরনের সহযোগিতা প্রয়োজন।

PCP চলাকালে আপনাকে আপনার প্রত্যাশা এবং স্বপ্নের বিষয়ে জিজ্ঞাসা করা হবে এবং আপনার লক্ষ্য অথবা আপনি যে ফলাফল অর্জন করতে চান সেটা অর্জনের ক্ষেত্রে আপনাকে সহযোগিতা করা হবে। সভায় উপস্থিত ব্যক্তির আপনাকে সিদ্ধান্ত নিতে সহযোগিতা করবে যে কি ধরনের সহায়তা, সেবা অথবা চিকিৎসা আপনার দরকার, এই সেবা'র জন্য আপনি কাকে মনোনীত করতে চান, আপনার কি পরিমাণে এই সেবাটি দরকার, এবং কোথায় সেটি করা হবে। সরকারি এবং রাষ্ট্রীয় আইন অনুযায়ী আপনার সেবা প্রদানকারী পছন্দ করার পূর্ণ অধিকার আছে।

আপনি পরিষেবাগুলি পাওয়া শুরুর পর, আপনি আপনার পাওয়া সহায়তা, পরিষেবা, বা চিকিৎসার ব্যাপারে কেমন বোধ করছেন এবং কোনো পরিবর্তনের প্রয়োজন আছে কিনা তা নিয়ে আপনার কাছে সময়ে-সময়ে

জানতে চাওয়া হবে। আপনি যদি আপনার পরিষেবা পরিকল্পনা বদলের ব্যাপারে কথা বলতে চান, তাহলে যে কোনো সময় নতুন করে একটি PCP বৈঠক ডাকার অধিকার আপনার রয়েছে।

PCP পদ্ধতির "স্বাধীন সুবিধা" পাওয়ার অধিকার আপনার রয়েছে। এর মানে হলো যে আপনি MCCMH অথবা তাদের চুক্তিবদ্ধ সেবা প্রদানকারী ছাড়া অন্য কাউকে সভাটি পরিচালনা করতে অনুরোধ করতে পারবেন। আপনার স্বাধীন সাহায্যকারীর সহযোগিতা নেওয়ার অধিকার আছে।

18 বছরের কম বয়সী বিকাশজনিত অক্ষম অথবা গুরুতর আবেগজনিত ব্যাঘাতগ্রস্ত বাচ্চাদেরও ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা গ্রহণের অধিকার রয়েছে। তবে, ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা পদ্ধতিকে অবশ্যই পরিবারের গুরুত্ব এবং সহায়তা ও সেবাসমূহের পরিবারের উপর ফেলা প্রভাব উপলব্ধি করতে হবে। বাচ্চাদের পিতা-মাতা অথবা অভিভাবকরা পূর্ব-পরিকল্পনার সাথে যুক্ত থাকবেন এবং ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা "পরিবার ভিত্তিক চর্চা" পদ্ধতি ব্যবহার করে তাদের বাচ্চাদের সমর্থন, সেবা এবং চিকিৎসা দেওয়ার জন্য।

ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা (Person-Centered Planning, PCP)এর অন্তর্ভুক্ত বিষয়গুলো

PCP চলাকালে আপনার সাথে সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ, সংকট মোকাবেলার পরিকল্পনা এবং স্বীয়-সঙ্কল্পের বিষয়ে কথা বলা হবে (নিচের বর্ণনাগুলো দেখুন)। আপনার এগুলোর যেকোনোটি বিকাশ করা বা কোনটাই না করার সম্পূর্ণ অধিকার রয়েছে।

সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ

মিশিগানের অন্তর্ভুক্ত আইনে একজন প্রাপ্তবয়স্কের "সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ" পাওয়ার অধিকার রয়েছে। একটি সংকটকালে যখন আপনি কোন সিদ্ধান্ত নিতে পারছেন না যে কি ধরনের চিকিৎসা আপনি চান বা কোনটি চাচ্ছেন না সেই সময় "সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ" হচ্ছে সিদ্ধান্ত গ্রহণের একটি হাতিয়ার। এটি আপনার পরিবার, বন্ধু,

সেবাদাতা ও অন্যদেরকে আপনি কি চান তা জানতে সাহায্য করে যখন আপনি নিজের জন্য কিছু বলতে পারেন না।

যদি আপনি MCCMH-এর "সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ" থেকে প্রাপ্ত তথ্যের উপর ভরসা না করতে পারেন, তাহলে অনুগ্রহ করে অভিযোগ দায়ের করতে 1-855-99-MCCMH (1-855-996-2264) এই নম্বরে গ্রাহক পরিষেবায় যোগাযোগ করুন।

সংকট পরিকল্পনা

আপনার একটি "সংকট পরিকল্পনা" তৈরিও অধিকার আছে। "সংকট পরিকল্পনা"র উদ্দেশ্য হচ্ছে আপনাকে সরাসরি তদারক করা, আপনি যদি নিজের জীবন ব্যবস্থাপনা নিয়ে সমস্যায় ভোগেন অথবা নিজের যত্ন নিতে অপারগ হন। সংকটকালে আপনি কি করতে পছন্দ করবেন সেই সম্পর্কে "সংকট পরিকল্পনা" অন্যদের তথ্য এবং নির্দেশনা দিবে। উদাহরণগুলো হলো, বন্ধু এবং আত্মীয়দের কল করা হবে, পছন্দনীয় ওষুধ অথবা সন্তান, পোষা প্রাণী, বিলগুলোর খোঁজ রাখা।

আত্মসংকল্প

মিশিগানের আচরণগত স্বাস্থ্য সেবার আপনি যদি একজন প্রাপ্তবয়স্ক সুবিধাভোগী হয়ে থাকেন তাহলে **আত্মসংকল্প** হচ্ছে প্রয়োজনীয় চিকিৎসা সেবার অর্থ প্রদানের একটি উপায় যা আপনি অনুরোধ করতে পারেন। এটি একটি পদ্ধতি যা আপনাকে নিজের জীবন নিয়ন্ত্রণ ও সাজাতে সাহায্য করবে একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্দেশনার মাধ্যমে যেটি খরচ হবে আপনার অনুমোদিত সমর্থন এবং সেবায়, যাকে প্রায়ই বলা হয়ে থাকে "ব্যক্তিগত বাজেট"। আপনার সেবাদাতার ক্ষেত্রেও আপনাকে সমর্থন করা হবে, যদি আপনি এধরনের নিয়ন্ত্রণ চান।

সেবার বিষয়ে সাংস্কৃতিক, ধর্মীয় এবং ব্যক্তিগত পছন্দ

আপনার যদি সেবা নিয়ে সাংস্কৃতিক, ধর্মীয় এবং ব্যক্তিগত পছন্দ অথবা কারা এটি প্রদান করছে এ নিয়ে পছন্দ-অপছন্দ থেকে থাকে তাহলে ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা চলাকালীন আমাদেরকে আপনার পছন্দ সম্পর্কে জানান। সেবা-পরিকল্পনার মধ্যে আপনার এ বিষয়টি নিয়ে আমরা আপনাকে সহযোগিতা করব।

তাদের লাইসেন্সকৃত বা অনুমোদিত প্র্যাকটিস অথবা সেবার মধ্যে, MCCMH সেবা প্রদানকারীদের কাছ থেকে আশা করা হয় যে তারা আপনার পরিকল্পনার সবকিছুতেই একটা অনুমোদিত সেবা প্রদান করবে। আইনি অনুমতি ছাড়া, সেবা প্রদানকারী তাদের নিজস্ব ধর্ম, সংস্কৃতি অথবা অন্য কোন বিশ্বাসের উপর ভিত্তি করে আপনার অনুমোদিত সেবা প্রত্যাখ্যান করতে পারবেন। যদি কোন সেবা প্রদানকারী তাদের নিজস্ব ধর্ম, সংস্কৃতি অথবা অন্য কোন বিশ্বাসের উপর ভিত্তি করে আপনার অনুমোদিত সেবা প্রত্যাখ্যান করে, তাহলে আমাদের অবহিত করুন গ্রাহক পরিষেবায় ফোন করে অথবা প্রাপকের অধিকার কার্যালয়ে জানান। যদি এরকম ঘটে তাহলে আপনি চাইলে সেবা প্রদানকারী পরিবর্তন করতে পারবেন।

ক্লিনিক্যাল প্র্যাকটিসের নির্দেশনা

মাকোশ্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ প্রমাণ, সম্পর্কিত ক্ষেত্রে প্রমাণিত পত্রাদি, আমাদের পার্টনারদের সাথে সম্মিলিত হয়ে কাজ করা, আমাদের সিস্টেমের অধীনের প্রয়োজনীয়তা এবং সাবস্টেন্স অ্যাবিউজ অ্যান্ড মেন্টাল হেলথ সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (SAMHSA)-এর তালিকায় উল্লেখিত সর্বোত্তম-অনুশীলনের ব্যবহার করার ভিত্তিতে একজন ব্যক্তির চিকিৎসা প্রদান করে থাকে।

নিম্নোক্ত রোগসমূহের ক্ষেত্রে MCCMH ক্লিনিক্যাল প্র্যাকটিসের নির্দেশনা রপ্ত করে নিয়েছে:

- পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিসঅর্ডার
- ADHD কন্সাইন্ড
- ADHD এবং ডিজরাপটিভ বিহেভিয়ার ডিসঅর্ডার
- বাইপোলার ডিসঅর্ডার
- মেজর ডিপ্রেসিভ ডিসঅর্ডার
- স্কিৎজোফ্রেনিয়া

পরিচর্যার মানদণ্ড নির্ধারণ করার জন্য সময়ের সাথে সাথে কিংবা প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত নির্দেশনা যোগ করা হতে পারে।

MCCMH-এর ওয়েবসাইটে এই নির্দেশনাগুলোর রেফারেন্স পাওয়া যাবে (www.mccmh.net > প্রদানকারী, ক্লিনিক্যাল প্র্যাকটিস)

ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনায় (Person-Centered Planning, PCP)

-তে আপনার অংশগ্রহণ

ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা ব্যবহার করে আপনার পরিষেবার বিকাশ করার ক্ষেত্রে আপনার অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার অংশগ্রহণ করাকে উৎসাহিত এবং সহায়তা করতে, আপনাকে যেসকল সুবিধা প্রদান করা হয়:

- **মিটিং এর জন্য সাহায্যকারী বেছে নিন।** সাহায্যকারীর কাজ হচ্ছে মিটিংটি সুন্দরভাবে পরিচালিত হচ্ছে কিনা এবং উপস্থিত সকলে ভালোভাবে শুনতে পাচ্ছে কিনা তা নিশ্চিত করা। সাহায্যকারী মিটিং এর নোট ও নিতে পারেন আবার এই দায়িত্ব অন্য কাউকেও দিতে পারেন।
- **অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির জন্য পরিকল্পনা করুন।** আপনার ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনার সময় আপনাকে সংকটকালীন পরিকল্পনা তৈরি, একটি উন্নত আচরণগত স্বাস্থ্যের পরিচর্যা নির্দেশিকা তৈরি, অথবা উভয়েরই প্রস্তাব দেওয়া হতে পারে।
- **আপনার সেবাসমূহ পরিচালনা করার বিভিন্ন উপায় সম্পর্কে জানুন।** ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা চলাকালীন আপনার সেবাসমূহ পরিচালনা করার জন্য আপনাকে আত্মপ্রত্যয়ী হতে প্রস্তাব করা হতে পারে। আপনার সেবা এবং সহায়তা গুলোকে সুগঠিত করতে আত্মপ্রত্যয় একটি বিকল্প পন্থা।
- আপনি যে সেবাগুলো বিবেচনা করছেন সেগুলো **পরিদর্শন** করুন, অনুশীলন করুন অন্যথায় যখন সম্ভব "চেপ্টা করুন"।
- চিকিৎসা বা ওষুধের যে বিকল্প গুলো আপনি চাচ্ছেন না সেগুলো **প্রত্যাখ্যান** করুন।
- স্বাক্ষর করার আগে **আপনার পরিকল্পনা নিয়ে ভাবুন।** আপনি যেভাবে চেয়েছিলেন সবকিছু সেভাবে অন্তর্ভুক্ত আছে কিনা।

- **আপনার পূর্ণ পরিকল্পনার একটা কপি সংগ্রহ করুন।** আপনার সাহায্যকারী অবশ্যই খেয়াল রাখবেন যে আপনি আপনার পরিকল্পনা সম্পূর্ণ হওয়ার 15 দিনের মধ্যে আপনার কপিটি পেয়েছেন কিনা।
- **আপনার সেবাগুলো গ্রহণ করুন:** আপনি অবশ্যই আপনার প্রতিটি সেবার চুক্তি শুরু তারিখ অনুযায়ী 14 দিনের মধ্যে সেবা গ্রহণ করতে পারবেন (শুরুর তারিখ সেবার ধরন অনুযায়ী ভিন্ন হতে পারে)।
- সেবাগুলো পেয়ে আপনার লক্ষ্য অর্জনে আপনি এগিয়ে যাচ্ছেন এবং সন্তুষ্ট সে বিষয়ে কথা বলতে **আপনার কেস ম্যানেজার বা সাপোর্ট কো-অর্ডিনেটর এর সাথে নিয়মিত সাক্ষাৎ করুন।**
- যখন প্রয়োজন **আপনার পরিকল্পনা পরিবর্তন করুন।**
- আপনি আপনার **পরিকল্পনার বিষয়বস্তু নিয়ে আবেদন করতে পারেন** যদি আপনি সেটা নিয়ে সন্তুষ্ট না হন এবং আপনি আপনার কেস ম্যানেজার বা সাপোর্ট কো-অর্ডিনেটর এর সহযোগিতা ছাড়া এটার সমাধান করতে সক্ষম হবেন না। গ্রাহক পরিষেবা আপনাকে এ ব্যাপারে সাহায্য করতে পারবে।

সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ এবং উন্নত সংকট পরিকল্পনা

আপনার কেস ম্যানেজার বা সাপোর্ট কো-অর্ডিনেটর অথবা অন্যান্য MCCMH ক্লিনিশিয়ান অবশ্যই আপনাকে ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনার মিটিং এ সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ এবং উন্নত সংকট পরিকল্পনা সম্বন্ধে বলবে। আপনার MCCMH ক্লিনিশিয়ান এই পরিকল্পনাগুলোর অগ্রগতিতে সহায়তা করবে। আপনি অন্যদের কাছেও এ বিষয়ে সাহায্য কামনা করতে পারেন।

যখনি আপনি সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডাইরেক্টিভ এবং উন্নত সংকট পরিকল্পনা অথবা উভয় বিষয়ই ব্যবহার করবেন, তখন আপনাকে অবশ্যই আপনার নিজের পরিচর্যার ব্যাপারে লক্ষ্য রাখতে হবে। আপনার কাছের মানুষের সাথে আপনার পরিকল্পনা নিয়ে কথা বলুন, এমনকি আপনার প্রতিনিধির সাথেও, যদি সেরকম কাউকে আপনি মনোনীত করে থাকেন।

উন্নত আচরণগত স্বাস্থ্যের যত্নের নির্দেশিকার ব্যাপারে আরও তথ্য জানতে আপনার MCCMH এর থেরাপিস্ট, কেস ম্যানেজার অথবা সাপোর্ট কো-অর্ডিনেটর, গ্রাহক পরিষেবা বা কোন ওকালতি সংস্থা যেমন: RAC ম্যাক্স অথবা মিশিগান প্রটেকশন এবং এডভোকেসি সার্ভিসের সাথে কথা বলুন।

আত্মসংকল্প কি?

আত্মসংকল্প হচ্ছে সেবা প্রদানের একটি মডেল যা আপনাকে সেবা প্রদানকারী কর্মীদের সাথে আপনার সম্পর্ক ভালো করে আপনাকে প্রদান করা সেবার বিষয়ে আপনাকে আরো বেশি বেছে নেওয়ার সুযোগ এবং নিয়ন্ত্রণ প্রদান করে।

গতানুগতিক সেবা প্রদানের ক্ষেত্রে, প্রতিদিন, সপ্তাহ, মাস বা নির্দিষ্ট সময়ের জন্য আপনি নির্দিষ্ট পরিমাণ প্রয়োজনীয় ওষুধ সেবন করতে পারবেন আর শুধু চিকিৎসাধীন সেবাসমূহ পাবেন। একটি চুক্তিবদ্ধ এজেন্সিকে মনোনীত করা হয় স্বীকৃত সেবাটিকে পরিচালনা করার জন্য। চুক্তিবদ্ধ এজেন্সি কর্মী নিয়োগ, বাতিল, প্রশিক্ষণ, সময়সূচী নির্ধারণ, পরিচালনা, যারা উক্ত এজেন্সিতে কাজ করে সেই সকল কর্মীদের বেতন দেওয়া ইত্যাদি কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত। আপনি সেবাটি গ্রহণ করেন কিন্তু আপনি কোনদিক থেকেই কর্ম সংস্থানের সাথে সম্পৃক্ত না (সীমিত ব্যতিক্রম ব্যতীত, যেমন মতের মিল না হলে একজন নতুন কর্মীর জন্য অনুরোধ করা)।

যারা আপনাকে এই সেবাটি প্রদান করছে, তাদের কর্ম সংস্থান সম্পর্কিত দায়িত্ব অনুমান করার মাধ্যমে আত্মসংকল্প সেবা গ্রহণের ক্ষেত্রে আপনি একটি সক্রিয় ভূমিকা পালন করছেন। আত্মসংকল্প আপনার পছন্দকে বাড়িয়ে দেয় যেগুলো অন্তর্ভুক্ত করার জন্য:

- যেসব কর্মীরা আপনাকে সেবা প্রদান করছে তাদের পরিচালনা করা (যেমন কর্মীদের নিয়োগ, ছাটাই, তদারকি ইত্যাদি)
- সেবা প্রদান কর্ম পরিচালনা (যেমন ব্যক্তির সেবা পরিকল্পনার লক্ষ্য এবং উদ্দেশ্য সম্বন্ধে কর্মীদের প্রশিক্ষণ, সেবা ব্যবহারের প্রকৃত সময়সূচী)
- বাজেট পরিচালনা (যেমন সময়সূচী পর্যালোচনা/সেবা সম্বন্ধে অবহিত হওয়া যে সেবাটি প্রদান করা হয়েছে এবং অর্থ প্রদান করা হয়েছে)

ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনার সাথে সাথে আত্মসংকল্প শুরু হয়। প্রথমত, নির্ধারণ করুন কোন লক্ষ্যটি আপনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ- আপনি কোথায় বসবাস করতে চান, দিনের বেলায় আপনি কি করতে আগ্রহী এবং

কিভাবে আপনি আপনার পারিপার্শ্বিক পরিবেশের সাথে যুক্ত থাকতে চান। তারপর, সিদ্ধান্ত নিন যে আপনার লক্ষ্য অর্জনে কে আপনাকে সহযোগিতা করতে পারে। আপনার লক্ষ্যগুলো নির্ধারণ করা হবে একটা সুনির্দিষ্ট সময়ের জন্য। আমরা আপনাকে অন্যান্য সহায়তার বিষয়েও ভাবতেও সহযোগিতা করব— যেমন সর্বজনীন উপাধি, ব্যক্তিগত এবং অ-লাভজনক প্রতিষ্ঠান ব্যক্তিগত নেটওয়ার্ক এবং আপনার নিজস্ব দক্ষতা-এগুলো আপনি জীবনে কি চান সেগুলো তৈরি করতে অবদান রাখবে।

আপনি যেকোনো সময় নিজেকে অনুসন্ধান করতে আত্মসংকল্প ব্যবহার করতে পারেন। বেছে নিতে পারেন বা আত্মসংকল্প ব্যবহার করতে পারেন। আপনি যদি আত্মসংকল্প নিয়ে আরও জানতে ইচ্ছুক হন তাহলে MCCMH-এর থেরাপিস্ট এর সঙ্গে কথা বলুন, বা গ্রাহক পরিষেবা ফোন করুন। প্রক্রিয়াটি শুরু করার জন্য আমরা আপনাকে আরও তথ্য দিব এবং সহযোগিতা করব।

সুস্থতা এবং সহনশীলতা

সুস্থতা লাভ হলো নিরাময় ও রূপান্তরের একটি যাত্রা যা মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত/নেশাজাতীয় পদার্থের অপব্যবহারকারী কোনো ব্যক্তিকে তার পছন্দের একটি কমিউনিটিতে অর্থপূর্ণ জীবনযাপনের লক্ষ্য অর্জন করতে দেয়।

সুস্থতা লাভ একটি একক পথচলা যা ভিন্ন ভিন্ন পথে ভিন্ন ভিন্ন ঠিকানায় নিয়ে যায়। সুস্থতা একটি প্রক্রিয়া। আমরা সারাজীবনের জন্য সুস্থ হওয়ার মনোভাব নিয়ে এই পথে যাত্রা করি। সুস্থতা লাভ ব্যক্তি ভেদে প্রত্যেকের জন্য আলাদা এবং সত্যিকার অর্থে প্রত্যেকের কাছে আলাদাভাবে সংজ্ঞায়িত। যেটা একজনের জন্য সম্পূর্ণ সুস্থতা সেটা হয়তো অন্য কারো জন্য আংশিক।

সুস্থতা লাভকে সুস্থতাই বলা যেতে পারে। আচরণগত স্বাস্থ্য সহায়তা এবং সেবাসমূহ মানুষের মানসিক অসুস্থতা এবং শারীরিক অক্ষমতা নিরাময়ের সময়ে সহায়তা করে। ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা পদ্ধতি কারো একক সুস্থতা পুনরুদ্ধার করার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

সুস্থতা লাভের সময় রিল্যাপ্স ঘটতে পারে। রিল্যাপ্স মানে ব্যর্থ হওয়া না বরং একটি চ্যালেঞ্জ। যদি একটা রিল্যাপ্সের জন্য আগে থেকেই প্রস্তুতি রাখা যায় এবং পুনরুদ্ধার সময়ে অর্জন করা দক্ষতা এবং টুলস কাজে লাগানো যায় তাহলে একজন ব্যক্তি যেকোনো পরিস্থিতিতে মানিয়ে নিতে পারবে। এই পরিস্থিতিতে সময় লাগে এবং এজন্যই **পুনরুদ্ধার পদ্ধতি** ভবিষ্যৎ জীবনের খুশি ও শক্তি সঞ্চয়ে পথ প্রদর্শন করে।

সহনশীলতা এবং অগ্রগতি হচ্ছে SED-সম্পন্ন বাচ্চাদের জন্য একটি নির্দেশক নীতি। সহনশীলতা হচ্ছে SED শিশু এবং তাদের পরিবারের জন্য "ফিরে আসার" সক্ষমতা আর একটি তাৎপর্যপূর্ণ বৈশিষ্ট্য। তাদের জীবনের নানান ধরনের প্রতিকূলতা থাকা সত্ত্বেও এই সহনশীলতা তাদেরকে সফল হতে দৃঢ় করে।

সুস্থতা লাভ একটি দর্শন যা মিশিগানের আচরণগত স্বাস্থ্য সেবার দিক নির্দেশ করে। সুস্থতা লাভ এবং সহনশীলতা অন্যদের সম্পর্কের দ্বারা সমর্থিত যারা এই সাধারণ অভিজ্ঞতাগুলোর সম্মুখীন হয়েছে। স্বীয়-সহযোগিতা এবং সহযোগী দলের তথ্যের জন্য অথবা যৌথ-বিতরণ সাপোর্ট এবং সার্ভিসের জন্য আপনার থেরাপিস্ট বা কেস ম্যানেজারের সাথে অথবা গ্রাহক পরিষেবায় কল করুন।

সেবা প্রদানকারী বেছে নেওয়া বা পরিবর্তন করা

আপনার অনুমোদিত ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনার সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও কর্মী বেছে নেওয়ার অথবা পরিবর্তন করার অধিকার আছে। উন্নত সেবা প্রদানে যখন আমরা আপনার সাথে কাজ করছি, আমরা আপনাকে আপনার প্রয়োজনীয় সেবার জন্য **নেটওয়ার্কের সদস্য সেবা প্রদানকারীদের** একটি তালিকা সরবরাহ করব। এছাড়াও আপনার সবধরনের MCCMH প্রস্তাবিত সেবা এবং সেবাদানকারীর তথ্য পাওয়ার অধিকার আছে, যদি আপনি তা অনুরোধ করে থাকেন। MCCMH এর প্রদানকারীদের নির্দেশিকা www.mccmh.net এই ওয়েবসাইটে পাওয়া যাবে।

পরিচর্যা প্রদানকারীদের তালিকাটি নিয়মিত আপডেট করা হয়। আমরা যদি পরিচর্যা প্রদানকারী নেটওয়ার্কে কোন ফের-বদল করি যা আপনাকে প্রভাবিত হলে সেই পরিবর্তন লাগু করার আগে আমরা আপনাকে সংশ্লিষ্ট পরিবর্তন বর্ণনাপূর্বক একটি চিঠি দিয়ে অবহিত করব।

আপনি আপনার সেবা প্রদানকারী পরিবর্তন করতে চান, আপনি তা অনেক উপায়ে করতে পারবেন। আপনার প্রয়োজন মেটাতে আপনার কেস ম্যানেজার এবং সাপোর্ট সেন্টার আপনাকে তা খুঁজতে এবং পরিবর্তন করতে সহযোগিতা করবে। যদি সমস্যা হয় আপনার প্রদানকারী নিয়ে অথবা প্রদানকারী পরিবর্তন করার চিন্তিত হন তাহলে গ্রাহক পরিষেবায় কল করুন এই নম্বরে 1-855-99-MCCMH (1-855-996-2264)।

নেটওয়ার্কের বাইরের সেবা প্রদানকারী

কখনো হতে পারে যে MCCMH এর নেটওয়ার্কে আপনার প্রয়োজন অনুসারে প্রদানকারী নেই। যদি এটা এমন কোনো পরিষেবা হয় যা Medicaid বা হেলদি প্ল্যান (Healthy মিশিগান Plan, HMP) দ্বারা কভার করা থাকে এবং আপনার কিংসাগতভাবে জরুরি হয় তাহলে তাই পরিষেবা প্রদানের জন্য MCCMH সাথে একজন নেটওয়ার্কের বাইরের সেবা প্রদানকারী খুঁজে বের করতে কাজ এর জন্য আপনার কোন খরচ হবেনা। যদি আপনার নেটওয়ার্কের বাইরের

সেবার দরকার হয় বা কোন প্রশ্ন থাকে তাহলে গ্রাহক পরিষেবার এই নম্বরে যোগাযোগ করুন 1-855-99-MCCMH (1-855-996-2264)।

পরিচর্যায় পরিবর্তন

MCCMH-কে এটি অবশ্যই নিশ্চিত করতে হবে যে, আপনার পরিচর্যা প্রদানকারী বদলে গেলেও আপনি যেন পরিষেবাগুলি পেতে থাকেন। পরিচর্যার সমন্বয় (Coordination of Care) বিবরণ দিয়েছে তা কীভাবে হবে। সমস্ত MCCMH নীতি আমাদের ওয়েবসাইট www.mccmh.net-এ আমাদের নীতি বিষয়ক পুস্তিকায় পাওয়া যাবে।

Medicaid-এর বিশেষ চিকিৎসা সাহায্য এবং সেবা বিন্যাস

নোট: যদি আপনি একজন Medicaid সুবিধাভোগী হন আর আপনার গুরুতর মানসিক রোগ আছে, মারাত্মক আবেগি সমস্যায় ভুগছেন, বিকাশগত এবং শারীরিক প্রতিবন্ধকতা আছে তবে আপনি বিশেষ চিকিৎসা সাহায্য এবং তালিকাভুক্ত সেবার জন্য উপযুক্ত হতে পারেন।

সেবা শুরু করার আগে, আপনি আপনার সেবা নেওয়ার উপযুক্ততা খুঁজতে অংশ নিতে পারেন। এটি আরও শনাক্ত করে যে আপনার প্রয়োজন কোনটা? আপনার জানতে হবে যে সবাই যারা আমাদের কাছে আছে প্রত্যেকেই উপযুক্ত নয় আর সব সেবাই যেগুলো আমরা প্রদান করি তা সবার জন্য প্রাপ্য নয়। যদি কোন সেবা আপনার উপকারে না আসে আপনার কমিউনিটি মেন্টাল হেলথ সেটার জন্য অর্থ প্রদান করবেনা। চিকিৎসা সাহায্য আপনার জন্য কমিউনিটিতে অন্য উৎস থেকে প্রাপ্ত সেবাসমূহের জন্য অর্থ খরচ করবেনা।

PCP প্রক্রিয়া চলাকালে আপনার প্রয়োজন অনুযায়ী চিকিৎসা সেবা নিতে সহযোগিতা করা হবে এবং পর্যাপ্ত পরিমাণ, সুযোগ ও সেবার উদ্দেশ্য সফল হওয়া পর্যন্ত সময় দেওয়া হবে। তাছাড়াও আপনি আপনার সেবা সমর্থনকারী ও প্রদানকারী বেছে নিতে পারবেন। আপনি একটি IPOS পাবেন যাতে এই সমস্ত তথ্য দেওয়া থাকবে।

এছাড়াও প্রয়োজনীয় চিকিৎসার মানদণ্ডে পৌঁছাতে সেবাগুলোর তালিকা নিচে দেওয়া হল, তারকা চিহ্নিত তালিকার অর্থ হচ্ছে ডাক্তারের পরামর্শ প্রয়োজন।

নোট: মিশিগান Medicaid প্রোভাইডার সারগ্রন্থে আছে সেবাগুলোর যথাযথ যোগ্যতাসহ একটি পূর্ণ বর্ণনা এবং পরিষেবা প্রদানকারীর বৈশিষ্ট্যগুলো। সারগ্রন্থটি এখানে পাওয়া যেতে পারে:

<https://www.mdch.state.mi.us/dch-medicaid/manuals/MedicaidProviderManual.pdf>

গ্রাহক পরিষেবা কর্মী আপনাকে এই সারণ্ত্বে প্রবেশ করতে বা তথ্য পেতে সহযোগিতা করবে।

যেকোনো সময় আপনার সেবা বা অন্য কোন সেবা নিয়ে কোন প্রশ্ন থাকলে আপনার থেরাপিস্ট, কেস ম্যানেজার, সাপোর্ট কো-অর্ডিনেটর বা গ্রাহক পরিষেবা সেন্টারে যোগাযোগ করুন। তারা আপনাকে তথ্য দিয়ে সহযোগিতা করবে।

অ্যাসাটিভ কমিউনিটি ট্রিটমেন্ট (Assertive Community Treatment, ACT)
কমিউনিটিতে স্বাধীনভাবে গুরুতর মানসিক অসুস্থ রোগীর মৌলিক সেবা এবং প্রয়োজনীয় সহায়তা প্রাপ্তি নিশ্চিত করে। একটি ACT দল আচরণগত স্বাস্থ্য থেরাপি ও চিকিৎসাজনিত সেবা নিশ্চিত করে। দলটি কমিউনিটিতে সুস্থতা বজায় রাখতে রিসোর্স এবং সহায়তা প্রাপ্তিতে সহযোগিতা করে এবং সামাজিক, শিক্ষাগত, বৃত্তিমূলক কার্যক্রমে অংশগ্রহণ করে। ACT অংশগ্রহন ব্যক্তিদের দৈনিক ভিত্তিতে সেবা প্রদান করে।

মূল্যায়নের মধ্যে বিস্তৃত মানসিক পরীক্ষা, মানসিক স্বাদ, শারীরিক অপব্যবহারের পর্যালোচনা, অন্যান্য মূল্যায়ন যেখানে কোন ব্যক্তির কর্মক্ষমতা ও আচরণগত স্বাস্থ্যের প্রয়োজনীয় চিকিৎসা উল্লেখিত থাকে। শারীরিক স্বাস্থ্য মূল্যায়ন PIHP সেবার অংশ নয়।

***সহায়ক প্রযুক্তির** মধ্যে অ্যাডাপটিভ ডিভাইস ও সরবরাহ অন্তর্ভুক্ত রয়েছে যা Medicaid স্বাস্থ্য পরিকল্পনা এবং কমিউনিটি রিসোর্সের মধ্যে পড়েনা। এই ডিভাইসগুলো একজন ব্যক্তিকে নিজের যথাযথ পরিচর্যা নিতে সহায়তা করে বা যেখানে সে বসবাস করে সেই জায়গায়, তাদের কর্মস্থলে এবং খেলার যায়গায় ইন্টার্যাক্ট করতে সহযোগিতা করে।

আচরণগত চিকিৎসার পুনঃমূল্যায়ন: যদি কোনো ব্যক্তির অসুস্থতা বা প্রতিবন্ধকতায় আচরণ জড়িত থাকে যা তিনি বা তার সাথে কর্মরত অন্যান্য ব্যক্তি বদলাতে চান, তাহলে তাদের IPOS-এ একটি পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হতে পারে যাতে সেই আচরণ নিয়ে কথা বলা হয়। এই পরিকল্পনাকে অনেক সময় “আচরণ চিকিৎসার পরিকল্পনা” বলে।

আচরণ চিকিৎসার পরিকল্পনাটি PCP চলাকালে তৈরি করা হয় এবং তারপর বিশেষজ্ঞদের একটি দল সেটিকে অনুমোদন ও নিয়মিতভাবে পর্যালোচনা করে যাতে নিশ্চিত করা যায় যে, তা কার্যকর ও মর্যাদাপূর্ণ হয় এবং ব্যক্তির প্রয়োজনীয়তা নিরন্তর পূরণ করে যেতে পারে।

আচরণগত চিকিৎসা সেবার পর্যালোচনা হচ্ছে সেই সকল সেবা যা 21 বছরের নিচে অটিজম স্পেকট্রাম ব্যাধিগ্রস্ত (Autism Spectrum Disorders, ASD) বাচ্চাদের দেওয়া হয়।

ক্লাবহাউজ প্রোগ্রাম হচ্ছে ওই প্রোগ্রামগুলো যেখানে সদস্যরা (ভোক্তারা) এবং কর্মীরা ক্লাবহাউজ কে পরিচালিত করতে পাশাপাশি কাজ করে এবং বিস্তীর্ণ কমিউনিটিতে মध्ये অংশগ্রহণ করতে উৎসাহিত করে। ক্লাবহাউজ প্রোগ্রামের লক্ষ্য সুস্থতা লাভের বিষয়ে সহায়তা, যোগ্যতা বৃদ্ধি, এবং সামাজিকভাবে সমর্থন বৃদ্ধি করার পাশাপাশি ভোকেশনাল দক্ষতা ও সুযোগ তৈরি করা।

কমিউনিটি আবাসিক-রোগী সেবাসমূহ হচ্ছে হাসপাতালের সেবাসমূহ যেগুলো একটি সুনির্দিষ্ট ঘটনায় উল্লেখযোগ্য বা জরুরি আচরণগত স্বাস্থ্যের পরিবর্তিত অবস্থায় ব্যবহৃত হয়। কমিউনিটি হাসপাতাল সেবাসমূহ অনুমোদনপ্রাপ্ত মানসিক হাসপাতাল অনুমোদিত সাধারণ হাসপাতালের মানসিক বিভাগে প্রদান করা হয়।

কমিউনিটিতে জীবনযাপনের সাপোর্ট (Community Living Supports , CLS) হচ্ছে সেইসব কার্যক্রম যা গুরুত্বের মানসিক সমস্যায় আক্রান্ত বা বিকাশজনিত অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের কমিউনিটিতে স্বাধীনভাবে বাস করতে এবং কমিউনিটির কার্যক্রমে অংশগ্রহণ করতে সহায়তা করে। এটা বেতনভুক্ত কর্মী দ্বারা প্রদান করা হয়। কমিউনিটিতে জীবনযাপনের সাপোর্ট বিশেষ চাহিদা সম্পন্ন সন্তান সহ (যেমন, বুদ্ধি প্রতিবন্ধী, মারাত্মক আবেগজনিত সমস্যা) পরিবারগুলোকেও সহযোগিতা করে।

ক্রাইসিস ইন্টারভেনশন হচ্ছে পূর্বনির্ধারিত নয় এমন ব্যক্তিগত বা দলগত সেবা, যার মূল উদ্দেশ্য হচ্ছে আচরণগত স্বাস্থ্য এবং সুস্থতা সম্পর্কিত কোনও অপ্রত্যাশিত ঘটনা ঘটলে তার প্রভাব হ্রাস বা নির্মূল করা।

ক্রাইসিস রেসিডেনশিয়াল সার্ভিসেস হচ্ছে লাইসেন্সপ্রাপ্ত আবাসিক এলাকায় রোগী হাসপাতালে ভর্তি করার একটি স্বল্পমেয়াদী বিকল্প ব্যবস্থা।

আর্লি পিরিয়ডিক স্ক্রিনিং, ডায়াগনোসিস অ্যান্ড ট্রিটমেন্ট (Early Periodic Screening, Diagnosis and Treatment, EPSDT)। নিম্ন আয়ের পরিবারের নবজাতক, শিশু এবং 21 বছরের কম বয়সী কিশোর-কিশোরীদের জন্য বিশদ আকারে রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসাসেবা প্রদান করে থাকে, যা Social Security Act (SSA) এর Section 1905(a)(4)(B) তে উল্লেখিত, এবং 42 U.S.C. § 1396d(r)(5) এবং 42 CFR 441.50 বা এর পরবর্তী বিধানে সংজ্ঞায়িত।

EPSDT সুবিধা প্রাপ্তবয়স্কদের জন্য Medicaid সুবিধার চেয়ে বেশি কার্যকর, এবং এটির রূপরেখা এমনভাবে তৈরি করা হয়েছে যেখানে শিশুরা অগ্রিম শনাক্তকরণ সেবা পায় যাতে কোনও ধরনের স্বাস্থ্য সমস্যা এড়ানো সম্ভব হয় বা যত দ্রুত সম্ভব রোগ নির্ণয় করে চিকিৎসা নিশ্চিত করা যায়।

হেলথ প্ল্যানস'কে তাদের 21 বছরের কম বয়সী Medicaid সুবিধাভোগীদের জন্য EPSDT এর সকল বাধ্যবাধকতা মেনে চলতে হবে। EPSDT 21 বছরের কম বয়সী সকল Medicaid এবং চিলড্রেনস হেলথ ইনস্যুরেন্স প্রোগ্রাম (Children's Health Insurance Program, CHIP) এর সুবিধাভোগীদের SSA এর Section 1905(a) তে তালিকাভুক্ত Medicaid-এর সেবার অন্তর্ভুক্ত সকল প্রকার সেবা ও চিকিৎসা দিতে বাধ্য থাকবে, যদি সেই সেবা বা চিকিৎসা কোনও ক্রটি, শারীরিক এবং মানসিক সমস্যা বা অসুস্থতার "সংশোধন কিংবা উন্নতিসাধন" এর জন্য আবশ্যিক হয়ে থাকে।

এই বাধ্যবাধকতার কারণে Medicaid-এ তালিকাভুক্ত 21 বছরের কম বয়সী শিশুরা একটা বিশদ সুবিধা ভোগ করে। উপরে বর্ণিত সেবাগুলো ছাড়াও, Medicaid অন্য যেকোনো চিকিৎসা বা প্রতিকারজনিত সেবা দিতে বাধ্য থাকবে। সাধারণত প্রতিষ্ঠানটি এধরনের সেবা প্রদান না করে থাকলে, বা এর চেয়ে কম পরিমাণ, সময়, বা কম সুযোগে প্রদান করে থাকলেও, এক্ষেত্রে তারা পূর্ণ সেবা দিতে বাধ্য থাকবে (42 CFR 441.57)।

যদিও EPSDT বিশেষ সংশোধন বা উন্নতিসাধন সেবা পর্যন্ত পরিবহন সুবিধা এই সেবার অন্তর্ভুক্ত নয়, MCCMH-এর অবশ্যই সুবিধাভোগীকে MDHHS-এর মাধ্যমে, অথবা সুবিধাভোগীর Medicaid হেলথ প্ল্যানের মাধ্যমে প্রয়োজনীয় পরিবহন সুবিধা পেতে সাহায্য করতে হবে।

***এনহ্যান্সড ফার্মেসি** এর মধ্যে অন্তর্ভুক্ত আছে ডাক্তারের অর্ডারকৃত নন-প্রেসক্রিপশন বা ওভার-দ্যা-কাউন্টার পণ্য (যেমন ভিটামিন বা কফ সিরাপ)- যা কোনও এক বা একাধিক স্বাস্থ্য সমস্যা নিরাময়ে প্রয়োজনীয়, কিন্তু সেসব পণ্য সেই ব্যক্তির Medicaid হেলথ প্ল্যানের অন্তর্ভুক্ত নয়।

***এনভায়রনমেন্টাল মডিফিকেইশানস-** হচ্ছে কোনও ব্যক্তির বাড়ি, গাড়ি বা কাজের পরিবেশের অবস্থানগত পরিবর্তন, যা সেই ব্যক্তির চিকিৎসা বা প্রতিকারজনিত সেবার ক্ষেত্রে সরাসরি সুবিধা প্রদান করে। এই পরিবর্তন শারীরিক অক্ষমতা-সম্পন্ন ব্যক্তির প্রবেশাধিকার নিশ্চিত করে, স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করে, কিংবা বৃহত্তর স্বাধীনতা প্রদান করে।

ফ্যামিলি সাপোর্ট অ্যান্ড ট্রেনিং মূলত গুরুতর মানসিক অসুস্থতা, সিরিয়াস ইমোশনাল ডিস্টারবেস বা বিকাশজনিত অক্ষমতা সম্পন্ন ব্যক্তির পরিবারকে তার দেখভাল করা, এবং এই রোগগুলো নিয়ে পরিবার-কেন্দ্রিক সহায়তা প্রদান করে। "ফ্যামিলি স্কিলস ট্রেনিং" নামক শিক্ষা বা প্রশিক্ষণ প্রোগ্রামটি সেসকল পরিবারকে দেয়া হয়, যারা এমন কারও সাথে থাকে এবং/অথবা তার দেখভাল করে, যে "চিলড্রেনস ওয়েইভার প্রোগ্রাম" এর জন্য উপযুক্ত।

ফিসক্যাল ইন্টারমিডিয়েরি সার্ভিসেস মানুষকে তাদের সেবা এবং সহায়তা সম্পর্কিত বাজেট নিয়ন্ত্রণ করতে সাহায্য করে, এবং যদি তারা সেলফ-ডিটারমিনেশন অ্যাপ্রোচ ব্যবহার করে, তাহলে সেবাপ্রদানকারীদের অর্থ পরিশোধ করতে সাহায্য করে।

হেলথ সার্ভিসেস- কোনও ব্যক্তির আচরণগত স্বাস্থ্য সম্পর্কিত বা এর কারণে প্রভাবিত স্বাস্থ্য সমস্যাসমূহের মূল্যায়ন, চিকিৎসা এবং প্রফেশনাল মনিটরিং বা পর্যবেক্ষণ- এই সেবার অন্তর্গত। সেই ব্যক্তির প্রাথমিক ডাক্তার তার অন্যান্য সকল স্বাস্থ্য সমস্যার চিকিৎসা করবেন।

হোম বেইজড সার্ভিসেস ফর চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ বা শিশু ও পরিবারের জন্য বাসস্থানভিত্তিক সেবা ফ্যামিলি হোম বা অন্য কোনও কমিউনিটি সেটিং/পরিবেশে প্রদান করা হয়। এই সেবা প্রতিটি পরিবারের জন্য পৃথকভাবে পরিকল্পনা করা হয়, এবং এর মধ্যে অন্তর্ভুক্ত হচ্ছে বিহেভিওরাল হেলথ থেরাপি,

ক্রাইসিস ইন্টারভেনশন, সার্ভিস কো-অর্ডিনেশন, বা পরিবারকে অন্যান্য সহায়তা, ইত্যাদি।

বাড়ি এবং কমিউনিটি ভিত্তিক পরিষেবার রুল (Home and Community Based Services Rule, HCBS) Medicaid পরিষেবা হলো সেই সেবাগুলো যা HCBS রুল দ্বারা অর্থায়নকৃত/চিহ্নিত। এই সব পরিষেবাকে অবশ্যই ওয়েভার প্রাপ্ত অংশগ্রহণকারীরা যেনো তাদের বাড়ি, কাজ এবং কমিউনিটির পরিবেশ এমনভাবে সীমাবদ্ধতামুক্তভাবে অনুভব করতে পারে তা নিশ্চিত করার জন্য তৈরি নির্দিষ্ট মানদণ্ড পূরণ করতে হবে। যে সেটিংস HCBS প্রদান করে সেগুলি অবশ্যই বাড়িতে বা কমিউনিটির মধ্যে চলাচলকে সীমাবদ্ধ করবে না। পাশাপাশি অবশ্যই এমন একটি সেটিং এবং পরিষেবার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে যা নন-Medicaid ব্যক্তিদের হোম সেটিং, কর্মসংস্থানের সুযোগ এবং বৃহত্তর কমিউনিটিতে অ্যাক্সেসের সুবিধার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

হাউজিং অ্যাসিস্ট্যান্স হচ্ছে কোনও ব্যক্তির নিজ বাসস্থান সংক্রান্ত কোনও খরচে একটি স্বল্পমেয়াদী, বা এককালীন সহায়তা, যা সেই ব্যক্তির নিজের অর্থ বা কমিউনিটির অর্থ দ্বারা পরিশোধ করা সম্ভব হয় নি।

ইনটেন্সিভ ক্রাইসিস স্ট্যাবিলাইজেশন হচ্ছে ইন-পেইশেন্ট হসপিটালাইজেশনের একটি স্বল্পমেয়াদী বিকল্প ব্যবস্থা। একটি বিহেভিওরাল ক্রাইসিস টিম এই কাঠামোবদ্ধ সেবা এবং সহায়তা কার্যক্রমটি কোনও ব্যক্তির বাসা বা অন্য কোনও কমিউনিটি সেটিং-এ প্রদান করে থাকে।

ইন্টারমিডিয়েট কেয়ার ফ্যাসিলিটি ফর ইনডিভিডুয়ালস উইথ ইন্টেলেকচুয়াল ডিজ্যাবিলিটিজ (Intermediate Care Facility for Individuals with Intellectual Disabilities, ICF/IID) বিকাশজনিত অক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের জন্য 24-ঘণ্টা নিবিড় পর্যবেক্ষণ, স্বাস্থ্য ও পুনর্বাসন-সংক্রান্ত সেবা, এবং মৌলিক প্রয়োজনীয়তা বিষয়ক সহায়তা প্রদান করে।

মেডিকেইশন অ্যাডমিনিস্ট্রেশন হচ্ছে যখন কোনও ডাক্তার, নার্স বা অন্য লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসাসেবা প্রদানকারী কোনও ইনজেকশন, বা মুখে খাবার ঔষধ বা ত্বকে লাগানোর ঔষধ দেয়।

মেডিকেইশন রিভিউ হচ্ছে কোনও ব্যক্তির আচরণগত স্বাস্থ্য সমস্যা চিকিৎসায় ব্যবহৃত ঔষধ, এটির প্রভাব এবং এটি চালিয়ে যাওয়া প্রয়োজন নাকি পরিবর্তন প্রয়োজন-সেসব পর্যালোচনা এবং পর্যবেক্ষণ করা।

মেন্টাল হেলথ থেরাপি অ্যান্ড কাউন্সেলিং ফর অ্যাডাল্টস, চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ এর মধ্যে রয়েছে থেরাপি বা কাউন্সেলিং যা কার্যক্ষমতা এবং অন্যান্য মানুষের সাথে সম্পর্ক উন্নত করার উদ্দেশ্যে পরিকল্পনা করা হয়েছে।

নার্সিং হোম মেন্টাল হেলথ অ্যাসেসমেন্ট অ্যান্ড মনিটরিং এর মধ্যে রয়েছে নার্সিং হোমে বসবাসরত কারও আচরণগত স্বাস্থ্য সংক্রান্ত চিকিৎসার প্রয়োজন কিংবা চিকিৎসাপ্রাপ্তিতে প্রতিক্রিয়া পর্যালোচনা, এবং নার্সিং হোম স্টাফের সাথে আলোচনা।

***অকুপেশনাল থেরাপি-** এখানে একজন অকুপেশনাল থেরাপিস্ট কোনও ব্যক্তির প্রতিদিন নিজেদে দেখভাল করার সক্ষমতা মূল্যায়ন করেন, এবং সেসব সক্ষমতা বাড়ানোর জন্য চিকিৎসা প্রদান করে থাকেন।

পার্শ্বীয়াল হসপিটাল সার্ভিসেস- হচ্ছে একজন ডাক্তারের তত্ত্বাবধানের অধীনে, হাসপাতালের পরিবেশে, মানসিক, মনস্তাত্ত্বিক, সামাজিক, পেশাগত, নার্সিং, মিউজিক থেরাপি, এবং থেরাপিউটিক বিনোদনমূলক/রিক্রিয়েশনাল সেবাসমূহ। পার্শ্বীয়াল হসপিটাল সার্ভিসেস দিনের বেলা প্রদান করা হয় এবং অংশগ্রহণকারীরা রাতে বাড়ি ফিরে যান।

পিয়র-ডেলিভার্ড অ্যান্ড পিয়র স্পেশালিস্ট সার্ভিসেস- পিয়র ডেলিভার্ড সেবা, যেমন ড্রপ-ইন সেন্টার পুরোপুরি বিহেভিওরাল হেলথ সার্ভিসেস/ আচরণগত স্বাস্থ্য সেবা গ্রহীতাদের দ্বারা পরিচালিত হয়। তারা খাদ্য, বস্ত্র, সামাজিকীকরণ, বাসস্থান, এবং বিহেভিওরাল হেলথ/আচরণগত স্বাস্থ্য চিকিৎসা শুরু করতে বা বজায় রাখতে সহায়তা প্রদান করে। পিয়র স্পেশালিস্ট সার্ভিসেস গুরুতর মানসিক অসুস্থতা-সম্পন্ন ব্যক্তিদের তাদের পুনর্বাসন প্রক্রিয়ায় সাহায্য করে, এবং যারা এটি করছে তারা নিজেরাও গুরুতর মানসিক অসুস্থতা থেকে সুস্থ হওয়ার প্রক্রিয়ায় আছে। পিয়র মেন্টররা বিকাশজনিত অক্ষমতা সম্পন্ন মানুষদের সাহায্য করে।

পারসোনাল কেয়ার ইন স্পেশালাইজড রেসিডেনশিয়াল সেটিংস মানসিক অসুস্থতা বা বিকাশজনিত অক্ষমতাসম্পন্ন ব্যক্তিকে প্রতিদিনকার জীবনযাপন, নিজের দেখভাল করা নিয়ে সাহায্য করে, এবং তারা কমিউনিটির মধ্যে একটি বিশেষ আবাসিক পরিবেশের মধ্যে বাস করে।

***ফিজিক্যাল থেরাপি-** একজন ফিজিক্যাল থেরাপিস্ট কোনও ব্যক্তির শারীরিক সক্ষমতা (যেমন তাদের চলাফেরা, হাত পা নড়াচড়া করানো, বা কীভাবে শরীর ধরে রাখছে) পর্যালোচনা করেন, এবং তার শারীরিক সক্ষমতা উন্নত করতে চিকিৎসা প্রদান করেন।

প্রিভেনশন সার্ভিস মডেলস (যেমন ইনফ্যান্ট মেন্টাল হেলথ, স্কুল সাক্সেস, ইত্যাদি) একক এবং দলগত ইন্টারভেনশন, দুটোই পরিচালনা করে, এবং এদের উদ্দেশ্য হচ্ছে মানুষের পাবলিক বিহেভিওরাল হেলথ সিস্টেমের কাছ থেকে চিকিৎসা নেয়ার প্রয়োজনীয়তা হ্রাস করা।

রেস্পিট কেয়ার সার্ভিসেস বিশেষ সেবা/স্পেশালটি সার্ভিসেস প্রাপ্তির উপযুক্ত ব্যক্তিদের অবৈতনিক পরিচর্যাকারীদের জন্য স্বল্পমেয়াদী ছুটি দিয়ে থাকে। রেস্পিট কোনও পরিবারের বাসায় বা পরিবারেরই ঠিক করা অন্য কোনও কমিউনিটি সেটিং এ/পরিবেশে ক্ষণস্থায়ী বিকল্প সেবা দান করে।

স্কিল-বিল্ডিং অ্যাসিস্ট্যান্স- কোনও ব্যক্তিকে সক্রিয়ভাবে স্কুলে, কর্মস্থলে, স্বেচ্ছাসেবার কেন্দ্রে, বা কমিউনিটি সেটিং এ/পরিবেশে অংশগ্রহণ করতে, এবং নিজেকে সাহায্য করা বা কমিউনিটিতে মানিয়ে চলার জন্য সামাজিক দক্ষতা শিখতে সাহায্য করা এই সেবার অন্তর্ভুক্ত।

***স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি-** একজন স্পিচ থেরাপিস্ট কোনও ব্যক্তির ভাষা ব্যবহার ও বোঝা, এবং অন্যান্যদের সাথে যোগাযোগ করার ক্ষমতা পর্যালোচনা করেন, সোয়ালোয়িং/গেলা এবং অন্যান্য সম্পৃক্ত সমস্যার চিকিৎসা করেন যাতে কথা বলা, যোগাযোগ এবং সোয়ালোয়িং/গেলা উন্নত হয়।

সাবস্ট্যান্স ইউজ ডিজর্ডার ট্রিটমেন্ট সার্ভিসেস- (বর্ণনা বিহেভিওরাল হেলথ সার্ভিসেসে দেয়া আছে, এটি পৃষ্ঠা 40-41-এ পাওয়া যাবে।)

সাপোর্টস কোঅর্ডিনেশন অর টার্গেটেড কেইস ম্যানেজমেন্ট- হচ্ছে একজন কর্মী যিনি কোনও ব্যক্তিকে ইনডিভিজুয়াল প্ল্যান অফ সার্ভিসেস লিখতে সাহায্য করেন এবং সেই সেবা যে প্রদান করা হচ্ছে সেটি নিশ্চিত করেন। তার দায়িত্ব হচ্ছে কোনও ব্যক্তির লক্ষ্য সম্পর্কে শোনা এবং সে অনুযায়ী MCCMH নেটওয়ার্কের ভেতরে এবং বাইরে থেকে সেই সেবা এবং সেবাপ্রদানকারী খুঁজতে সাহায্য করা, এবং সর্বোপরি সেই ব্যক্তির লক্ষ্য অর্জনে সহায়তা করা। একইসাথে একজন সাপোর্টস কোঅর্ডিনেটর বা কেইস ম্যানেজার কোনও ব্যক্তিকে চাকরি, কমিউনিটি লিভিং, শিক্ষা, পাবলিক বেনিফিটস/সাধারণ সুবিধাসমূহ, এবং বিনোদনমূলক কার্যক্রম, ইত্যাদি যেকোনো বিষয়ে কমিউনিটির রিসোর্সের সাথে যুক্ত করে দিতে পারেন।

সাপোর্টেড/ইন্টিগ্রেইটেড এমপ্লয়মেন্ট সার্ভিসেস- বিহেভিওরাল হেলথ সার্ভিসেস প্রাপ্তির উপযুক্ত ব্যক্তির যাতে কমিউনিটিতে বৈতনিক কর্মসংস্থান বজায় রাখতে পারে, এজন্য তাদেরকে প্রাথমিক এবং চলমান সহায়তা, সেবা এবং প্রশিক্ষণ প্রদান করা হয়, এবং এটি সাধারণত তাদের কর্মস্থলে দেয়া হয়ে থাকে।

ট্রান্সপোর্টেশন- চিকিৎসাসেবার বাইরে Medicaid-এর অন্তর্ভুক্ত কোনও সেবার জন্য কোনও ব্যক্তিকে তার বাসা থেকে আসা যাওয়ার জন্য যাতায়াত-সুবিধা প্রদান করা হতে পারে।

ট্রিটমেন্ট প্ল্যানিং কোনও ব্যক্তি এবং তার বাছাই করা ব্যক্তিদের ইনডিভিজুয়াল প্ল্যান অফ সার্ভিসেস তৈরি এবং পর্যায়ক্রমিক পর্যালোচনায় সাহায্য করে।

র্যাপঅ্যারাউন্ড সার্ভিসেস ফর চিলড্রেন অ্যান্ড অ্যাডোলসেন্টস SED আছে এমন শিশু ও কিশোর-কিশোরী এবং তাদের পরিবারের জন্য চিকিৎসা এবং সহায়তা প্রদান করে, যাতে ফ্যামিলি হোমে/পরিবারের বাসায় সেই শিশুর সাথে বসবাস বজায় রাখা যায়।

সার্ভিসেস ফর অনলি হ্যাবিলিটেশন সাপোর্টস ওয়েইভার (Habilitation Supports Waiver, HSW) এবং চিলড্রেন'স ওয়েইভার পার্টিসিপ্যান্টস

কিছু Medicaid সুবিধাভোগীরা বিশেষ সেবার উপযুক্ত হয়ে থাকেন, যেখানে তাদেরকে বিকাশজনিত অক্ষমতা সম্পন্ন মানুষদের প্রতিষ্ঠান বা নার্সিং হোমে যাওয়ার প্রয়োজন

পড়ে না। এই বিশেষ সেবা কে বলা হয় হ্যাবিলিটেশন সাপোর্টস ওয়েইভার এবং চিলড্রেন'স ওয়েইভার পার্টিসিপ্যান্টস। এই সেবা গ্রহণ করার জন্য, বিকাশজনিত অক্ষমতাসম্পন্ন মানুষদের দুটির যেকোনো একটি ওয়েইভারে নিবন্ধন করতে হয়। এই ওয়েইভারের প্রাপ্যতা খুবই সীমিত। এই ওয়েইভারগুলোতে নিবন্ধিত ব্যক্তির পূর্বে বর্ণিত সেবাগুলো, এবং একইসাথে এই পৃষ্ঠা এবং পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত সকল সেবা গ্রহণ করতে পারবে।

গুডস অ্যান্ড সার্ভিসেস (HSW তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য) এটি একটি কর্মী-বিহীন সেবা, যা সেবা প্রদান করার কর্মী নিয়োগ করার প্রক্রিয়াকে প্রতিস্থাপন করে। এই সেবাটি সেলফ-ডিটারমিনেশন অ্যারেঞ্জমেন্টের সাথে একত্রে ব্যবহৃত হয়, এবং এর উদ্দেশ্য হচ্ছে স্বাধীনতা বৃদ্ধি করা, কার্যক্ষমতা সহজ করা এবং কমিউনিটিতে একত্রতা উদ্ভুদ্ধ করা।

নন ফ্যামিলি ট্রেনিং (চিলড্রেন'স ওয়েইভার তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য) হচ্ছে ইন-হোম সাপোর্ট স্টাফের জন্য একটি বিশেষায়িত প্রশিক্ষণ যারা এই ওয়েইভারে নিবন্ধিত শিশুদের সেবায় নিয়োজিত আছে।

আউট অফ হোম নন ভোকেশনাল সাপোর্টস অ্যান্ড সার্ভিসেস (HSW তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য) হচ্ছে সেলফ-হেল্প বা আত্ম-সহায়তা অর্জন, বজায় রাখা বা উন্নত করা, সামাজিকীকরণ এবং অন্যান্য দক্ষতা অর্জনে সাহায্য করা।

পারসোনাল ইমারজেন্সি রেসপন্স ডিভাইসেস (HSW তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য) কোনও ব্যক্তিকে তার নিজ বাড়িতে, বা কোনও কমিউনিটি সেটিং এ নিজের স্বাধীনতা এবং নিরাপত্তা বজায় রাখতে সাহায্য করে। এসকল ডিভাইস কোনও বিপদ বা জরুরি অবস্থায় কল করার জন্য ব্যবহৃত হয়।

প্রিভোকেশনাল সার্ভিসেস (HSW তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য) কোনও ব্যক্তিকে বেতনভুক্ত কর্মসংস্থান বা কমিউনিটি ভলান্টিয়ার কাজের জন্য প্রস্তুত করতে সহায়তা, সেবা এবং প্রশিক্ষণ এই সেবার অন্তর্ভুক্ত।

প্রাইভেট ডিউটি নার্সিং (HSW তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য) এটি বিশেষ স্বাস্থ্য সমস্যা চিকিৎসায় প্রয়োজনভেদে বাড়িতে প্রদান করা ব্যক্তিগত নার্সিং সেবা।

স্পেশালটি সার্ভিসেস (চিলড্রেন'স ওয়েইভার তালিকাভুক্ত ব্যক্তিদের জন্য)
হচ্ছে কোনও শিশুর মানসিক স্বাস্থ্য সমস্যা বা বিকাশজনিত অক্ষমতা কমাতে বা নিয়ন্ত্রণ করতে প্রদান করা মিউজিক, বিনোদন, আর্ট বা মাসাজ থেরাপি। স্পেশালাইজড সার্ভিসের মধ্যে আরও অন্তর্ভুক্ত আছে চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ট্রেনিং, কোচিং, স্টাফ সুপারভিশন বা প্রোগ্রামের লক্ষ্য পর্যবেক্ষণ করা।

আপনি যদি Medicaid সুবিধাভোগী হোন, আপনি পৃষ্ঠা 30-36-এর মধ্যে বর্ণিত চিকিৎসা সেবার বাইরেও সেবা পেতে পারেন। আপনার শারীরিক স্বাস্থ্য বজায় রাখার জন্য প্রয়োজনীয় সেবা আপনার প্রাথমিক সেবা প্রদানকারী প্রদান করবে বা প্রদানের আদেশ দেবে। যদি আপনি CMH সেবা গ্রহীতা হয়ে থাকেন, আপনার শারীরিক ও আচরণগত স্বাস্থ্যের সমন্বয় ঘটানোর জন্য MCCMH আপনার প্রাথমিক সেবা প্রদানকারীর সাথে একসাথে কাজ করবে। MCCMH আপনাকে সেটি খুঁজতে সাহায্য করবে।

হোম হেল্প

নোট- হোম হেল্প প্রোগ্রাম Medicaid সুবিধাভোগীদের জন্য আরেকটি সেবা, যাদের দৈনিক জীবনযাপন এবং বাসার কাজকর্ম করতে নিজ বাসায় সহায়তা প্রয়োজন। এই সেবার ব্যাপারে আরও জানতে চাইলে, আপনি নিচের স্থানীয় মিশিগান ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (মিশিগান Department of Health and Human Services, MDHHS) এর নাম্বারে কল করতে পারেন, অথবা সাহায্যের জন্য কাস্টমার সার্ভিসে যোগাযোগ করতে পারেন। ম্যাকস কাউন্টিতে, অ্যাডাল্ট হোমের জন্য আবেদন করুন এখানে-

MDHHS

41227 Mound Road (S. of 18 Mile)

Sterling Hts., MI 48314

586-254-8048

অটিজম সার্ভিসেস

অটিজম স্পেকট্রাম ডিজর্ডার (Autism Spectrum Disorder, ASD) আছে এমন শিশুদের জন্য মিশিগান স্টেট বিভিন্ন ধরনের সেবা প্রদান করে থাকে। 21 বছরের কম বয়সী যাদের অটিজম স্পেকট্রাম ডিজর্ডার আছে এবং যারা Medicaid সুবিধা পাওয়ার উপযুক্ত, তারা এই অটিজম বেনিফিট পাওয়ার উপযুক্ত। এই সুবিধার আওতায় আছে বর্তমানে অটিজম স্পেকট্রাম ডিজর্ডার চিকিৎসায় "গোল্ড স্ট্যান্ডার্ড" হিসেবে বিবেচিত- অ্যাপ্লাইড বিহেভিওরাল অ্যানালিসিস বা ABA।

অ্যাপ্লাইড বিহেভিওরাল অ্যানালিসিস (Applied Behavioral Analysis, ABA) কী?

অ্যাপ্লাইড বিহেভিওরাল অ্যানালিসিস (Applied Behavioral Analysis, ABA) হচ্ছে একটি নিবিড়, আচরণের উপর ভিত্তি করা চিকিৎসা যা বিভিন্ন পদ্ধতি অবলম্বন করে ASD-তে বিদ্যমান পুনরাবৃত্তিমূলক/নিষেধমূলক আচরণ, এবং একইসাথে যোগাযোগ, সামাজিক আদানপ্রদান ইত্যাদিতে ইতিবাচক পরিবর্তন ঘটায়। এগুলো মূলত নিবিড় সেবা এবং এগুলো বাসায়, বা ক্লিনিকে, অথবা দুটোর সমন্বয়ে প্রদান করা হয়ে থাকে। ABA ইন্টারভেনশনের জন্য পিতামাতার/অভিভাবকের প্রশিক্ষণ এবং অংশগ্রহণ আবশ্যিক। ABA এর সাফল্যের জন্য পিতামাতা/তত্ত্বাবধায়কের অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার শিশু কীভাবে এই সেবা পেতে পারে?

এই প্রক্রিয়া শুরু হয় বিগত এক বছরের মধ্যে কোনও ব্যক্তির ব্যক্তিগত প্রাথমিক সেবার চিকিৎসকের দ্বারা করা একটি স্ক্রিনিং দিয়ে। এই পরীক্ষায় অবশ্যই একটি স্ক্রিনিং বা ASD এর প্রমাণ থাকতে হবে এবং এটি নির্দেশ করবে যে শ্রবণ এবং দৃষ্টিশক্তি পরীক্ষা করা হয়েছে। এই পরীক্ষা শেষ হওয়ার পর, পরবর্তী ধাপের ব্যাপারে সাহায্য পেতে অনুগ্রহ করে MCCMH কাস্টমার সার্ভিসে যোগাযোগ করুন।

সেবার জন্য MCCMH কল করা

গ্রাহক পরিষেবা.....টোল ফ্রী- 1-855-99- MCCMH (1-855-996-2264)
TTY: 711

ফ্যাক্স- 586-948-0223

কাজের সময়: সকাল 8:00টা-রাত 8:00টা সোমবার-শুক্রবার (কাউন্টির সমস্ত ছুটির দিনে বন্ধ থাকে)

কর্মঘণ্টার পরে: ক্রাইসিস সেন্টার- 586-307-9100 অথবা 1-855-927-4747 অথবা 988

নন-Medicaid সহায়তা এবং সেবা

আমরা এখন আপনার মানসিক স্বাস্থ্য, মাদকাসক্তি, মেডিক্যাল এবং শারীরিক প্রয়োজনীয়তা- সব একই জায়গায় পূরণ করতে পারবো, ইনস্যুরেন্সের বাধ্যবাধকতা ছাড়াই। যে কেউ নিচে উল্লেখিত সময় এবং স্থানে এসে মূল্যায়ন করতে পারবেন।

MCCMH North
73740 Groesbeck Hwy.
Clinton Township, MI 48036

MCCMH East
25401 Harper Ave.
St. Clair Shores, MI 48081

একই দিনে সেবা পাওয়া- সেইম ডে সার্ভিসেস বা একই দিনে সেবা এই স্থানগুলোতে সোমবার থেকে শুক্রবার সকাল ৪টা ৩০ মিনিট থেকে বিকেল ৩:০০টা পর্যন্ত পাওয়া যাবে।

MCCMH নর্থ বুধবারে ওয়াক-ইন বা সরাসরি এসে সেবা গ্রহণের জন্য বিকেল ৫:০০টা পর্যন্ত খোলা থাকবে।

আপনি যদি সেবা গ্রহণ করে থাকেন, কিন্তু আপনার Medicaid বা অন্য ইনস্যুরেন্স না থাকে, আপনাকে আপনার সেবার বিপরীতে ফী প্রদান করতে হতে পারে। আপনার ফী আপনার আয় এবং খরচ করার সামর্থের উপর ভিত্তি করে ঠিক করা হবে।

যদি আপনার Medicaid না থাকে, আপনার অভিযোগ বা আপিল করার অধিকার Medicaid গ্রহীতাদের অধিকারের চেয়ে আলাদা হবে। আপনার অভিযোগ বা আপিলের অধিকার সম্পর্কে আরও তথ্য জানতে এই বুকলেটের ৫০-৫৬ পৃষ্ঠা মনোযোগ দিয়ে পড়ুন, অথবা **সহায়তার জন্য কাস্টমার সার্ভিসে কল করুন।**

MCOSA

ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ (Macomb County Community Mental Health , MCCMH) হচ্ছে ম্যাকম্ব কাউন্টিতে মাদকাসক্তি সংক্রান্ত সেবার জন্য নির্ধারিত একমাত্র প্রতিষ্ঠান। ম্যাকম্ব কাউন্টি অফিস অফ সাবস্ট্যান্স অ্যাবিউজ (Macomb County Office of Substance Abuse, MCOSA) হচ্ছে MCCMH এর একটি শাখা যা সাবস্ট্যান্স ইউজ সার্ভিসেস বা মাদকাসক্তি সংক্রান্ত সেবা বিষয়ে কাজ করে। MCCMH কমিউনিটি এজেন্সির সাথে চুক্তি করে জনগণের অর্থায়নকৃত মাদকাসক্তি প্রতিরোধ, চিকিৎসা এবং পুনর্বাসন সেবা প্রদান করে, এবং এটির সুবিধাভোগ করে ম্যাকম্ব কাউন্টিতে জনগণের অর্থায়নকৃত সেবা প্রাপ্তির যোগ্য Medicaid বা অন্য সুবিধাভোগী মানুষ।

সেবা গ্রহীতাদের জন্য, MCOSA গ্রাহক অধিকার সেবা এবং ভোক্তা অভিযোগ সমাধান প্রদান করে থাকে।

সাবস্ট্যান্স ইউজ ডিজর্ডার (Substance Use Disorders, SUD)-এ ভোগা ব্যক্তিদের জন্য সেবা

এই পৃষ্ঠা এবং পরের পৃষ্ঠায় Medicaid-এর আওতাভুক্ত সাবস্ট্যান্স ইউজ ডিজর্ডারের চিকিৎসা সেবাসমূহের তালিকা দেয়া আছে। মনে রাখা জরুরি **যে আপনি তালিকার সকল সেবার জন্য উপযুক্ত হবেন না-** আপনি যে সেবা পাবেন, সেটা আপনার ব্যক্তিগত প্রয়োজনের উপর ভিত্তি করে নির্ধারণ করা হবে। যেকোনো Medicaid-এর আওতাভুক্ত সেবার জন্য আপনাকে **চিকিৎসার জন্য জরুরি** মানদণ্ড পূরণ করতে হবে। চিকিৎসার জন্য জরুরি'র অর্থ হচ্ছে সেবাটি কোনও একটি শনাক্তকৃত চিকিৎসা সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য প্রদান করা হচ্ছে।

নিচে উল্লেখিত সাবস্ট্যান্স অ্যাবিউজ সেবাসমূহ Medicaid-এর আওতাভুক্ত। এই সেবাগুলো MCCMH/MCOSA এর মাধ্যমে গ্রহণ করা যাবে।

অ্যাকসেস, অ্যাসেসমেন্ট অ্যান্ড রেফারেল (Access, Assessment, and Referral, AAR) সাবস্ট্যান্স অ্যাবিউজ সেবার প্রয়োজনীয়তা শনাক্ত করে, এবং কোনও ব্যক্তিকে সঠিক সেবা এবং সেবাদানকারী খুঁজে পেতে সাহায্য করে। ম্যাকস কাউন্টিতে, কাস্টমার সার্ভিসে কল করে স্ক্রিনিং এর সময় ঠিক করা যাবে।

ওপিওয়ড হেলথ হোম: এই প্রোগ্রাম মাদকাসক্তি চিকিৎসায় একটি সমন্বিত পদ্ধতি তৈরি করে যেখানে অংশগ্রহণকারীরা তাদের মাদকাসক্তি, মানসিক এবং শারীরিক স্বাস্থ্য সমস্যা সমাধানে বিভিন্ন ধরনের সেবা গ্রহণ করে। তারা একটি সেবাদানকারী দলের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে, এই দলের মূল লক্ষ্য হচ্ছে সেবা বিভিন্ন জায়গায় প্রদান না করে সেটিকে সহজ করে একই ছাদের নিচে রোগীদের সকল সমস্যা ভালোভাবে বোঝা এবং সমাধান করা।

আউটপেশেন্ট ট্রিটমেন্ট হচ্ছে কোনও অফিস সেটিং এ/পরিবেশে একক, পারিবারিক, বা দলগত থেরাপি বা কাউন্সেলিং।

ইনটেন্সিভ/এনহ্যান্সড আউটপেশেন্ট (Intensive/Enhanced Outpatient, IOP বা EOP)- এই সেবায় প্রতি সপ্তাহে আরও নিয়মিত এবং লম্বা সময় ধরে কাউন্সেলিং সেশন হয়ে থাকে, যার মধ্যে দিনের বা সন্ধ্যার প্রোগ্রাম থাকতে পারে।

মেথাডোন এবং LAAM ট্রিটমেন্ট যাদের হেরোইন বা ওপিয়েট আসক্তি আছে তাদেরকে প্রদান করা হয়। এই চিকিৎসায় অন্তর্ভুক্ত সেবাগুলো হচ্ছে একজন ডাক্তারের পর্যবেক্ষণে ওপিয়েট প্রতিস্থাপন করা, নার্সিং সেবা, এবং ল্যাব টেস্ট।

সাব-অ্যাকিউট ডিটক্সিফিকেশন হচ্ছে যারা অ্যালকোহল বা অন্যান্য মাদক ত্যাগ করেছেন, তাদের জন্য আবাসিক সেটিং/পরিবেশে চিকিৎসা সেবা।

রেসিডেনশিয়াল ট্রিটমেন্ট একটি নিবিড় থেরাপি-ভিত্তিক সেবা যেখানে রোগী কোনও লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানে রাতে থেকে চিকিৎসা নেবেন।

আপনি যদি সাবস্ট্যান্স ইউজ ডিজর্ডার (Substance Use Disorder, SUD) সেবার বিষয়ে জানতে চান, এই পৃষ্ঠার নিচে দেয়া নাম্বারে ফোন করে গ্রাহক পরিষেবার সাহায্য নিন। যদি আপনার নেয়া কোনও SUD সেবা বিষয়ে কোনও অভিযোগ বা পরামর্শ জানাতে চান, MCOSA কে ফোন করুন এই নাম্বারে 586-469-5278।

SUD সার্ভিসের জন্য ফোন করুন

গ্রাহকসেবা বিভাগের কাজের সময়: সকাল ৪:০০টা-রাত ৪:০০টা সোমবার-শুক্রবার
(কাউন্টির সমস্ত ছুটির দিনে বন্ধ থাকে)

ফ্যাক্স- 586-948-0223

কার্যক্রমের সময় - সপ্তাহে 7 দিন (কিছু সরকারি ছুটি ব্যতিত), সকাল ৪টা থেকে রাত ৪টা।

কর্মঘণ্টার পরে - ক্রাইসিস সেন্টার - 586-307-9100 অথবা 1-855-927-4747 অথবা 988

মনে রাখবেন: যারা ইংরেজি ব্যতীত অন্য কোনও ভাষায় কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ করেন, তাদের জন্য সকল MCCMH অফিসে টেলিফোন ইন্টারপ্রেটার বা দোভাষী নিয়োজিত আছেন। আপনি যদি বধির, বা যদি আপনার শুনতে অসুবিধা হয়ে থাকে, যেকোনো MCCMH অফিসে যোগাযোগ করতে 711 এ মিশিগান রিলে সেন্টারে কল করুন।

ম্যাকম্ব কাউন্টি অফিস অফ সাবস্ট্যান্স অ্যাবিউজ (Macomb County Office of Substance Abuse(MCOSA)). . . 586-469-5278, 19800 হল রোড, ব্লিনটন টাউনশিপ, 48038

অতিরিক্ত সেবা

Medicaid-এর আওতাভুক্ত সেবার বাইরে, MCCMH এর প্রদান করা এই সেবাগুলো আপনার জন্য ব্যবহারযোগ্য হতে পারে।

মনে রাখবেন: যারা ইংরেজি ব্যতীত অন্য কোনও ভাষায় কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ করেন, তাদের জন্য সকল MCCMH অফিসে টেলিফোন ইন্টারপ্রেটার বা দোভাষী নিয়োজিত আছেন। আপনি যদি বধির, বা যদি আপনার শুনতে অসুবিধা হয়ে থাকে, যেকোনো MCCMH অফিসে যোগাযোগ করতে 711 এ মিশিগান রিলে সেন্টারে কল করুন।

কনজিউমার-রান ড্রপ-ইন সেন্টার: ড্রপ-ইন সেন্টারগুলো পিয়ার-অপারেটেড/পরিচালিত। তারা বিহেভিওরাল হেলথ/আচরণগত স্বাস্থ্য সমস্যার চিকিৎসা শুরু বা বজায় রাখার জন্য প্রয়োজনীয় খাদ্য, বস্ত্র, বাসস্থান, সামাজিকীকরণ এবং সেবা প্রদান করে থাকে। অংশগ্রহণ স্বেচ্ছামূলক এবং বিনামূল্য। ড্রপ-ইন সেন্টারে যাবার জন্য আপনাকে অন্য কোনও চিকিৎসা বা সেবার অংশ হতে হবে না।

Liberties North 586-954-1590

230 North Avenue, Suite 10, Mt. Clemens 48043

Liberties South 5586-777-8094

34051 গ্রেটিওট এভিনিউ, স্যুইট 204, ক্লিন্টন টাউনশিপ 48035

কার্যক্রমের সময়- দুটো ড্রপ-ইন সেন্টারের সময়ই দিন বা ঋতুভেদে পরিবর্তিত হয়। সাপ্তাহিক ছুটি এবং সন্ধ্যার কার্যক্রম চালু আছে। আরও তথ্য জানতে কল করুন।

কর্মঘণ্টার পরে - ক্রাইসিস সেন্টার. 586-307-9100

অথবা 1-855-927-4747 অথবা 988

ফ্যামিলি সাপোর্ট সাবসিডি প্রোগ্রাম: ফ্যামিলি সাপোর্ট সাবসিডি পেমেন্টস অর্টিজম (AI), সিভিয়ার মাল্টিপল ইমপেয়ারমেন্ট (SXI) এর জন্য বিশেষ শিক্ষামূলক প্রোগ্রামে

থাকা শিশু, এবং কগনিটিভ ইমপেয়ারমেন্ট (CI) এর প্রোগ্রামে থাকা কিছু শিশুদের পরিবারদেরকে আর্থিক সহায়তা করে থাকে। MCCMH এর ফ্যামিলি সাপোর্ট সাবসিডি কোঅর্ডিনেটর আবেদনের প্রক্রিয়ার ব্যাপারে সাহায্য করবেন। ফ্যামিলি সাপোর্ট সাবসিডির অর্থ সরাসরি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস প্রদান করে থাকে।

ফ্যামিলি সাপোর্ট সাবসিডি কোঅর্ডিনেটর..... 586-469-7060
6555 15 Mile Road, Sterling Heights 48312

কাজের সময়: সকাল 8টা 30 থেকে বিকেল 5টা 30, সোমবার থেকে শুক্রবার।
কর্মঘণ্টার পরে - ক্রাইসিস সেন্টার. 586-307-9100
অথবা 1-855-927-4747 অথবা 988

PATH হাউজিং প্রজেক্ট: PATH একটি অনুদানভিত্তিক প্রোগ্রাম যা ম্যাকস্ব এবং ওকল্যান্ড কাউন্টিগুলোতে স্ট্রিট আউটরিচ বা পথে জনসংযোগ সেবা দান করে। PATH কমিউনিটি পার্টনারদের সাথে একযোগে কাজ করে যারা রাস্তায় গৃহহীন অবস্থায় আছেন এবং গুরুতর মানসিক অসুস্থতায় ভুগছেন, তাদেরকে সহায়তা এবং সেবার আওতায় আনে। PATH উপযুক্ত অংশগ্রহণকারীদের বাসস্থান, শারীরিক ও মানসিক স্বাস্থ্য সমস্যা, এবং সাবস্ট্যান্স ইউজের চিকিৎসার ব্যাপারে সেবা ও সহযোগিতা প্রদান করে। PATH প্রোগ্রামের ব্যাপারে আরও জানতে যোগাযোগ করুন:

কমিউনিটি হাউজিং নেটওয়ার্ক (হাউজিং রিসোর্স সেন্টার) PATH
প্রোগ্রাম..... 248-269-1335

অ্যাসেসমেন্ট ফর নার্সিং হোম প্লেইসমেন্ট: নার্সিং হোমে থাকার জন্য প্রত্যেকের একটি মানসিক স্বাস্থ্য পরীক্ষা আইনগতভাবে আবশ্যিক। এই পরীক্ষা MCCMH এর কর্মীরা নিয়ে থাকেন, যারা বৃদ্ধ প্রাপ্তবয়স্কদের সেবা সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞ। যদি চিকিৎসা প্রয়োজন হয়, সেটি MCCMH বা পরিবারের পছন্দের কোনও প্রতিষ্ঠান প্রদান করবে। নার্সিং হোম পরীক্ষার ব্যবস্থা করবে।

OBRA অ্যাসেসমেন্ট অ্যান্ড স্পেশালাইজড সার্ভিসেস..... 586-469-7792
ইমেইল..... obraoffice@mccmh.net

6555 15 Mile Road; Sterling Heights; 48312

কাজের সময়: সকাল ৪টা ৩০ থেকে বিকেল ৪টা ৩০, সোমবার থেকে শুক্রবার।

অ্যাপয়েন্টমেন্টের ভিত্তিতে মূল্যায়ন।

ভেটেরান ন্যাভিগেটর সার্ভিসেস: ভেটেরান ন্যাভিগেটর ভেটেরান বা অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তা এবং তাদের পরিবারের সাথে যোগাযোগ করে এবং অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তাদের সেবা প্রাপ্তি এবং কমিউনিটি রিসোর্স ব্যবহার করতে সহায়তা প্রদান করে। সামরিক কর্মকর্তাদের তথ্য, মূল্যায়ন, যোগাযোগ, এবং সাহায্য প্রদান করে, এবং তাদেরকে ফেডারাল, স্টেট এবং স্থানীয় ভেটেরান রিসোর্স ব্যবহার করতে সাহায্য করার মাধ্যমে তাদের স্বাধীনভাবে নিজেদের পরিচালনা করার দক্ষতা গড়ে তোলে। ভেটেরান ন্যাভিগেটরের সেবা পাওয়ার জন্য আপনাকে অন্য কোনও MCCMH সেবার জন্য যোগ্য হতে হবে না।

ভেটেরান ন্যাভিগেটর সার্ভিসেস 586-200-7888
ইমেইল veteran.navigators@mccmh.net

43740 N. Groesbeck; Clinton Township; 48036

কার্যক্রমের সময়- অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে, ক্লিনিকে, বা কমিউনিটিতে।

যে সকল পরিষেবা আওতাভুক্ত নয়

MCCMH কোন কোন ধরনের পরিষেবাকে আওতা বহির্ভূত করেছে সেগুলো এই সেশনে বলা আছে।

“বহির্ভূত” বলতে বোঝায় এসকল পরিষেবার জন্য MCCMH অর্থ প্রদান করবে না।

এই সেকশনে তালিকাভুক্ত এসকল আওতা বহির্ভূত পরিষেবার জন্য MCCMH অর্থ প্রদান করবে না (অথবা এই মেম্বার হ্যান্ডবুকে অন্য কোথাও প্রদত্ত)। মিশিগান Medicaid ও এর জন্য অর্থ প্রদান করবে না। আপনি যদি মনে করেন আওতাভুক্তের বাইরের কোনো পরিষেবার জন্য আমাদের অর্থ প্রদান করতে হবে তাহলে আপনি আপিল করতে পারেন। আপিলের বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য পেজ 50 দেখুন।

এই হ্যান্ডবুকে অন্য কোথাও উল্লেখিত কোনো কিছু বর্জন বা সীমাবদ্ধ করা ছাড়াও নিচের উল্লেখিত বিষয় এবং পরিষেবাসমূহ Medicaid অথবা MCCMH আওতাভুক্ত করে না:

- আকুপাংচার
- পরীক্ষামূলক চিকিৎসা এবং অস্ত্রোপচারের চিকিৎসা, আইটেম এবং ওষুধ পরীক্ষামূলক চিকিৎসা এবং আইটেম হলো সেগুলো যা ওষুধ বা চিকিৎসায় লেবেল ব্যবহার সহ যেগুলো মেডিকেল কমিউনিটি দ্বারা সাধারণত গৃহীত নয়।
- জেরিয়াট্রিক দিবসের প্রোগ্রাম
- স্বতন্ত্র সাইকোফিজিওলজিকাল থেরাপি যা বায়োফিডব্যাক প্রশিক্ষণকে অন্তর্ভুক্ত করে (যেকোনো ধরনের)
- বিবাহ কাউন্সিলিং
- খাবার (চিকিৎসার সেটিংএ প্রদত্ত খাবার ছাড়া)
- ন্যাচারোপ্যাথ পরিষেবা, হোমিওপ্যাথিক সেবা নামেও পরিচিত (প্রাকৃতিক বা বিকল্প চিকিৎসার এর ব্যবহার)
- ভেটেরান্স অ্যাফেয়ার্স (Veterans Affairs, VA) এ ভেটেরান্সদের জন্য নন-ইমারজেন্সি পরিষেবা প্রদানের সুবিধা

- প্যাসটোরাল কাউন্সিলিং
- যে সকল পরিষেবা মিশিগান Medicaid এর মানদণ্ডে "মেডিকেলি প্রয়োজনীয়" হিসাবে বিবেচিত নয়
- অন্যান্য উৎস থেকে আপনার জন্য এভেইলেবল পরিষেবাগুলো। যার মধ্যে আছে স্কুল সিস্টেম, ব্যক্তিগত বীমা বা অন্যান্য উৎস যেগুলোর জন্য শেষ উপায় হিসাবে Medicaid অর্থ পরিশোধ করতে আইনত বাধ্য, তবে শুধুমাত্র এগুলোর মাঝেই সীমাবদ্ধ নয়।
- টেলিফোন পরিষেবা/ ইন্টারনেট ফিস
- Medicaid এর আওতা বহির্ভূত অন্যান্য সকল পরিষেবা বা সহায়তা

আপনার দৈহিক স্বাস্থ্য পরিচর্যা

আপনি যদি Medicaid পান তাহলে অন্যান্য মেডিকেল পরিষেবা যা আগে তালিকাভুক্ত ছিল না, সেগুলোও পেতে পারেন। আপনার শারীরিক স্বাস্থ্যের পরিচর্যার জন্য প্রয়োজনীয় পরিষেবা আপনার প্রাথমিক পরিচর্যা ডাক্তার প্রদান করবেন অথবা নির্দেশ দিবেন। MCCMH পরিষেবা নিলে MCCMH আপনার শারীরিক এবং আচরণগত স্বাস্থ্য পরিষেবায় আপনার প্রাথমিক ডাক্তারের সাথে সম্মিলিতভাবে কাজ করবে। আপনার কোনো প্রাথমিক পরিচর্যা ডাক্তার না থাকলে MCCMH আপনাকে খুঁজতে সহায়তা করবে।

Medicaid স্বাস্থ্য প্ল্যান পরিষেবা

আপনি যদি Medicaid স্বাস্থ্য প্ল্যান পরিষেবার আন্তর্ভুক্ত হন তাহলে আপনার চিকিৎসার প্রয়োজন অনুসারে নিচে উল্লেখিত পরিষেবাগুলো আপনাকে প্রদান করা হবে:

- অ্যাশ্বুলেন্স
- চিরোপ্রাকটিক
- ডক্টর ভিজিট
- পরিবার পরিকল্পনা
- হেলথ চেকাপ
- হেয়ারিং এইড
- হেয়ারিং এবং স্পিচ থেরাপি
- হোম হেলথ কেয়ার
- ইমিউনাইজেশন (শটস)
- ল্যাব এবং এক্স-রে
- মেডিকেল সাপ্লাই
- ওষুধ
- মেন্টাল হেলথ (20 আউট পেশেন্ট ভিজিট পর্যন্ত)
- নার্সিং হোম কেয়ার
- ফিইজিক্যাল এবং ওকুপেশনাল থেরাপি
- প্যারেন্টাল কেয়ার এবং ডেলিভারি
- সার্জারি
- মেডিকেল অ্যাপয়েন্টমেন্টের ট্রান্সপোর্টেশন
- ভিশন

আপনি যদি ইতিমধ্যেই স্বাস্থ্য প্লানের (পেজ 47 দেখুন) আওতাভুক্ত হন তাহলে উপরের তালিকাভুক্ত পরিষেবাগুলো সম্পর্কে বিস্তারিত জানতে সরাসরি স্বাস্থ্য প্লানের সাথে যোগাযোগ করতে পারেন। আপনি যদি এখনো

স্বাস্থ্য প্লানে অন্তর্ভুক্ত না হন অথবা আপনার স্বাস্থ্য প্লানের নাম না জানেন তাহলে সহায়তার জন্য গ্রাহক পরিষেবায় যোগাযোগ করতে পারেন।

পরিচর্যার সমন্বয়

সেবার মান উন্নত করতে, যেসকল চিকিৎসা প্রদানকারীরা আপনার শারীরিক স্বাস্থ্যের পরিচর্যা করে MCCMH তাদের সাথে সমন্বিত হতে চায়। যদি আপনি শারীরিক অপব্যবহারেরও সেবা নিয়ে থাকেন তাহলে আপনার মানসিক স্বাস্থ্য পরিচর্যাও ঐসকল সেবার সাথে সমন্বিত হওয়া প্রয়োজন।

আপনাকে চিকিৎসা প্রদানকারী সকলের সাথে সংযুক্ত হতে পারলে দ্রুত সুস্থ হওয়ার সম্ভাবনা বেড়ে যাবে, লক্ষ্যগুণগুলো কমে আসবে, কার্যকারিতা বৃদ্ধি পাবে। তাই, আপনাকে "তথ্য প্রকাশ" এ স্বাক্ষর করতে উৎসাহিত করা হচ্ছে যাতে তথ্যগুলো জানানো যায়। যদি আপনার হাসপাতালে কোন চিকিৎসক না থাকে আর একজন প্রয়োজন হয় একজন ডাক্তারের, গ্রাহক পরিষেবায় ফোন করণ আমরা আপনাকে একজন চিকিৎসা প্রদানকারী খুঁজে পেতে সহযোগিতা করব।

Medicaid-এ নথিভুক্ত হওয়া

আপনি যদি Medicaid-এ নথিভুক্ত হতে চান তাহলে বিভিন্ন মেডিকেল স্বাস্থ্য পরিকল্পনা সম্পর্কে জানুন, মেডিকেল স্বাস্থ্য পরিকল্পনা পরিবর্তন করুন বা যোগাযোগ করুন **মিশিগান এনরোলস: 1-888-367-6557.**

আপনার যদি ইনস্যুরেন্স না থাকে তবুও আমরা বিশ্বাস করি যে আপনি Medicaid-এর জন্য উপযুক্ত। MCCMH আপনাকে আবেদন করার পরামর্শ দিচ্ছে এবং/অথবা আমরা আপনাকে আবেদন করতে সাহায্য করব।

Medicaid খরচ-কর্তন

Medicaid-এ সেবা পাওয়ার জন্য কিছু মানুষের মাসিক আয় অনেকভাবেই উচ্চ মাত্রার হতে পারে সেক্ষেত্রে তাদের যদি মাসিক চিকিৎসা খরচ অতিমাত্রার হয় তাহলে Medicaid তাদেরকে মনোনীত করতে পারে। এমতাবস্থায়, একটি ছাড় রয়েছে "**খরচ-কর্তন**" নামে। এই "খরচ-কর্তন" এ আপনার মাসের চিকিৎসা খরচ ওই মাসের আপনার

আয় থেকে কাটা হবে। যদি অবশিষ্ট আয় Medicaid-এর বৈশিষ্টের সাথে মিলে তাহলে মাসের বাকি সময়ের জন্য আপনি Medicaid সুবিধা নিতে পারবেন।

Medicaid-এর "খরচ-কর্তন" এর জন্য আপনি উপযুক্ত কিনা এবং আরও তথ্য জানতে আপনার আঞ্চলিক DHHS কার্যালয়ে যোগাযোগ করুন।

Medicaid স্বাস্থ্য পরিকল্পনাসমূহ

ম্যাক্স কাউন্টি তে, এই পরিকল্পনাগুলো তাদের জন্য যারা Medicaid-এর অন্তর্ভুক্ত। আপনি যদি আপনার পরিকল্পনা নিয়ে নিশ্চিত হতে না পারেন যে কোনটি আপনার জন্য উপযোগী তাহলে আপনার MIHealth কার্ডের পিছনে নাম এবং স্বাস্থ্য পরিকল্পনার সংখ্যা দেখুন।

আপনি যদি Medicaid স্বাস্থ্য পরিকল্পনার উপযুক্ত হয়ে থাকেন তাহলে আপনার তথ্য অধিকার, আবেদন অধিকার এবং আপনার স্বাস্থ্য পরিকল্পনার সেবাসমূহের অধিকার রয়েছে। এই অধিকারগুলো MCCMH থেকে প্রাপ্ত সেবার বহির্ভূত এবং অতিরিক্ত। MCCMH অন্তর্ভুক্ত স্বাস্থ্য পরিকল্পনা নিয়ে যদি আপনার কোন জিজ্ঞাসা থাকে, আপনার স্বাস্থ্য পরিকল্পনার গ্রাহক পরিষেবার এই নম্বরে ফোন করুন

এটনা বেটার হেলথ অফ মিশিগান

28588 Northwestern Hwy
Suite 380B
Southfield, MI 48034
1-866-316-3784
<http://www.aetnabetterhealth.com/>
মিশিগান

ব্লু ক্রস কমপ্লিট অফ মিশিগান

4000 Town Center Suite 1300
Southfield, MI 48075
1-800-228-8554
<http://www.bluecrosscomplete.com>

মেরিডিয়ান হেলথ প্ল্যান অফ মিশিগান

1 Campus Martius Suite 700
Detroit, MI 48226
313-324-3700
1-888-437-0606
<http://www.mhplan.com>

মলিনা হেলথকেয়ার অফ মিশিগান

880 W. Long Lake Road
Troy, MI 48098
248-925-1700
1-888-898-7969
<http://www.molinahealthcare.com>

HAP CareSource

1414 E ম্যাপল রোড

ট্রয়, MI 48085

1-833-230-2053

<http://www.hap.org/medicaid>

ম্যাক্লারেন হেলথ প্ল্যান

G-3245 Beecher Road

Flint, MI 48532

1-888-327-0671

<http://www.mclarenhealthplan.org>

প্রায়োরিটি হেলথ চয়েস

1231 E. Beltline NE

Grand Rapids, MI 49525-4501

(616) 942-0954

1-888-975-8102

<http://priorityhealth.com>

ইউনাইটেড হেলথকেয়ার কমিউনিটি প্ল্যান

3000 Town Center, Suite 1400

Southfield, MI 48075

1-800-903-5253

<http://www.uhccommunityplan.com>

তালিকাটি MDHHS দ্বারা 10/1/2024 তারিখে আপডেট করা হয়েছে। একেবারে সাম্প্রতিকতম তালিকা এখানে দেখুন:

https://www.michigan.gov/documents/mdch/MHP_Service_Area_Listing_326102_7.pdf

স্বাস্থ্য পরিকল্পনায় পরিবর্তন

Medicaid স্বাস্থ্য পরিকল্পনা একটা নির্দিষ্ট সময় পর পর পরিবর্তিত হয়। Medicaid সেবার একদম নতুন তথ্য, পরিকল্পনা জানতে অথবা Medicaid এর পরিধি সম্বন্ধে কোন প্রশ্ন থাকলে এখানে কল করুন **Medicaid Helpline: 1-800-642-3195**.

হেলথি মিশিগান কভারেজ

হেলথি মিশিগান পরিকল্পনা হচ্ছে Medicaid এর একটি নির্দেশপত্র যা ফেডারেল দরিদ্র স্তরের 133 শতাংশ উপার্জনকারীকে আওতাভুক্ত করে। হেলথি মিশিগান পরিকল্পনা অত্যাবশ্যকীয় স্বাস্থ্য সুবিধা প্রদান করে, তার মধ্যে রয়েছে : পরিবহনযোগ্য রোগী সেবা, জরুরি সেবা, হাসপাতালে ভর্তি করা, মাতৃত্ব ও সদ্যজাত সেবা, মানসিক স্বাস্থ্য এবং শারীরিক প্রতিবন্ধী চিকিৎসা সেবা, এমনকি আচরণগত স্বাস্থ্য চিকিৎসা, নির্দেশিত ওষুধ,

পুনর্বাসনমূলক ও বাসস্থান সেবা এবং যন্ত্র, পরীক্ষাগার সেবা, প্রতিরক্ষামূলক এবং সুস্থতার সেবা, দীর্ঘস্থায়ী রোগ ব্যবস্থাপনা, নবজাতক সেবা, মৌখিক এবং দৃষ্টি সেবা। হেলথি মিশিগান পরিকল্পনা অন্যান্য যথোপযথ প্রয়োজনীয় চিকিৎসা মেটাবে।

মিশিগান অধিবাসীদের জন্য হেলথি মিশিগানে আবেদন করার তিনটি উপায় আছে :

- উক্ত ঠিকানায় অনলাইন আবেদন করে www.michigan.gov/healthymiplan/
- এই নম্বরে শুক্ল মুক্ত ফোন করে (855) 789-5610
- স্বশরীরে আঞ্চলিক DHHS কার্যালয়ে গিয়ে

মনে রাখবেন! হেলথি মিশিগান কভারেজ একটি Medicaid-এর ই একটি ধরণ। এই বুকলেটের যেখানে আপনি "Medicaid " ব্যবহৃত হতে দেখতে পাবেন, সেটা হেলথি মিশিগান কভারেজের জন্যও প্রযোজ্য।

MI হেলথ লিংক

MI হেলথ লিংক হচ্ছে একটি প্রোগ্রাম যা ম্যাকম্ব কাউন্টি বাসী যারা Medicare এবং Medicaid উভয়ের আওতাভুক্ত তাদের সমন্বিত চিকিৎসা, আচরণগত স্বাস্থ্য, শারীরিক প্রতিবন্ধকতা সেবা প্রদান করে। আপনি সম্ভবত MI হেলথ লিংক এর জন্য উপযুক্ত, যদি আপনি:

- ম্যাকম্ব কাউন্টিতে বসবাস করেন
- MI হেলথ লিংক এর অংশ হতে চান
- Medicare পার্ট A, পার্ট B, এবং পার্ট D থাকলে
- সম্পূর্ণ মিশিগান Medicaid সুবিধার উপযোগী হলে ("খরচ-কর্তন বা মূল্যহ্রাস ছাড়া)
- MI কর্তৃক মউকুফ বা বয়স্কদের যত্ন সংক্রান্ত সকল প্রোগ্রাম এর আওতাভুক্ত না হলে (PACE).

MI হেলথ লিংক এর নথীভুক্তি বা নথীবহির্ভূতির কোন জিজ্ঞাসার জন্য যোগাযোগ করুন মিশিগান এনরোলস এর এই নম্বরে: 1-800-975-7630, সোমবার থেকে শুক্রবার, সকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টার মধ্যে। শ্রবণ প্রতিবন্ধী বা কানে কম শোনে এমন ব্যক্তির 1-888-263-5897 এই নম্বরে কল করুন।

ম্যাকম্ব কাউন্টিতে আপনি যদি MI হেলথ লিংক এর সদস্য হন তাহলে **এটি আপনার জন্য প্রযোজ্য পরিষেবা নির্দেশনা নয়।** আপনি MI হেলথ লিংকে নথিভুক্ত হলে আপনার অধিকার এবং আপনার প্রতি আমাদের বাধ্যবাধকতাগুলো ভিন্ন। যদি আপনি MI হেলথ লিংকের সদস্য হয়ে থাকেন তাহলে আপনার চিকিৎসকের শরণাপন্ন হন, তিনি আপনাকে এই বুকলেটের পরিবর্তে "MI হেলথ লিংকের সদস্যদের জন্য আচরণগত স্বাস্থ্য সেবার নির্দেশিকা"র একটি কপি দিবেন।

আপনাকে প্রদান করা পরিষেবা সম্পর্কে আপনার দুঃস্বপ্নের সমাধান

অভিযোগ

একটি "অভিযোগ" জমা দেওয়ার মাধ্যমে, আপনার পরিষেবা অথবা সহায়তা কিংবা যে কর্মী আপনাকে সেসব প্রদান করেছেন তার উপর সন্তুষ্ট নন এই বিষয়টি জানানোর অধিকার আছে। যেকোনো সময় Ombudperson-কে কল করে, তার সাথে দেখা করে অথবা তার বরাবর চিঠি লিখে আপনি একটি অভিযোগ দায়ের করতে পারেন। অভিযোগপত্র পূরণ করার ক্ষেত্রে, 586-469-7795 নম্বরে Ombudperson অথবা 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবার সাথে যোগাযোগ করার মাধ্যমে সহায়তা পেতে পারেন। বেশিরভাগ ক্ষেত্রে, MCCMH আপনার অভিযোগ পাওয়ার **90 ক্যালেন্ডার দিনের** মধ্যে, আপনার অভিযোগের সমাধান করা হয়ে যায়। যখন আপনি প্রথম পরিষেবা গ্রহণ করা শুরু করেন এবং এরপরে বার্ষিকভাবে, আপনার অভিযোগ এবং সেই অভিযোগের জন্য আপিল করার প্রক্রিয়া সম্পর্কে আপনাকে বিস্তারিত তথ্য প্রদান করা হবে। গ্রাহক পরিষেবায় যোগাযোগ করার মাধ্যমে আপনি যে কোন সময় এই তথ্য জানতে পারেন।

আপিল

আপনি যে পরিষেবার জন্য অনুরোধ করেছেন, কিংবা আপনি বর্তমানে যে পরিষেবা পান তা হ্রাস করা, কিছু সময় কিংবা সবসময়ের জন্য স্থগিত করার বিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়া হলে আপনাকে একটি নোটিশ দেওয়া হবে। এই নোটিশটি "অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন" নামে পরিচিত। আপনি যদি এমন ধরনের সিদ্ধান্তের সাথে একমত না হয়ে থাকেন তবে আপনার অধিকার আছে এর বিরুদ্ধে "আপিল" করার। আপনি যদি আপিল করতে চান, তবে সেই ক্ষেত্রে অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন প্রদান করার **60-ক্যালেন্ডার দিনের** মধ্যে আপনাকে আপিল করতে হবে।

586-469-7795 নম্বরে যথাযথ প্রক্রিয়া সমন্বয়কারীকে কিংবা 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবায় কল করে আপনি স্থানীয় আপিল চাইতে পারেন।

আপনি আপনার আপিলের সমর্থনকারী প্রমাণ প্রদান করার একটি সুযোগ পাবেন, এর পাশাপাশি আপনার ইচ্ছা হলে, আপনার আপিলের বিষয়ে, আপনার পক্ষে কথা বলার জন্য মানুষও আপনি পাবেন।

বেশিরভাগ ক্ষেত্রে, আপনার আপিল **30 ক্যালেন্ডার দিন** বা তার কম সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। আপনি যদি "ত্বরান্বিত আপিল"-এর অনুরোধ করেন এবং আপনি এর জন্য যোগ্য বলে বিবেচিত হন, তবে সেই ক্ষেত্রে আমরা আপনার অনুরোধ পাওয়ার **72-ঘণ্টার** মধ্যে সমাধান করব। সব ক্ষেত্রে, MCCMH আপনার আপিল সমাধান করার জন্য **14-ক্যালেন্ডার দিন** সময় বাড়িয়ে নিতে পারে, যদি আপনি বর্ধিতকরণের অনুরোধ করেন, অথবা যদি MCCMH দেখাতে পারে যে অতিরিক্ত তথ্যের প্রয়োজন আছে এবং বর্ধিতকরণ আপনার জন্য লাভজনক হবে।

আপিল করার জন্য আপনি গ্রাহক পরিষেবা থেকে সহায়তা চাইতে পারেন।

স্টেট ফেয়ার হিয়ারিং

স্টেট ফেয়ার হিয়ারিং জমা দেওয়ার পূর্বে, আপনাকে অবশ্যই একটি স্থানীয় আপিল করতে হবে। তবে, যদি MCCMH যদি নোটিশ এবং সময়ের চাহিদা অনুযায়ী কাজ করতে ব্যর্থ হয়, আপনাকে স্থানীয় আপিল প্রক্রিয়া সম্পন্ন করা বলে বিবেচনা করা হবে। আপনি তখন একটি স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করতে পারেন।

আপনি শুধুমাত্র তখনই স্টেট ফেয়ার হিয়ারিং-এর আবেদন করতে পারবেন যখন আপনি নোটিশ পাবেন যে পরিষেবার দায়িত্ব সম্পর্কে আপনি যে আপিল করেছিলেন তা এখনো বহাল আছে। যদি আপনাকে আপনার নোটিশ প্রদান করা না হয় এবং সঠিক সময়সীমার মধ্যে আপনার আপিলের ব্যাপারে কোনো ধরনের সিদ্ধান্ত জানানো না হয় তবে সেই ক্ষেত্রেও আপনি স্টেট ফেয়ার হিয়ারিং-এর আবেদন করতে পারেন। আপনার স্থানীয় আপিলের সিদ্ধান্ত পাওয়ার পরে একটি নির্ধারিত সময়সীমার মধ্যে আপনি আরেকটি আপিল করতে পারেন।

বেনিফিট চালিয়ে যাওয়া

আপনি পাচ্ছেন এমন মিশিগান Medicaid পরিষেবা যদি হ্রাস, বন্ধ অথবা স্থগিত করা হয় আপনার বর্তমান পরিষেবার অনুমোদন পাওয়ার পূর্বে, এবং আপনি **10 দিনের** মধ্যে আপিল করেন (অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন নোটিশে যেমনটি বলা হয়েছে), আপনার অভ্যন্তরীণ আপিল অপেক্ষমান থাকার সময় আপনি একই মাত্রার পরিষেবা(সমূহ) পেতে থাকবেন। আপনাকে আপনার আপিলের অনুরোধে এটা বলতে হবে যে আপনি চান আপনার পরিষেবা(সমূহ) যেন প্রদান করা চালিয়ে যাওয়া হয়।

যদি আপনি পরিষেবা গুলো পেতে থাকেন এবং আপনার আপিল প্রত্যাখ্যান করা হয়, তবে আপনার স্টেট ফেয়ার হিয়ারিং অপেক্ষমান থাকা অবস্থায় আপনার বেনিফিটগুলো চালিয়ে যাওয়ার অনুরোধ করার অধিকারও থাকবে, যদি আপনি **10 ক্যালেন্ডার দিনের** মধ্যে অনুরোধ করেন। আপনাকে আপনার স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধে এটা বলতে হবে যে আপনি চান আপনার পরিষেবা(সমূহ) যেন প্রদান করা চালিয়ে যাওয়া হয়।

যদি আপনি বেনিফিটগুলো পেতে থাকেন, আপনি ততদিন পর্যন্ত পরিষেবাগুলো পাবেন যতদিন না নিচের যেকোনটি হচ্ছে: 1) আপনি আপিল কিংবা স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ তুলে নেন; অথবা 2) যে সকল কর্তৃপক্ষ আপনার আপিল পেয়েছিলেন, তারা আপনার অনুরোধে "না" করে দিয়েছেন।

নোট: যদি এমন হয় যে আপনার বেনিফিটগুলো চালিয়ে যাওয়া হয়েছিল কারণ আপনি এই প্রক্রিয়া ব্যবহার করেছিলেন, তবে সেই ক্ষেত্রে, আপনার আপিল যতদিন অপেক্ষমান ছিল, ততদিন আপনি যে পরিষেবা পেয়েছেন তার জন্য অর্থ প্রদান করতে হতে পারে, যদি সর্বশেষ সিদ্ধান্ত আপনার আওতাভুক্তি কিংবা পরিষেবার জন্য অর্থপ্রদানের জন্য আপনার অনুরোধ অস্বীকার করে থাকেন। স্টেটের নীতি নির্ধারণ করবে যে চলমান বেনিফিটের জন্য আপনাকে কোন ধরনের অর্থ প্রদান করতে হবে কিনা।

এই সেকশনের বাকি অংশ আপনার ম্যাকস্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ থেকে পরিষেবা ব্যবহার বা পরিষেবার আবেদন করার ক্ষেত্রে অভিযোগ, আপিল এবং দ্বিতীয় মতামতের সর্বোচ্চ ব্যবহার সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করে। এই সেকশনটি ভালো মতো পড়ুন, অথবা সহায়তার জন্য গ্রাহক পরিষেবায় কল করুন।

MCCMH-এর সাথে আপনার অভিজ্ঞতা কার্যকর, সন্তোষজনক, এবং সমস্যা-মুক্ত রাখা নিশ্চিত করতে আমরা আপনার সাথে মিলে কাজ করতে চাই। সময়ের সাথে সাথে, আপনার পরিষেবার বিষয়ে দুশ্চিন্তার উদয় হতে পারে। আমাদের পরিষেবা নিয়ে অথবা MCCMH-এর সাথে আপনার অভিজ্ঞতা নিয়ে **আপনার যে যেকোনো সময় অসন্তুষ্টি হলে সে বিষয়ে আপনার আমাদেরকে জানানোর অধিকার আছে।** আপনি বিভিন্ন পদ্ধতিতে এটি করতে পারেন:

- **অনানুষ্ঠানিক সমাধান:** আপনি যদি আপনার পরিষেবা কিংবা MCCMH-এর সাথে অভিজ্ঞতা নিয়ে কোন কারণে খুশি না হয়ে থাকেন, আমরা আপনাকে সেই বিষয়ে আমাদের সাথে কথা বলতে অনুপ্রানিত করব। আপনার থেরাপিস্ট, কেস ম্যানেজার অথবা সাপোর্টস কোঅর্ডিনেটর অথবা তাদের সুপারভাইজরের সাথে কথা বলুন, যেন ক্লিনিকেই আপনার সমস্যার সমাধান করা যায় কিনা। যদি আপনি আপনার দুশ্চিন্তার বিষয়ে কথা বলার জন্য সহায়তা পেতে চান, গ্রাহক পরিষেবা আপনাকে সহায়তা প্রদান করতে পারবে।

অভিযোগ এবং দ্বিতীয় মতামত

- আপনি যদি MCCMH-এর পরিষেবা গ্রহণ করে থাকেন এবং অসন্তুষ্টি হন, **তবে আপনি একটি অভিযোগ দায়ের করতে পারেন।** একটি **অভিযোগ** হচ্ছে, অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন ব্যতীত, MCCMH করেছে এমন কোন বিষয়ে অসন্তুষ্টির একটি আনুষ্ঠানিক প্রকাশ। সাধারণত এটি আপনাকে আপনার পরিষেবা প্রদান কিংবা আমাদের কর্মী, কন্ট্রাক্টর অথবা পরিষেবা সাইটের কোন একটির সাথে আপনার অভিজ্ঞতা সম্পর্কে হয়ে থাকে। আপনি যখন অভিযোগ দায়ের করবেন, তখন আপনি সেটা মৌখিক কিংবা লিখিত ভাবে দায়ের করতে পারেন, MCCMH-কে অবশ্যই আপনার দুশ্চিন্তার বিষয়ে লিখিতভাবে

স্বীকারোক্তি প্রদান করতে হবে এবং আপনার সাথে মিলে কাজ করতে হবে 90 দিনের মধ্যে সেই দুশ্চিন্তার বিষয়টি সমাধান করার জন্য।

- আপনি যদি প্রথম বার MCCMH-এর পরিষেবা চেয়ে থাকেন, অথবা আপনি হাসপাতালে ভর্তি হতে চাচ্ছেন, আর আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, তাহলে একটি দ্বিতীয় মতামতের জন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। **দ্বিতীয় মতামত** মানে হচ্ছে, CEO বা তার মনোনীত ব্যক্তি দ্বারা নেওয়া সিদ্ধান্তের পুনর্বিবেচনা করা। এটি বিনাব্যয়ে আপনার জন্য সম্পন্ন করা হবে। দ্বিতীয় মতামতের জন্য অনুরোধ করতে আপনি **586-469-7795** নম্বরে ওস্বাডসম্যানকে কল করে সাহায্য চাইতে পারেন।

আপিল

আপনি যদি একটি অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন পেয়ে থাকেন, আপনি **স্থানীয় আপিল** করতে পারেন। স্থানীয় আপিল হচ্ছে MCCMH-এর নেওয়া পদক্ষেপের পর্যালোচনা করার জন্য একটি আনুষ্ঠানিক অনুরোধ। যখন আপনি একটি স্থানীয় আপিল করবেন, তখন MCCMH-এর যথাযথ প্রক্রিয়া সমন্বয়কারি আপনাকে সহায়তা করবেন। MCCMH-এর যথাযথ প্রক্রিয়া সমন্বয়কারী হচ্ছেন একজন MCCMH কর্মী যিনি মূল সিদ্ধান্ত গ্রহণকারীদের অংশ নন।

MCCMH ব্যবহারকারী যে কেউ স্থানীয় আপিলের অনুরোধ করতে পারে। আপনার যদি Medicaid থেকে থাকে, তবে আপিলের বিষয়ে নির্দিষ্ট অধিকার আপনার আছে, যা নিচের পাতাগুলোতে বর্ণনা করা হয়েছে।

অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন হচ্ছে একটি সিদ্ধান্ত যা একজন Medicaid সুবিধা পাওয়া ব্যক্তির পরিষেবা প্রত্যাখ্যান করে অথবা সীমিত করে নিম্নে উল্লেখিত কারণে:

- পরিষেবার ধরণ এবং মাত্রার ভিত্তিতে ডিটার্মিনেশন, মেডিক্যাল আবশ্যিকতার প্রয়োজনীয়তা, উপযুক্ততা, আওতাভুক্ত সুবিধার সেটিং অথবা কার্যকারিতা সহ অনুরোধ করা পরিষেবার অনুমোদন প্রত্যাখ্যান কিংবা সীমিত করা;
- পূর্বে অনুমোদন দেওয়া হয়েছে এমন পরিষেবা হ্রাস, স্থগিত অথবা বাতিল;
- কোন পরিষেবার জন্য অর্থ প্রদানে আংশিক কিংবা সম্পূর্ণ রূপে প্রত্যাখ্যান;

- সাধারণ অনুমোদনের সিদ্ধান্ত প্রদানে এবং পরিষেবার সাধারণ অনুরোধ পাওয়ার 14 দিনের মধ্যে নোটিশ প্রদান করার ক্ষেত্রে ব্যর্থ হওয়া;
- একটি ত্বরান্বিত (দ্রুত) অনুমোদনের অনুরোধ পাওয়ার সময় থেকে 72 ঘণ্টার মধ্যে ত্বরান্বিত (দ্রুত) অনুমোদনের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে ব্যর্থতা;
- MCCMH-এর অনুমোদন অনুযায়ী, ব্যক্তি কেন্দ্রিক পরিকল্পনা মিটিং-এ পরিষেবা প্রদান শুরু করার নির্ধারিত তারিখ থেকে 14 দিনের মধ্যে পরিষেবা প্রদানে ব্যর্থতা;
- সাধারণ আপিলের অনুরোধ পাওয়ার সময় থেকে 30 ক্যালেন্ডার দিনের মধ্যে পদক্ষেপ নেওয়ায় (সিদ্ধান্ত গ্রহণে) MCCMH-এর ব্যর্থতা;
- ত্বরান্বিত (দ্রুত) আপিলের অনুরোধ পাওয়ার সময় থেকে 72 ঘণ্টার মধ্যে পদক্ষেপ নেওয়ায় (সিদ্ধান্ত গ্রহণে) MCCMH-এর ব্যর্থতা;
- অভিযোগ কিংবা নালিশ জমা দেওয়ার 90 দিনের মধ্যে ব্যবস্থাপনা নেওয়ার ক্ষেত্রে এবং স্থানীয় অভিযোগ/নালিশের নোটিশ দেওয়ার ক্ষেত্রে MCCMH-এর ব্যর্থতা।

উপরে উল্লেখ করা অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশনের পাশাপাশি, আপনি একটি স্থানীয় আপিল করতে পারেন যদি আপনি নিম্নের বিষয়গুলোতে একমত না হয়ে থাকেন:

- আপনার ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনার বিষয় (আপনার পরিষেবার পরিকল্পনা)
- পারিবারিক সহায়তায় ভর্তুকি প্রদানের বিষয়ে আপনার যোগ্যতা সম্পর্কে আমাদের সিদ্ধান্ত
- আপনি যদি Medicaid না পান এবং ফী প্রদান করতে হয় তবে সেই ক্ষেত্রে আমরা আপনার পরিষেবার জন্য যে ফী নির্ধারণ করি সে বিষয়ে।

একটি স্থানীয় আপিল পূরণ করার এবং সমাধান করার জন্য টাইমলাইন:

“পদক্ষেপ গ্রহণের তারিখ” হচ্ছে সেই তারিখ, যেদিন আপনি ডাকযোগে চিঠি পেয়েছেন যার মধ্যে আপনাকে অ্যাডভার্স অ্যাকশন সম্পর্কে জানানো হয়। আপনার যদি Medicaid থেকে থাকে, ডাকযোগে চিঠি পাঠানোর তারিখ থেকে আপনার কাছে 60 দিন সময় আছে একটি আপিল অনুরোধ করার জন্য। সাধারণ আপিলের ক্ষেত্রে অনুরোধ করার 30 দিনের মধ্যে সিদ্ধান্ত নিতে হবে; অথবা যদি ত্বরান্বিত (দ্রুত) আপিল অনুমোদন

পায় তবে 72 ঘণ্টার মধ্যে সিদ্ধান্ত নিতে হবে। কিছু অবস্থায়, সিদ্ধান্ত নেওয়ার সময়সীমা বর্ধিত হতে পারে, যেমন আপনি যদি আপনার শুনানির তারিখ পরিবর্তন করতে চান, অথবা আপনার যদি তথ্য সংগ্রহ করার জন্য আরো তথ্যের প্রয়োজন হয়। আপনি মৌখিক কিংবা লিখিতভাবে একটি স্থানীয় আপিলের অনুরোধ করতে পারেন। আমরা যখন আপনার অনুরোধ প্রথমবার পাই তখন সিদ্ধান্ত নেওয়ার টাইমলাইন শুরু হয়।

আপনি যদি Medicaid পেয়ে থাকেন, এবং আপনি আপনার স্থায়ী আপিলের সিদ্ধান্ত সম্পর্কে সন্তুষ্ট না হন, আপনি স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করতে পারেন। একটি স্টেট ফেয়ার হিয়ারিং-কে **Medicaid ফেয়ার হিয়ারিং-ও** বলা হয়ে থাকে। MCCMH যে আপনাকে প্রদান করা পরিষেবা প্রত্যাখ্যান, হ্রাস, বাতিল অথবা স্থগিত করার সিদ্ধান্ত নিয়েছে, স্টেট পর্যায়ে তার পর্যালোচনা করাই হচ্ছে স্টেট ফেয়ার হিয়ারিং। MCCMH থেকে স্বাধীন একজন অ্যাডমিনিস্ট্রেটিভ ল জাজ সেই পর্যালোচনার শুনানি দিবেন। **আপনাকে অবশ্যই একটি স্থানীয় আপিল করতে হবে স্টেট ফেয়ার হিয়ারিং অনুরোধ করার জন্য।** আপনার কাছে ডাকযোগে আপনার স্থানীয় আপিলের সিদ্ধান্ত পাঠানোর 120 দিনের মধ্যে, অবশ্যই লিখিতভাবে, Medicaid ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করতে হবে। একটি Medicaid ফেয়ার হিয়ারিং-এ যে সিদ্ধান্ত গৃহীত হয় তার মধ্যে MCCMH সীমাবদ্ধ।

আপিল করার সময় আপনার অধিকার

যখন আপনি একটি স্থানীয় আপিল অথবা স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করেন, তখন আপনার নির্দিষ্ট কিছু অধিকার আছে, এর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

শুনানির জন্য অনুমোদিত প্রতিনিধি: যদি আপনার ইচ্ছা হয়, আপনি শুনানিতে আপনার পক্ষে (অথবা আপনার স্থলে) কথা বলার জন্য শুনানির জন্য অনুমোদিত একজন প্রতিনিধি নির্ধারণ করতে পারেন। শুনানির জন্য অনুমোদিত একজন প্রতিনিধি নির্ধারণ করার ক্ষেত্রে, শুনানির অনুরোধের সময় আপনাকে অবশ্যই লিখিতভাবে তা জানাতে হবে। যদি আপনার জন্য আইনগত ভাবে একজন অভিভাবক নির্ধারিত থেকে থাকেন, তবে তিনি শুনানিতে আপনার জন্য কথা বলবেন।

পরিষেবা চালিয়ে যাওয়া: আপনি যদি একটা অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন পেয়ে থাকেন যা কিনা একটি সচল অনুমোদনের মাঝপতে কার্যকর হয়, তবে

আমাদেরকে অবশ্যই আপনাকে পরিষেবা দেওয়া চালিয়ে যেতে হবে যতদিন না আপনার আপিলের রায় আসছে, যদি আপনি এমনটি করার জন্য অনুরোধ করেন। পরিষেবা চালিয়ে যাওয়ার জন্য আপনাকে অবশ্যই লিখিতভাবে অনুরোধ করতে হবে, এবং আপনাকে অবশ্যই এই অনুরোধটি পদক্ষেপের তারিখের 10 ক্যালেন্ডার দিনের মধ্যে করতে হবে (আপনি যে নোটিশটি পাবেন তা ডাকযোগে আসার তারিখ)। আপনি যদি আপনার পরিষেবা চালিয়ে যাওয়ার অনুরোধ করেন এবং শুনানির অফিসার অথবা স্টেট ALJ পূর্বের পদক্ষেপের সাথে সম্মত হন, তবে সিদ্ধান্ত নেওয়ার আগ পর্যন্ত আপনাকে যে পরিষেবা প্রদান করা হয়েছে, আপনাকে সেগুলোর জন্য অর্থ প্রদান করতে হতে পারে।

ত্বরান্বিত (দ্রুত) অনুরোধ: আপনি যদি মনে করেন যে সাধারণ আপিলের জন্য অপেক্ষা করলে আপনার বেশি ক্ষতি হতে পারে অথবা আপনার দৈনন্দিন কার্যকলাপের সক্ষমতা অনেক বেশি কমে যেতে পারে তবে আপনি একটি ত্বরান্বিত (দ্রুত) অনুরোধ করতে পারেন। আপনার পরিষেবা প্রদানকারী আপনাকে ত্বরান্বিত (দ্রুত) অনুরোধ করার ক্ষেত্রে সহায়তা করতে পারেন। ত্বরান্বিত (দ্রুত) অনুরোধ 72 ঘণ্টার মধ্যে সমাধান করা হবে। যদি অপেক্ষা করলে আপনার ক্ষতি হবে না বলে আমরা মনে করি তাহলে MCCMH আপনার ত্বরান্বিত (দ্রুত) আপিল প্রত্যাখ্যান করতে পারে। আমরা যদি আপনার ত্বরান্বিত (দ্রুত) অনুরোধ প্রত্যাখ্যান করে থাকি, তবে আপনার আপিলের রায় সাধারণ সময়সীমার মধ্যে প্রদান করা হবে। আপনি যদি একটি ত্বরান্বিত (দ্রুত) অনুরোধ করতে চান, তবে আপনি যখন আপিলের অনুরোধ করবেন তখন এমনটি করবেন।

প্রতিশোধ থেকে স্বাধীনতা: আপনি যদি একটি অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন পেয়ে থাকেন এবং আপনি একটি আপিল করতে কিংবা স্টেট ফেয়ার হিয়ারিং অনুরোধ করতে, অথবা অভিযোগ করতে, অথবা অন্য কোন সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া ব্যবহার করতে চান, আপনি নিশ্চিত্তে এমনটি করতে পারেন, প্রতিশোধ, হয়রানি অথবা বৈষম্যের শিকার হওয়ার ভয় ছাড়াই। আপনার যদি মনে হয়ে থাকে যে এই পরিষেবাগুলো ব্যবহার করার জন্য আপনার উপর প্রতিশোধ নেওয়া হয়েছে, তবে রিসিপিয়েন্ট রাইটস অফিসে যোগাযোগ করুন।

ভাষাগত সহযোগিতা এবং অন্যান্য সুবিধা: আপনার যখন স্থানীয় আপিল, স্টেট ফেয়ার হিয়ারিং অথবা সিদ্ধান্ত নেওয়ার অন্য কোন পরিষেবা চলমান থাকে, আপনার অধিকার আছে ভাষাগত সহায়তা এবং অন্যান্য যৌক্তিক সুবিধা লাভের যেন আপনি সেই প্রক্রিয়ায় অংশ নিতে পারেন। আপনি যদি ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষায় সবথেকে বেশি পারদর্শী হয়ে থাকেন, যদি আপনি একজন ASL অনুবাদক চান, অথবা যদি আপনার অন্য সুবিধার প্রয়োজন হয়ে থাকে, তবে আমাদেরকে শুনানির অনুরোধের সময় সেগুলো জানান। আমরা আপনার সাথে মিলে কাজ করবো যেন আপনার প্রয়োজনীয়তার উপলভ্যতা নিশ্চিত করা যায়। এই পরিষেবাগুলো আপনার জন্য বিনামূল্যে উপলব্ধ।

লিখিত বিজ্ঞপ্তি: যখন MCCMH একটি অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন নিয়ে থাকে আপনার পরিষেবা সম্পর্কে, আমাদের অবশ্যই আপনাকে একটি লিখিত নোটিশ এবং আমরা কেন সেই সিদ্ধান্ত নিয়েছি তা পাঠাতে হবে। চিঠির পাশাপাশি, আমাদেরকে অবশ্যই একটি লিখিত ব্যাখ্যা প্রদান করতে হবে যাতে ব্যাখ্যা করা থাকবে যে আপনি আমাদের এই সিদ্ধান্তের বিষয়ে কি কি করতে পারেন। এছাড়াও আপনি যদি কোন বিষয় অভিযোগ দায়ের করে থাকেন তবে আপনার দুশ্চিন্তার বিষয়ে আমাদেরকে একটি লিখিত স্বীকৃতি প্রদান করতে হবে। আমাদের এই নোটিশ গুলো নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রদান করতে হবে যাতে করে, প্রতিক্রিয়া জানানোর জন্য আপনি সুযোগ পান। যখন আপনার অভিযোগ, আপিল অথবা শুনানির কাজ শেষ হবে, আপনাকে একটি চিঠি পাঠানো হবে যেখানে ব্যাখ্যা করা থাকবে যে আপনার সমস্যাগুলোর সমাধান কীভাবে করা হয়েছে, এবং এর পাশাপাশি উল্লেখ করা হবে যে এরপরে আপনার অধিকার কি কি।

প্রতিনিধিত্ব এবং সাক্ষী: আপনি যখন একটি আপিল অথবা স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করবেন, তখন প্রমাণ কিংবা সাক্ষী এবং/ অথবা একজন আইনজীবী কিংবা উকিল নিয়ে আসার অধিকার আপনার আছে। আপনি আপনার সাথে অন্য ব্যক্তিদেরও নিয়ে আসতে পারেন যারা আপনাকে সেই অবস্থায় আরামদায়ক অনুভব করতে সহায়তা করতে পারেন।

আপনার রেকর্ডের পর্যালোচনা: আপনি যদি একটি আপিল অথবা স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করেন, আপনার অধিকার আছে আপিলের পূর্বে আপনার

রেকর্ডগুলো দেখার। আপিলের জন্য আমরা আপনাকে আপনার রেকর্ডের যে কপি প্রদান করবো তার জন্য আপনাকে অর্থ প্রদান করতে হবে না। এর পাশাপাশি আপনি যেকোনো সময় আপনার রেকর্ডের পর্যালোচনার অনুরোধ করতে পারেন। অবস্থাভেদে, কপি করার জন্য কিছু অর্থ প্রদান করতে হতে পারে।

বিকল্প সমস্যা সমাধান প্রক্রিয়া (Alternate Dispute Resolution Process, ADRP): আপনার যদি Medicaid না থাকে এবং আপনি আপনার স্থানীয় আপিল/ স্থানীয় সমস্যা সমাধান নিয়ে সন্তুষ্ট না হয়ে থাকেন, সেই ক্ষেত্রে আপনি বিকল্প সমস্যা সমাধান প্রক্রিয়া ব্যবহার করতে পারেন। এই প্রক্রিয়াটি Medicaid বেনিফিশিয়ারি যে স্টেট ফেয়ার হিয়ারিং পাওয়ার কথা তার পরিবর্তে কাজ করে। ADRP হচ্ছে, আপনার দুশ্চিন্তার বিষয়ে লানসিং-এর ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেসের পর্যালোচনা। আপনাকে অবশ্যই ADRP-এর জন্য লিখিত অনুরোধ জানাতে হবে, আপনার স্থানীয় আপিলের ফলাফল পাওয়ার 10 দিনের মধ্যে। আপনি যদি Medicaid না পেয়ে থাকেন তবে আপনাকে আগে অনানুষ্ঠানিক ভাবে অথবা একটি অভিযোগের মাধ্যমে, এরপরে স্থানীয় আপিল ব্যবহার করে এবং সবশেষে ADRP প্রক্রিয়া ব্যবহার করে আপনার দুশ্চিন্তার সমাধান করতে হবে। ADRP-এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত উপদেষ্টামূলক মাত্র — সেগুলো মেনে চলা MCCMH-এর জন্য বাধ্যতামূলক নয়।

রিসিপিয়েন্ট রাইটস: আপনি যখন একটি অভিযোগ দায়ের করেন, দ্বিতীয় মতামত চান, আপিল অথবা স্টেট ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করেন, অথবা বিকল্প সমস্যা সমাধান প্রক্রিয়ার অনুরোধ করেন, তখন আপনি অফিস অফ রিসিপিয়েন্ট রাইটসের অধীনে রিসিপিয়েন্ট রাইটস অভিযোগও দায়ের করতে পারেন।

আপনার দুশ্চিন্তার বিষয়ে সহায়তা করা

আপনার দুশ্চিন্তার বিষয়গুলোর সমাধান করতে আপনার যদি সহায়তার প্রয়োজন হয়ে থাকে, **Ombudsperson** আপনার সহায়তা করার জন্য উপলব্ধ আছেন। আমরা আপনার এবং আপনার দুশ্চিন্তার সাথে সম্পর্কিত মানুষের সাথে মিলে কাজ করবো যেন একটি সন্তুষ্টিজনক ফলাফল পাওয়া যায়।

Ombudsperson 586-469-7795

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-469-7674

কর্মঘণ্টা: সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোমবার-শুক্রবার।

সাধারণ কর্মঘণ্টার বাইরে: ক্রাইসিস সেন্টার 586-307-9100

অথবা 1-855-927-4747 অথবা 988

মনে রাখুন: এই অফিসগুলোতে টেলিফোনে অনুবাদক পরিষেবা আছে তাদের জন্য যারা ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ভালো পারেন। আপনি যদি বধির হয়ে থাকেন কিংবা শুনতে সমস্যা হয়ে থাকে, 711-নম্বরে মিশিগান রিলে সেন্টারে কল করুন MCCMH-এর যেকোনো অফিসে যোগাযোগ করার জন্য।

আচরণগত স্বাস্থ্যের জন্য মধ্যস্থতাকারী পরিষেবা প্রোগ্রাম

মিশিগানের আচরণগত স্বাস্থ্যের জন্য মধ্যস্থতাকারী পরিষেবার প্রোগ্রাম আপনাকে সুযোগ দেয় একজন নিরপেক্ষ, স্বাধীন মধ্যস্থতাকারী পেশাদারের সাথে কথা বলতে যেন, আপনার কমিউনিটি মেন্টাল হেলথ (Community Mental Health, CMH) পরিষেবার অভিজ্ঞতার বিষয়ে সমস্যা সমূহের সমাধান করা সম্ভব হয়।

মধ্যস্থতা করার সময়, একজন নিরপেক্ষ তৃতীয়-পক্ষের মধ্যস্থতাকারী ব্যক্তিদেরকে নির্দেশনা প্রদান করেন একটি গোপন তথ্য শেয়ার করার এবং সিদ্ধান্ত-গ্রহণের প্রক্রিয়ার মধ্য দিয়ে। মধ্যস্থতাকারী নিশ্চিত করেন যেন সকল পক্ষ তাদের কথা বলার সুযোগ পায় এবং তিনি সেখানে ক্ষমতার সমতা নিশ্চিতও করেন। সম্পর্কিত ব্যক্তির সম্মত হতে পারেন এমন একটি সিদ্ধান্তে পৌঁছানোর জন্য মধ্যস্থতাকারী কাজ করবেন।

মধ্যস্থতার সুবিধা

- দুশ্চিন্তা জানানোর জন্য এটি একটি নিরাপদ স্থান প্রদান করে।
- এটি একটি নিরপেক্ষ প্রক্রিয়া যেখানে সকল পক্ষ সমান ভাবে কথা বলতে পারে।
- এটা গোপন
- অন্য কোন ধরনের ন্যায্য প্রক্রিয়ার অধিকার আপনি হারাবেন না (যেমন, স্থানীয় আপিল, অভিযোগ, নালিশ, ইত্যাদি)

এতে কত খরচ হয়?

- একটি CMH থেকে মানসিক স্বাস্থ্য পরিষেবা গ্রহণ করা সকল পক্ষই বিনামূল্যে মধ্যস্থতার পরিষেবাটি পেতে পারেন। মধ্যস্থতাকারী পরিষেবার জন্য মিশিগান ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Michigan Department of Health and Human Services, MDHHS) গ্রান্ট অর্থ প্রদান করে থাকে।

মধ্যস্থতার অনুরোধ কীভাবে করব?

ওকল্যান্ড মিডিয়েশন সেন্টার (Oakland Mediation Center, OMC) সকল ধরনের মধ্যস্থতাকারী পরিষেবা প্রদান করে থাকে।

1. সোমবার থেকে শুক্রবার সকাল 9:00 টা – বিকাল 5:00 টা পর্যন্ত 844-3-MEDIATE নম্বরে কল করে OMC-এর সাথে যোগাযোগ করুন অথবা behavioralhealth@mediation-omc.org ঠিকানায় ইমেইল করুন।
2. OMC-এর মধ্যস্থতাকারী বিশেষজ্ঞ আপনার যোগ্যতা নিশ্চিত করবেন।
3. আপনি যদি যোগ্য হন, OMC-এর মধ্যস্থতাকারী বিশেষজ্ঞ আপনার কেসটি আপনার স্থানীয় কমিউনিটি সমস্যা সমাধান প্রোগ্রাম সেন্টারের (Community Dispute Resolution Program, CDRP) কাছে রেফার করে দিবে।
4. CRDP-এর কর্মীদের একজন আপনার এবং MCCMH-এর সাথে যোগাযোগ করবে যেন দুশ্চিন্তার বিষয়ে বুঝার জন্য ইনটেকের সময়সূচি নির্ধারণ করা যায়।
5. ইনটেকের পরে, 10 কার্যদিবসের মধ্যে CDRP একটি মধ্যস্থতাকারী সেশনের ব্যবস্থা করবে।

**আপনার কোন প্রশ্ন থেকে থাকলে 844-3-MEDIATE -এ কল করুন অথবা
www.mediation-omc.org ওয়েবসাইটে যান।**

অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস

প্রত্যেক ব্যক্তী যে কিনা সরকারি আচরণগত স্বাস্থ্য পরিষেবা পেয়ে থাকে, তাদের কিছু নির্দিষ্ট অধিকার আছে। মিশিগান হেলথ কোড কিছু অধিকার প্রদান নিশ্চিত করে থাকে। আপনার অধিকারগুলোর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- অত্যাচার এবং অবহেলা থেকে স্বাধীন থাকার অধিকার
- গোপনীয়তার অধিকার
- সম্মান এবং মর্যাদা প্রদর্শন পূর্বক চিকিৎসা পাওয়ার অধিকার
- অবস্থা অনুযায়ী চিকিৎসা পাওয়ার অধিকার

আপনার অধিকার জনিত আরো তথ্য "আপনার অধিকারসমূহ" নামক বুকলেটে আছে। আপনি যখন প্রথম পরিষেবা নেওয়া শুরু করবেন তখন আপনাকে বুকলেটটি দেওয়া হবে এবং আপনার অধিকার আপনার কাছে ব্যাখ্যা করে দেওয়া হবে, এবং এর পরে প্রতি বছরে একবার এমনিটি করা হবে। আপনি যেকোনো সময় এই বুকলেটটি চাইতে পারেন।

আপনার যদি মনে হয় যে কর্মীরা আপনার অধিকার লঙ্ঘন করেছে তবে আপনি যেকোনো সময় একটি রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করতে পারেন। আপনি মৌখিক কিংবা লিখিত ভাবে রিসিপিয়েন্ট রাইটস অভিযোগটি করতে পারেন।

আপনি যদি নেশা জাতীয় পদার্থের অপব্যবহারের জন্য পরিষেবা পেয়ে থাকেন, তবে আপনার অধিকার গুলো সরকারি হেলথ কোড দ্বারা সুরক্ষিত থাকবে। এই অধিকারগুলোও আপনাকে প্রথম তখন জানিয়ে দেওয়া হবে যখন আপনি পরিষেবা গ্রহণ করা শুরু করবেন এবং এর পরে প্রতি বছরে একবার এমনিটি করা হবে। আপনি যখন নেশাজাতীয় পদার্থের অপব্যবহার জনিত পরিষেবা গ্রহণ করবেন তখন আপনার অধিকার সম্পর্কে আরো বেশি জানতে পারেন "আপনার অধিকার জানুন" প্যাম্পলেটে।

আপনি MCCMH-এর সাথে যোগাযোগ করতে পারেন একজন রিসিপিয়েন্ট রাইটস অফিসারের সাথে কথা বলার জন্য যদি আপনার অধিকার ব্যাপারে কোন ধরনের প্রশ্ন থেকে থাকে কিংবা আপনি যদি একটি অভিযোগ করতে চান। গ্রাহক পরিষেবাও আপনাকে সহায়ত করতে পারে অভিযোগ করার ক্ষেত্রে। 586-469-6528 নম্বরে আপনি MCCMH রিসিপিয়েন্ট রাইটস অফিসে অথবা 1-855-99-MCCMH (1-855-996-2264) নম্বরে গ্রাহক পরিষেবায় যোগাযোগ করতে পারেন।

প্রতিশোধ থেকে স্বাধীনতা

আপনি যদি সরকারি আচরণগত স্বাস্থ্য অথবা নেশাজাতীয় পদার্থের অপব্যবহার জনিত পরিষেবা গ্রহণ করে থাকেন, তবে আপনার অধিকার আছে আপনার অধিকার এবং অধিকার সুরক্ষা সিস্টেম ব্যবহার করার কোন ধরনের প্রতিশোধ, হয়রানি অথবা বৈষম্যের ভয় ছাড়াই। এর পাশাপাশি, কোন ক্ষেত্রেই সরকারি আচরণগত স্বাস্থ্য সিস্টেম আপনাকে একলা রাখবে না কিংবা আপনার ক্ষেত্রে রিস্ট্রিক্ট প্রদান করবে না জবরদস্তি করার জন্য, আপনাকে শাসন করার জন্য, তাদের সুবিধা অনুযায়ী কাজ করার জন্য অথবা আপনার উপর প্রতিশোধ নেওয়ার জন্য।

রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করা

আপনি যদি মনে করে থাকেন যে আপনার অধিকার লঙ্ঘন করা হয়েছে তবে আপনি যেকোনো সময় একটি রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করতে পারেন। আপনি মৌখিক কিংবা লিখিত ভাবে একটি রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করতে পারেন। আপনার পক্ষে অন্যরাও রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করতে পারবে। রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করার জন্য, অথবা আপনার অধিকার সম্পর্কে আরো জানার জন্য, কল করুন:

অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস586-469-6528

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-466-4131

কর্মঘণ্টা: সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোমবার-শুক্রবার, এবং অ্যাপয়েন্টমেন্টের ভিত্তিতে।

মনে রাখুন: এই অফিসগুলোতে টেলিফোনে অনুবাদক পরিষেবা আছে তাদের জন্য যারা ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ভালো পারেন। আপনি যদি বধির হয়ে থাকেন কিংবা শুনতে সমস্যা হয়ে থাকে, 711-নম্বরে মিশিগান রিলে সেন্টারে কল করুন MCCMH-এর যেকোনো অফিসে যোগাযোগ করার জন্য।

নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার জনিত রিসিপিয়েন্ট রাইটস

প্রত্যেক ব্যক্তি যে কিনা মদ কিংবা নেশাজাতীয় দ্রব্যের জন্য চিকিৎসার পরিষেবা পায়, তার কিছু অধিকার আছে যা কিনা আইনের দ্বারা সুরক্ষিত। নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহারজনিত পরিষেবার ক্ষেত্রে আপনার নির্দিষ্ট অধিকার সমূহ মিশিগান, এবং অন্যান্য স্টেট এবং ফেডারেল আইনের নেশাজাতীয় পদার্থের অপব্যবহার অংশে উল্লেখিত আছে।

আপনার কিছু অধিকারের মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- গোপনীয়তার অধিকার (গোপনীয়তা)
- অত্যাচার এবং অবহেলা থেকে মুক্ত থাকার অধিকার
- আপনার প্রয়োজন মেটায় এমন পরিষেবা পাওয়ার অধিকার
- সম্মান এবং মর্যাদা প্রদর্শন পূর্বক চিকিৎসা পাওয়ার অধিকার

আপনি যখন নেশাজাতীয় পদার্থের অপব্যবহার জনিত রোগের চিকিৎসা পান তখন আপনি বিভিন্ন অধিকারও পান। সেই গুলো সম্পর্কে জানার জন্য MCOSA অথবা আপনার চিকিৎসা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।

নেশাজাতীয় পদার্থের অপব্যবহার জনিত চিকিৎসা পরিষেবা সম্পর্কিত দুশ্চিন্তার সমাধান

আপনি যদি আপনার Medicaid পরিকল্পনা প্রদত্ত নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার জনিত চিকিৎসা পরিষেবা সম্পর্কে দুশ্চিন্তায় থাকেন, তাহলে আপনি একটি লিখিত কিংবা মৌখিক অভিযোগ করতে পারেন। অভিযোগটির সমাধান দ্রুততার সাথে এবং অনানুষ্ঠানিক ভাবে করা হবে।

আপনার যদি Medicaid থেকে থাকে এবং আপনি আপনাকে প্রদান করা বা আপনার জন্য অনুমোদিত পরিষেবার গুণগতমান, ধরণ অথবা পরিমাণ বিষয়ে কোন দুশ্চিন্তায় থাকেন, তাহলে আপনি একটি স্থানীয় অভিযোগ, একটি দ্বিতীয় মতামত, একটি স্থানীয় আপিল অথবা একটি Medicaid ফেয়ার হিয়ারিং-এর অনুরোধ করতে পারেন। আপনার

যদি Medicaid না থাকে, তবে আপনার অন্য উপায় আছে সমস্যা সমাধানের জন্য। 51-58 পৃষ্ঠা দেখুন সমস্যা সমাধানের সেই উপায় গুলো সম্পর্কে বিস্তারিত জানার জন্য।

আপনি যদি বিশ্বাস করেন যে নেশাজাতীয় পদার্থের অপব্যবহার জনিত চিকিৎসা পরিষেবায় আপনার যে রিসিপিয়েন্ট রাইটস আছে তা লঙ্ঘন করা হয়েছে, তবে আপনি একটি রিসিপিয়েন্ট রাইটস অভিযোগ করতে পারেন।

আপনি যখন নেশাজাতীয় পদার্থের অপব্যবহার সম্পর্কিত চিকিৎসা পরিষেবা পাবেন, তখন আপনার অধিকার সম্পর্কে আরো জানতে হলে, যোগাযোগ করুন:

মাকোন্স কাউন্টি অফিস অফ সাবস্ট্যান্স অ্যাবিউজ.586-469-5278

19800 Hall Road, Clinton Township 48038, MI 48038

কর্মঘণ্টা: সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোমবার থেকে শুক্রবার

কর্মঘণ্টা পরবর্তী সময়: ক্রাইসিস সেন্টার.586-307-9100

অথবা 1-855-927-4747 অথবা 988

কোন অফিসে কল করবেন

মনে রাখবেন! আপনি হয়তো MCCMH অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস অথবা MCCMH/ MCOSA-এর কাছে কল করতে পারেন একজন অধিকার উপদেষ্টার সাথে কথা বলার জন্য যদি আপনার অধিকার ব্যাপারে আপনার কোন প্রশ্ন থেকে থাকে কিংবা আপনি অভিযোগ করার জন্য সহায়তা পেতে চান। গ্রাহক পরিষেবাও আপনাকে আপনার পরিষেবার দুর্ভাগ্য বিষয়ে সহায়তা করতে পারে এবং আপনাকে জানাতে পারে যে আপনার কাকে কল করা উচিত।

গোপনীয়তা

গোপনীয়তা এবং পরিবারের তথ্যের প্রতি অ্যাক্সেস

আপনার আচরণত স্বাস্থ্য বিষয়ক চিকিৎসার তথ্য গোপন রাখার অধিকার আছে। আপনার এই অধিকারও আছে যে আপনি আপনার ক্লিনিক্যাল রেকর্ড দেখতে এবং সেগুলোর একটি কপি পাওয়ার অনুরোধ করতে পারেন। আপনার ক্লিনিক্যাল রেকর্ডে যদি এমন কোন কিছু থাকে যার সাথে আপনি একমত নন তবে তা পরিবর্তন এবং ঠিক করার জন্য আমাদেরকে বলার অধিকারও আপনার আছে। অনুগ্রহ মনে রাখুন যে, আপনি এমনটি বললেও, আপনার ক্লিনিক্যাল রেকর্ডগুলো শুধুমাত্র প্রযোজ্য আইনের অনুমতি পেলে তখনই পরিবর্তন করা সম্ভব। সাধারণত, আপনার তথ্য আপনার অনুমতি পাওয়ার পরেই অন্যদেরকে দেওয়া হবে। তবে, কিছু কিছু সময় আপনার তথ্য অন্যদের সাথে শেয়ার করা হয় আপনার চিকিৎসার সমন্বয় করার জন্য কিংবা যদি আইনি আদেশ থাকে।

আপনার পরিবারের সদস্যরা MCCMH-এর কাছে আপনার ব্যাপারে তথ্য প্রদান করতে পারেন। তবে, আপনার স্বাক্ষরিত একটি রিলিজ অফ ইনফর্মেশন ফর্ম ছাড়া, MCCMH আপনার তথ্য আপনার পরিবারের সদস্যদের দিবে না। অপ্রাপ্তবয়স্ক শিশুদের জন্য, যারা 18 বছরের কম বয়সী, বাবা-মা/ অভিভাবকের কাছে তাদের শিশুর ব্যাপারে তথ্য প্রদান করা হয় এবং তাদেরকে একটি রিলিজ অফ ইনফর্মেশন স্বাক্ষর করতে হবে অন্যদেরকে তথ্য দেওয়ার আগে।

আপনি যদি নেশাজাতীয় পদার্থের অপব্যবহার জনিত পরিষেবা পেয়ে থাকেন, একই বিষয়ের জন্য নির্দিষ্ট করে আপনার তথ্য গোপন করার অধিকার আপনার আছে।

হেলথ 92নসুওরেন্স পোর্টাবিলিটি অ্যান্ড অ্যাকাউন্টাবিলিটি অ্যাক্ট (Health Insurance Portability and Accountability Act, HIPAA)-এর অধীনে, আপনাকে MCCMH থেকে, গোপনীয়তা অনুশীলনের একটি আনুষ্ঠানিক নোটিশ প্রদান করা হবে। এই নোটিশে উল্লেখ করা থাকবে যে

আপনার তথ্য কোন কোন পদ্ধতিতে ব্যবহার কিংবা প্রকাশ করা যাবে। এতে HIPAA প্রদত্ত আপনার অধিকার সমূহের একটি তালিকা এবং আপনার যদি মনে হয় যে আপনার গোপনীয়তার অধিকার লঙ্ঘন করা হয়েছে তবে অভিযোগ কীভাবে করবেন সেই বিষয়েও ব্যাখ্যা করা থাকবে।

আপনি যদি মনে করেন যে আপনার গোপনীয়তার অধিকার লঙ্ঘন করা হয়েছে, অনুগ্রহ করে MCCMH-এর অফিস অফ রিসিপিয়েন্ট রাইটসে কল করুন।

আপনার চিকিৎসা সম্পর্কিত তথ্য প্রকাশ না করাই হচ্ছে **গোপনীয়তা**। সাধারণত, আপনার অনুমতি পাওয়ার পরে আপনার ব্যাপারে তথ্য অন্যদেরকে দেওয়া যেতে পারে। আপনাকে অবশ্যই একটি **“রিলিজ অফ ইনফর্মেশন”** স্বাক্ষর করে আমাদেরকে জানাতে হবে যে আমরা কাদের সাথে আপনার চিকিৎসা ব্যাপারে কথা বলতে পারবো, এবং কোন কোন তথ্য তাদের দিতে পারব। মাঝে মাঝে একে সহজভাবে “রিলিজ” বলা হয়ে থাকে।

গোপনীয়তা আপনার পক্ষে কীভাবে কাজ করে তা অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস আপনাকে বুঝাবে এবং আপনার গোপনীয়তা সম্পর্কে কোন দুশ্চিন্তা থাকলে তারা সেটা সমাধানে আপনাকে সহায়তা করবেন।

আপনি যদি নেশাজাতীয় পদার্থের অপব্যবহারের জন্য চিকিৎসা পরিষেবা পেয়ে থাকেন, ফেডারেল আইন প্রণীত সুরক্ষা অনুযায়ী, মদ কিংবা নেশাজাতীয় পদার্থের অপব্যবহার সম্পর্কে আপনাকে প্রদান করা চিকিৎসার তথ্য কঠোরভাবে গোপন রাখা হবে। চিকিৎসার প্রোগ্রাম আপনার কাছে একটি লিখিত বিবৃতি প্রেরণ করবে যেখানে ফেডারেল গোপনীয়তা আইন এবং ব্যাতিক্রমগুলো বর্ণনা করা থাকবে। নেশাজাতীয় পদার্থের অপব্যবহারের ক্ষেত্রে আপনি যে চিকিৎসা পাবেন তার রেকর্ডের গোপনীয়তা সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে চিকিৎসা প্রোগ্রাম অথবা MCOSA তার উত্তর দিবে।

গোপনীয়তা এবং আপনার পরিবার

যদি না আইনের নির্দেশনা থাকে আপনি যদি আমাদের অনুমতি না দিয়ে থাকেন, তবে আমরা কাউকে, আপনার পরিবারের সদস্যদেরও বলতে পারব না যে আপনি আমাদের থেকে কোন ধরনের পরিষেবা নিচ্ছেন। কিন্তু, যদি আপনি সরকারি আচরণগত স্বাস্থ্য অথবা বিকাশের ক্ষেত্রে অক্ষমতার পরিষেবা নিয়ে থাকেন, তখন আপনার পরিবারের সদস্যরা MCCMH-কে তথ্য দিতে পারে আপনার বিষয়ে যেন আপনার চিকিৎসায় সহায়তা করা যায়। তারা এমনটি করলেও আমরা তাদেরকে আপনার কিংবা আপনার পরিচর্যার ব্যাপারে কোন তথ্য দিতে পারবো না যদি না আপনি একটি রিলিজ অফ ইনফর্মেশন স্বাক্ষর করেন। একটি রিলিজ অফ ইনফর্মেশন স্বাক্ষর করে আমাদেরকে জানান যে এমন কেউ আছেন কিনা যার সাথে আমরা আপনার চিকিৎসার ব্যাপারে কথা বলতে পারি। যে সকল অভিভাবকের আইনি এবং শারীরিক তত্ত্বাবধানের অধিকার আছে তারা তাদের অপ্রাপ্তবয়স্ক সন্তানের (18 বছর বয়সের নিচে) ব্যাপারে তথ্য প্রদান করতে এবং পেতে পারেন। অভিভাবকদের একটি রিলিজ স্বাক্ষর করতে হবে যাতে করে অন্যদের সাথে তাদের সন্তানের তথ্য শেয়ার করার জন্য আমাদের অনুমতি দেওয়া যায়। প্রাপ্তবয়স্কদের আইনি অভিভাবক(গণ)-ও তাদের তথ্য প্রদান করতে এবং পেতে পারেন যাদের দায়িত্বে তারা আছেন, এবং তারা অন্যদের সাথে তথ্য শেয়ার করার জন্য রিলিজ অফ ইনফর্মেশনের অনুমোদনও দিতে পারেন।

HIPAA

আপনার গোপনীয়তা নিয়ন্ত্রণ করার জন্য অনেক আইন আছে। এর মধ্যে একটি হচ্ছে **HIPAA**, হেলথ ইনস্যুরেন্স পোর্টাবিলিটি অ্যান্ড অ্যাকাউন্টাবিলিটি অ্যাক্ট। আপনার ব্যাপারে তথ্য কোথায় এবং কীভাবে শেয়ার করা হয়, এবং নির্দিষ্ট কিছু পদ্ধতিতে অথবা স্থানে যোগাযোগ করার অনুরোধের অধিকার সহ, HIPAA আপনাকে নির্দিষ্ট অধিকার দিয়ে থাকে।

আপনি আপনার পরিষেবা গ্রহণ শুরু করলে আপনার আপনাকে একটি গোপনীয়তা অনুশীলনের নোটিশ প্রদান করবো। আমাদের গোপনীয়তা অনুশীলনের ক্ষেত্রে কোনো পরিবর্তন আসলে বা আপনি যেকোনো সময় গোপনীয়তা অনুশীলনের একটি কপি

চাইলে আমরা আপনাকে নতুন একটি নোটিশ পাঠাবো। প্রতিটি MCCMH-এর পরিষেবা প্রদানের স্থানে HIPAA এর বিষয়ে তথ্য আছে।

আপনার রেকর্ডের অ্যাক্সেস

আপনার এই অধিকার আছে যে আপনি আপনার নিজের ক্লিনিক্যাল রেকর্ড দেখতে পারবেন, এবং আপনার যদি ইচ্ছা হয়, তবে এর সাথে একটি আনুষ্ঠানিক বিবৃতি যুক্ত করতে পারবেন। HIPAA এবং মিশিগান মেন্টাল হেলথ কোড আপনাকে এই অধিকার দেয় যাতে করে আপনি, আপনার MCCMH রেকর্ড পড়তে এবং তাতে তথ্য যুক্ত করতে পারেন। আপনি যদি সেগুলোর সত্যতা, সম্পূর্ণতা, টাইমলাইন অথবা যৌক্তিকতা চ্যালেঞ্জ করতে চান তবে আপনি আপনার বিবৃতি যুক্ত করতে পারেন। আপনি আপনার রেকর্ড চ্যালেঞ্জ করার জন্য যে বিবৃতি যুক্ত করবেন তা আপনার রেকর্ডের অংশ হবে কিন্তু সেটি আপনার রেকর্ডে পরিবর্তন নিয়ে আসবে না।

আপনি যদি একজন উপযুক্ত প্রাপ্তবয়স্ক হয়ে থাকেন (কোর্ট আপনার জন্য কোন অভিভাবক নির্ধারণ করেনি), তবে **মার্চ 28, 1996-এর পরে** যে তথ্য আপনার রেকর্ডে প্রবেশ করানো হয়েছে তা আপনার থেকে লুকানো হবে না। আপনার যদি একজন অভিভাবক থেকে থাকেন, অথবা আপনি আপনার তথ্য অন্য পক্ষের কাছে প্রকাশ করার অনুরোধ করছেন এমনটি হলে, MCCMH সেই অনুরোধ অগ্রাহ্য করতে পারে যদি তা আপনার অথবা অন্য কোন ব্যক্তির জন্য ক্ষতিকর হয়ে থাকে। আমরা যদি অনুরোধটি নাকচ করে থাকি তবে আমাদেরকে লিখিতভাবে তার কারন ব্যাখ্যা করতে হবে।

30 দিন পর্যন্ত আমাদের অনুমতি আছে আপনাকে আপনার রেকর্ড দেখতে দেওয়ার অথবা তাতে তথ্য যুক্ত করতে দেওয়ার। আপনার রেকর্ড কপি করার জন্য আমরা একটি অল্প পরিমাণ অর্থ চাইতে পারি। আপনাকে যদি আপনার রেকর্ডের অ্যাক্সেস দেয়া না হয়, তবে আপনি অথবা আপনার পক্ষ থেকে অন্য কেউ এই সিদ্ধান্তের বিষয়ে MCCMH-এর অফিস অফ রিসিপিয়েন্ট রাইটসের কাছে আপিল করতে পারেন।

পরিষেবার নৈতিকতা

MCCMH চেষ্টা করে যায় এর পরিষেবাগুলো সর্বোচ্চ মানদণ্ডের নীতিমালা মেনে প্রদান করার জন্য। MCCMH আপনাকে চিকিৎসা করার সময় অথবা এর কন্ট্র্যাকটরদের বিষয়ে আপনার জানতে হবে এমন গুরুত্বপূর্ণ কিছু বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে:

MCCMH এবং আমাদের কন্ট্র্যাক্ট কর্মীদের থেকে সরাসরি যোগাযোগে আপনি এবং আপনার পরিবার সম্মান এবং মর্যাদা পাওয়ার আশা করতে পারেন।

- আপনার জন্য এমন পারিপার্শ্বিক অবস্থায় পরিষেবা প্রদান করা হবে যাতে সব থেকে কম পরিমাণে বাধা পাওয়া যায়। আপনাকে, নিরাপদ, স্বাস্থ্যসম্পন্ন, এবং মানবিক উপায়ে পরিষেবা প্রদান করা হবে। আপনার সাথে অত্যাচার, অবহেলা করা হবে না এবং ভুল চিকিৎসা প্রদান কিংবা ইচ্ছা করে আপনাকে আহত করা হবে না।
- MCCMH-এর পরিষেবাগুলো প্রদান করেন সেসকল কর্মীরা যারা পেশাগত ভাবে প্রশিক্ষণ প্রাপ্ত এবং তাদের কর্মক্ষেত্রে উপযুক্ত ভাবে লাইসেন্স প্রাপ্ত। প্রত্যেক কর্মীকে তাদের কর্মক্ষেত্র এবং এর পাশাপাশি MCCMH-এর নীতিমালা মেনে চলতে হবে। MCCMH-এর কোন কর্মীরা তাদের যোগ্যতা, শিক্ষাগত যোগ্যতা, লাইসেন্সের অবস্থা, অথবা শংসাপত্র সম্পর্কে, আপনার কিংবা অন্য কোন ব্যক্তির কাছে ভুল তথ্য প্রদান করতে পারবে না।
- MCCMH এর যে কর্মী আপনাকে পরিষেবা প্রদান করে থাকেন তিনি আপনার অথবা আপনার পরিবারের সদস্যদের কারো সাথে ব্যক্তিগত, সামাজিক অথবা শারীরিক সম্পর্ক শুরু কিংবা চালিয়ে যেতে পারবে না, আপনি অনুমতি দিলেও। এমন নিয়ম এই জন্য প্রদান করা হয়েছে যাতে করে, যারা আপনাকে পরিষেবা প্রদান করে, তারা যেন তাদের লক্ষ্য মনে রেখে কাজ করেন এবং যেন আপনি কোন ধরনের অস্বস্তিকর অথবা বিপদের মুখে না পড়েন। MCCMH কর্মীরা আপনার সাথে তাদের পেশাগত সম্পর্ক ব্যবহার করে ব্যক্তিগত লাভ কিংবা সুবিধাগ্রহণ করতে পারবেন না।
- আপনার ফী ব্যতীত, MCCMH থেকে আপনাকে প্রদান করা পরিষেবার জন্য আমরা আপনার থেকে কোন পরিমাণ অর্থ কিংবা মূল্যবান পণ্য গ্রহণ করতে পারবো না, এবং MCCMH-এর বাইরে আপনার সাথে আমাদের সম্পর্ক ব্যবহার করে কোন ধরনের ব্যক্তিগত আর্থিক লাভ অথবা ব্যবসায়িক স্বার্থ নিশ্চিত করতে পারবো না।

গোপনীয়তা, আপনার রেকর্ডের অ্যাক্সেস, অথবা আপনার পরিষেবা প্রদানের নৈতিকতা সম্পর্কে আপনার যদি কোন প্রশ্ন থেকে থাকে তবে আপনি অফিস অফ রিসিপিয়েন্ট রাইটসের সাথে যোগাযোগ করতে পারেন। আপনার যদি মনে হয় যে আপনার গোপনীয়তা লঙ্ঘন করা হয়েছে, অথবা রেকর্ডে আপনার অ্যাক্সেস অনৈতিক ভাবে নাকচ করা হয়েছে, তবে অফিস অফ রিসিপিয়েন্ট রাইটসের সাথে যোগাযোগ করুন।
কল করুন:

অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস 586-469-6528

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-466-4131

কর্মঘণ্টা: সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোমবার-শুক্রবার, এবং সাক্ষাৎকারের মাধ্যমে।

মনে রাখুন: এই অফিসগুলোতে টেলিফোনে অনুবাদক পরিষেবা আছে তাদের জন্য যারা ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ভালো পারেন। আপনি যদি বধির হয়ে থাকেন কিংবা শুনতে সমস্যা হয়ে থাকে, 711-নম্বরে মিশিগান রিলে সেন্টারে কল করুন MCCMH-এর যেকোনো অফিসে যোগাযোগ করার জন্য।

প্রতারণা, অপচয় এবং অপব্যবহার

পরিষেবায় প্রতারণা, অপচয় এবং অপব্যবহার শিশু এবং প্রাপ্তবয়স্কদের স্বাস্থ্য সেবায় অ্যাক্সেস দিতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় মিশিগান Medicaid ফান্ডের ব্যবহার করে ফেলে। প্রতারণা এবং অপব্যবহারের রিপোর্ট করার মাধ্যমে সকলেই তাদের দায়িত্ব পালন করতে পারে। আমরা সকলে একত্রিতভাবে ট্যাক্সদাতার অর্থ যাতে প্রকৃতপক্ষে যার প্রয়োজন তার জন্য ব্যবহার হয় তা নিশ্চিত করতে পারি।

Medicaid এর প্রতারণার উদাহরণ:

- সম্পাদন করা হয়নি এমন মেডিকেল পরিষেবার জন্য বিল করা
- অপ্রয়োজনীয় পরিষেবা প্রদান
- বেশি মূল্যবান পরিষেবার জন্য বিল করা
- যৌক্তিকভাবে একটা বিলের অন্তর্ভুক্ত পরিষেবাগুলোর আলাদা আলাদা বিল করা
- একই মেডিকেল পরিষেবার জন্য একবারের বেশি বিল করা
- জেনেরিক মেডিসিন প্রদান করে ব্র্যান্ড-নামের ড্রাগের বিল করা
- মেডিকেল পরিষেবা প্রদানের বিনিময়ে কোনো কিছু (ক্যাশ অর্থ, উপহার, সেবা) প্রদান অথবা গ্রহণ করা (যেমন, কিকব্যাকস)
- কস্ট রিপোর্ট জালিয়াতি

অথবা যখন কেউ :

- নিজেদের যোগ্যতা নিয়ে মিথ্যে বলে
- তাদের মেডিকেল অবস্থা নিয়ে মিথ্যে বলে
- প্রেসক্রিপশন জাল করে
- তাদের প্রেসক্রিপশন করা ওষুধ অন্যদের কাছে বিক্রি করে
- তাদের Medicaid কার্ড অন্যদের ধার দেয়

অথবা যখন কোনো স্বাস্থ্য সেবা প্রদানকারী এইগুলোর জন্য মিথ্যে চার্জ নেয়:

- মিস হয়ে যাওয়া অ্যাপয়েন্টমেন্টের জন্য
- অপ্রয়োজনীয় মেডিকেল টেস্টের জন্য
- টেলিফোন পরিষেবার জন্য

প্রতারণা সন্দেহ হলে যেভাবে রিপোর্ট করবেন

আপনার যদি মনে হয় কেউ প্রতারণা, অপচয় অথবা অপব্যবহার করছে তাহলে আপনি MCCMH কর্পোরেট কমপ্লিয়েন্সে রিপোর্ট করতে পারেন। আপনি ComplianceReporting@mccmh.net এ ইমেইল করতে পারেন অথবা MCCMH এর ওয়েবসাইটে: <https://www.mccmh.net/Compliance-Reporting> তাদেরকে পরিচয় লুকিয়ে রিপোর্ট করতে পারেন

আপনার রিপোর্ট গোপন রাখা হবে এবং এর জন্য আপনার উপর কোনো বিরূপ প্রভাব পড়বে না।

এছাড়াও আপনি প্রতারণা, অপচয় এবং অপব্যবহারের বিষয়ে সরাসরি মিশিগানের অফিস অফ ইন্সপেক্টর জেনারেলের (Office of Inspector General, OIG) কাছে রিপোর্ট করতে পারবেন:

অনলাইন:

www.michigan.gov/fraud

কল:

855-MI-FRAUD (643-7283) (কর্মঘণ্টার পরে ভয়েস মেইল পাঠাতে পারবেন)

চিঠি পাঠান:

Office of Inspector General
PO Box 30062
Lansing, MI 48909

অভিযোগ করার সময় ঘটনার বর্ণনা সহ আপনি যতটা সম্ভব তথ্য প্রদান করবেন। সেখানে ঘটনার বিস্তারিত বর্ণনা সহ ঘটনার সাথে কে যুক্ত (তাদের ঠিকানা এবং ফোন নম্বর সহ), Medicaid আইডি নম্বর, জন্ম তারিখ (বেনিফিশিয়ারির) এবং সনাক্তকারী আর কোনো তথ্য যদি আপনার কাছে থেকে থাকে তাহলে সেসব উল্লেখ করতে হবে।

MCCMH কর্পোরেট কমপ্লিয়েন্স অফিস 586-469-6481

কর্পোরেট কমপ্লিয়েন্স অফিসের সময়সূচি: সোমবার, বৃহস্পতিবার শুক্রবার, সকাল 8:30টা থেকে বিকাল 5:00টা।

বৈষম্যহীনতা এবং অ্যাঙ্কেসিবিলিটি

আচরণগত স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে, MCCMH প্রযোজ্য সকল ফেডারেল সিভিল রাইটস আইন মেনে চলে। এবং এর পাশাপাশি জাতি, রঙ, জাতীয়তা, বয়স, অক্ষমতা বা লিঙ্গ অনুসারে কোনো বৈষম্য করেনা। MCCMH জাতি, রঙ, জাতীয়তা, বয়স, অক্ষমতা বা লিঙ্গের কারণে কাউকে সেবা থেকে বঞ্চিত করেনা অথবা ভিন্ন আচরণ করেনা।

অক্ষম ব্যক্তির যতে সফলভাবে আমাদের সাথে যোগাযোগ করতে পারে তাই MCCMH বিনামূল্যে যে সকল সহায়তা এবং পরিষেবা প্রদান করে তার মধ্যে কয়েকটি হলো:

- যোগ্য সাংকেতিক ভাষা দোভাষী
- লিখিত তথ্য অন্যভাবে উপস্থাপন (বড় অক্ষরে, অডিও, অ্যাঙ্কেসিবল ইলেক্ট্রনিক ফর্মেট, ব্রেইল)

যে সকল মানুষের প্রথমিক ভাষা ইংরেজি নয় অথবা যারা ইংরেজিতে দুর্বল তাদের জন্য MCCMH বিনামূল্যে ভাষার পরিষেবা প্রদান করে, যেমন:

- যোগ্য দোভাষী
- তথ্য অন্যান্য ভাষাতে লিখে

এগুলোর মধ্যে কোনো পরিষেবা আপনার প্রয়োজন হলে 1-855-99-MCCMH (1-855-996- 2264) এই নম্বরে গ্রাহক পরিষেবাতে যোগাযোগ করুন।

আপনার যদি মনে হয় যে MCCMH এই সকল পরিষেবা প্রদানে ব্যর্থ হয়েছে অথবা জাতি, রঙ, জাতীয়তা, বয়স, অক্ষমতা বা লিঙ্গ অনুসারে কোনো বৈষম্য করেছে তাহলে আপনি কয়েকটি মাধ্যমে ওয়ার্ডপার্সনের কাছে অভিযোগ করতে পারেন। টেলিফোনের মাধ্যমে: 586-469-7795, ফ্যাক্সের মাধ্যমে: 586-469-7674, ইমেইলের মাধ্যমে: grievances@mccmh.net, অথবা সরাসরি: : 19800 Hall Road, Clinton Township 48038. অভিযোগ করার সময়: সকাল : 8:30 টা থেকে বিকাল 5:00 টা সোম থেকে শুক্র।

আপনি যদি বধির হন অথবা শুনতে সমস্যা হয় তাহলে আপনি MCCMH এ যোগাযোগে সহায়তার জন্য 711 তে MI Relay পরিষেবায় যোগাযোগের মাধ্যমে গ্রাহক পরিষেবায় যোগাযোগের অনুরোধ করতে পারবেন।

আপনি সরাসরি অথবা ইমেইলের মাধ্যমে, ফ্যাক্সের বা ইমেইলের মাধ্যমে অভিযোগ করতে পারেন। অভিযোগপত্র পূরণে কোনো সহায়তা প্রয়োজন হলে গ্রাহক পরিষেবা আপনাকে সহায়তা করবে।

এছাড়াও আপনি U.S. Department of Health এবং Human Services, Office for Civil Rights এ সিভিল রাইটসের অভিযোগ করতে পারবেন। অভিযোগ পত্র <http://www.hhs.gov/ocr/office/file/index.html> এখানে পাবেন।

আপনি অফিসের মাধ্যমেও ইলেক্ট্রনিক্যালি সিভিল রাইটস কমপ্লেইন্ট পোর্টালে অভিযোগ করতে পারেন। Complaint forms are available at <http://www.hhs.gov/ocr/office/file/index.html> এখানে এভেইলেবল আছে অথবা ইমেইলের মাধ্যমে বা এই নম্বরে ফোনের মাধ্যমেও অভিযোগ করতে পারেন:

U.S. Department of Health and Human Services
200 Independence Avenue, SW
Room 509F, HHH Building
Washington, D.C. 20201
টোল ফ্রি কল করুন: 1-800-368-101

অনলাইন রিসোর্স এবং সাপোর্ট

আমরা যাদের পরিষেবা প্রদান করি তাদের, তাদের পরিবার এবং সম্পূর্ণ কমিউনিটির প্রয়োজনের সময় সহায়তা প্রদান করার জন্য MCCMH অনেক অনলাইন রিসোর্স উপলব্ধ করে রাখে। আপনি এই অনলাইন রিসোর্স গুলো ব্যবহার করতে পারেন যে কোন সময় সহায়তা পাওয়ার জন্য, কার্যক্রম খোঁজার জন্য অথবা আমাদের পরিষেবা সম্পর্কে আরো জানার জন্য। আপনি সম্পূর্ণ গোপনীয়তার সাথে এই টুল গুলো ব্যবহার করতে পারেন – MCCMH আপনার ব্যক্তিগত ব্যবহার কোন ভাবে ট্র্যাক করে না।

MCCMH ওয়েবসাইট: MCCMH-এর পরিষেবা এবং এর পরিষেবা প্রদানকারীদের সম্পর্কে, আপনার অধিকার সম্পর্কে, আমাদের পরিচর্যার সিস্টেমের গঠনতন্ত্র এবং নেতৃত্ব সম্পর্কে, অথবা মেন্টাল হেলথ কমিউনিটির জন্য আগ্রহ উদ্দেককারী খবর সম্পর্কে আপনি যখনই জানতে চান, আমাদের ওয়েবসাইট: www.mccmh.net-এ যান।

কমনওয়েলথ: কমনওয়েলথ হচ্ছে একটি ওয়ান-স্টপ, ইন্টারাক্টিভ ওয়েবসাইট যেখানে সুস্থতার কার্যক্রম পোস্ট করে যেন



ব্যবহারকারীরা সহজে সাপোর্ট দিতে কিংবা পেতে পারেন, স্বাস্থ্যের সাথে আনন্দ পেতে পারেন, এবং কমিউনিটির সাথে এমন ভাবে সংযুক্ত হতে পারেন যা আকর্ষক এবং অর্থপূর্ণ। ভিজিট করুন www.micomonwealth.com

myStrength.com: myStrength স্ব-সহায়তার জন্য মোবাইল এবং ওয়েবের মাধ্যমে রিসোর্স অফার করে থাকে, যেন ব্যবহারকারীরা তাদের আরোগ্য লাভ এবং সুস্থতার পথে তারা সক্রিয় অংশগ্রহণকারী হিসেবে হতে পারেন সেই উৎসাহ প্রদান করার

myStrength.com
The health club for your mind.™

জন্য। MyStrength হচ্ছে গ্রাহক, তাদের পরিবার বর্গ এবং পুরো কমিউনিটির জন্য রিসোর্স। কনটেন্ট গুলো প্রমাণ ভিত্তিক হয়ে থাকে, এবং প্রত্যেক

ব্যবহারকারীর আগ্রহ অনুযায়ী গুচ্ছিয়ে নেওয়া হয়। www.myStrength.com –এ ভিজিট করার মাধ্যমে আরো শিখুন।

MCCMH সদস্যরা, তাদের পরিবারবর্গ এবং কমিউনিটিকে আহ্বান করা হয়েছে ব্যক্তিগত, গোপন, এবং বিনামূল্যের myStrength অ্যাকাউন্ট তৈরি করার যেন নিম্নের অ্যাক্সেস কোডটি ব্যবহার করে: **MCCMHcomm**।

নোট: এই অনলাইন রিসোর্সগুলোর উদ্দেশ্য হচ্ছে চলমান মানসিক স্বাস্থ্য, বিকাশগত অক্ষমতা, অথবা নেশাজাতীয় পদার্থের অপব্যবহারের চিকিৎসার সম্পূরক এবং সহায়ক হিসেবে ব্যবহার করা। অনলাইন রিসোর্সসমূহ ক্লিনিক্যাল পরিষেবা এবং ঔষধের প্রতিস্থাপনের জন্য নয়। আপনার ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনায় আপনার জন্য যে পরিষেবাগুলোর অনুমোদন দেওয়া হয়েছে সেগুলোর পাশাপাশি অনলাইন রিসোর্সগুলো ব্যবহার করুন।

MCCMH-এর সাথে যোগাযোগ করা

MCCMH-এর সাথে যোগাযোগ করার জন্য আপনার প্রয়োজন হতে পারে এমন ঠিকানা, ফোন নম্বর এবং ওয়েবসাইট নিচের তালিকায় দেওয়া হয়েছে।

এই অফিসগুলোতে টেলিফোনে অনুবাদক পরিষেবা আছে তাদের জন্য যারা ইংরেজি ব্যতীত অন্য কোন ভাষা ভালো পারেন। আপনি যদি বধির হয়ে থাকেন কিংবা শুনতে সমস্যা হয়ে থাকে, 711-নম্বরে মিশিগান রিলে সেন্টারে কল করুন MCCMH-এর যেকোনো অফিসে যোগাযোগ করার জন্য।

কর্মঘণ্টা: যদি অন্য কোন সিদ্ধান্ত না নেওয়া হয়ে থাকে, মাকোম্ব কাউন্টির সকল CMH অফিস সাধারণ ব্যবসায়িক সময়ে, সকাল 8:30 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার খোলা থাকে। MCCMH-এর অফিস এবং ক্লিনিক গুলো ফেডারেল ছুটির দিনে বন্ধ থাকে।

ক্রাইসিস সেন্টার টোল ফ্রি: 1-855-927-4747
স্থানীয়: 586-307-9100

অথবা 988

MCCMH-এর আপদকালীন পরিষেবাসমূহ 24/ 7/ 365 উপলব্ধ। বিনামূল্যে ফোন কল করতে পারবেন।

গ্রাহকসেবা বিভাগ 1-855-99-MCCMH
(1-855-996-2264)

সকাল 8:00টা – রাত 8:00টা সোমবার – শুক্রবার (কাউন্টির সমস্ত ছুটির দিনে বন্ধ থাকে)

ম্যানেজড কেয়ার অপারেশনস (Managed Care Operations, MCO)
ডিপার্টমেন্ট (পূর্বে অ্যাক্সেস সেন্টার নামে পরিচিত) 1-
855-99-MCCMH (1-855-996-2264)

গ্রাহক পরিষেবা MCO-এর প্রিস্ক্রিনিং-এর জন্য সপ্তাহে 7 দিন কল গ্রহণ করে থাকে (কিছু ফেডারেল ছুটির দিন ব্যতীত) সকাল 8:00 টা থেকে সন্ধ্যা 8:00 টা পর্যন্ত।

MCCMH অ্যাডমিনিস্ট্রিটিভ অফিস. 1-855-996-2264

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-469-7674

ইমেইল: info@mccmh.net

ওয়েবসাইট: www.mccmh.net

অফিস অফ রিসিপিয়েন্ট রাইটস 586-469-6528

19800 Hall Road, Clinton Township 48038

ফ্যাক্স: 586-466-4131

মাকোন্স কাউন্টি অফিস ফর সাবস্ট্যান্স অ্যাবিউজ. 586-469-5278

19800 Hall Road, Clinton Township 48038

ওয়েবসাইট: www.mccmh.net

হাসপাতালে জরুরি পরিষেবা

জরুরি অবস্থার জন্য 24/ 7/ 365 যাবত হাসপাতালের পরিষেবা উপলব্ধ।

হাসপাতালে ভর্তি করার ব্যাপারে কোন কোন হাসপাতালে যাওয়া যায় তার তালিকা, এবং আর অতিরিক্ত তথ্যের জন্য পৃষ্ঠা 16 দেখুন।

নার্সিং হোমে প্লেসমেন্টের জন্য মূল্যায়ন

OBRA Program 586-469-7792

6555 15 Mile Road, Sterling Heights 48312

ফ্যাক্স: 586-469-7662

কর্মঘণ্টা: অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে মূল্যায়ন

ক্লিনিক খোলা থাকে: সকাল 8:30 টা – বিকাল 5:00 টা।

ক্লাবহাউজ প্রোগ্রামসমূহ

Crossroads Clubhouse 586-759-9100

27041 Schoenherr Rd., Warren 48088

ফ্যাক্স: 586-759-9176

কর্মঘণ্টা: সকাল 8:30 টা- বিকাল 4:30 টা কিছু ছুটির দিন এবং সপ্তাহান্তে কার্যক্রম থাকতে পারে।

Friendship House Clubhouse 586-465-4780
36211 Jefferson Ave., Harrison Township 48045

ফ্যাক্স: 586-961-6258

কর্মঘণ্টা: সকাল 8:30 টা – বিকাল 4:30 টা কিছু ছুটির দিন এবং সপ্তাহান্তে কার্যক্রম থাকতে পারে।

ভোল্টা-চালিত ড্রপ-ইন সেন্টার

Liberties North 586-954-1590
230 North Avenue, Suite 10, Mt. Clemens, MI 48043

Liberties South 586-779-8092
26345 Gratiot, Roseville 48066

কর্মঘণ্টা: মৌসুমভেদে লিবার্টিজ নর্থ এবং সাউথ-এর কর্মঘণ্টায় পরিবর্তন আসে। লিবার্টিতে ছুটির দিন এবং সপ্তাহান্তে বিশেষ ইভেন্টের ব্যবস্থাও করা হয়। যেকোনো এক স্থানে কল করুন কর্মঘণ্টা এবং কার্যক্রম ব্যাপারে নির্দিষ্ট তথ্য পাওয়ার জন্য।

পারিবারিক সহায়তা ভর্তুকি প্রোগ্রাম 586-469-7060

21885 Dunham Road, Suite 1

Clinton Township, MI 48036

ফ্যাক্স (586) 469 – 6637

কমিউনিটি রিসোর্সমূহ

এই স্থানীয় কমিউনিটি এজেন্সিসমূহ, MCCMH-এর অংশ না হলেও, আপনার প্রয়োজনে অতিরিক্ত সহায়তা প্রদান করতে পারে। প্রিন্টিং-এর সময় ফোন নম্বরগুলো যাচাই করা হয়েছিল; MCCMH-এর কাছে কোন ধরনের নোটিশপ্রদান করা ছাড়াই এজেন্সি সমূহ তাদের ফোন নম্বর পরিবর্তন করে। আপনার যদি এই সকল পরিষেবার সাথে যোগাযোগ করার ক্ষেত্রে কোন ধরনের সমস্যা হয়ে থাকে, ক্রাইসিস সেন্টারে কল করুন তাদের নতুন নম্বর নেওয়ার জন্য।

স্ব-সহায়তা মেন্টাল হেলথ সাপোর্ট গ্রুপসমূহ

Agoraphobics in Motion (AIM)	248-710-5719
Depression and Bi-Polar Support Alliance (DBSA)	586-979-8219
NAMI Metro	248-348-7197
Schizophrenics Anonymous (SA) (At Liberties North)	586-954-1590

অক্ষমতার উকালতি, তথ্য এবং সহায়তা

ARC Macomb	586-469-1600
Autism Alliance of Michigan(AAOM)	877-463-2266
Disability Network of Oakland Macomb	586-268-4160
Disability Rights Michigan	800-288-5923
Epilepsy Foundation of Michigan	800-377-6226
United Cerebral Palsy Assn. of Metro-Detroit	866-827-1692

আসক্তদের জন্য সহায়তার গ্রুপ

Alcoholics Anonymous	877-337-0611
Al-Anon Family Groups	888-425-2666
MichiganGambling Helpline	800-270-7117
Narcotics Anonymous	877-338-1188
NAR-Anon Family Groups	800-477-6291

অন্যান্য রিসোর্সসমূহ
মাকোন্স কাউন্টি ক্রাইসিস সেন্টার
MCCMH ক্রাইসিস পরিষেবা 24/ 7/ 365
যাবত উপলব্ধ
অথবা 988

টোল ফ্রী: 1-855-
927-4747 অথবা

586-307-9100

ModivCare

866-569-1902

(পূর্বে Logisticare – Medicaid যাতায়াত পরিষেবা নামে
পরিচিত মিশিগান রিলে সেন্টার

711

United Way Tel-Help (অন্যান্য পরিষেবার কাছে রেফারেল)

211

বিষয়াদির শব্দকোষ

এটি হচ্ছে এই বুকলেটে ব্যবহৃত গুরুত্বপূর্ণ শব্দ এবং শব্দগুচ্ছের কয়েকটির একটি তালিকা। এই বুকলেটে কি আছে সেই বিষয়ে আপনার যদি অন্য কোন প্রশ্ন থেকে থাকে, আপনার থেরাপিস্ট অথবা কেস ম্যানেজারের কাছে তা জিজ্ঞাসা করুন, অথবা গ্রাহক পরিষেবায় কল করুন।

মনে রাখবেন! হেলদি মিশিগান কাভারেজ হচ্ছে Medicaid-এর একটি রূপ। এই সংজ্ঞাগুলোতে আপনি যেখানে “Medicaid” শব্দটির ব্যবহার দেখতে পাবেন, সেগুলোর হেলদি মিশিগান কাভারেজের ক্ষেত্রেও প্রযোজ্য।

অ্যাক্সেস: MCCMH-এর প্রবেশ পথ, মাঝে মাঝে একে “অ্যাক্সেস সেন্টার” বলা হয়ে থাকে, এটি সেই স্থান যেখানে Medicaid বেনিফিশিয়ারিরা কল করেন অথবা গিয়ে থাকেন আচরণগত স্বাস্থ্য পরিষেবার অনুরোধ করার জন্য। MCCMH-এ যে অ্যাক্সেস সেন্টারটি অবস্থিত, তাকে ম্যানেজড কেয়ার অপারেশনস (e Managed Care Operations, MCO) ডিপার্টমেন্ট বলা হয়।

অ্যাক্সেস সেন্টার: MCCMH-এর প্রবেশদ্বার, যাকে অনেক সময় “অ্যাক্সেস সেন্টার” নামেও অভিহিত করা হয়ে থাকে, যেখানে Medicaid সুবিধাভোগীগণ কল করতে পারেন অথবা আচরণগত স্বাস্থ্যের পরিষেবা পাওয়ার জন্য অনুরোধ করতেও যেতে পারেন। MCCMH-এর অ্যাক্সেস সেন্টারকে পরিচালিত পরিচর্যা কার্যক্রম (Managed Care Operation, MCO) বিভাগ বলে।

অ্যাডাল্ট হোম হেল্প প্রোগ্রাম হচ্ছে এমন একটি পরিষেবা যা প্রদান করা হয় সেই সকল Medicaid বেনিফিশিয়ারিদেরকে যাদের দৈনন্দিন জীবনে এবং ঘরের কাজে সহায়তার প্রয়োজন হয়ে থাকে। **অ্যাডাল্ট হোম হচ্ছে DHHS-এর একটি পরিষেবা, স্থানীয় কমিউনিটি মেন্টাল হেলথ প্রোগ্রামের নয়।** আরো তথ্যের জন্য কিংবা আপনি যোগ্য কিনা তা জানার জন্য আপনার স্থানীয় DHHS অফিসে যোগাযোগ করুন। তথ্যের জন্য পৃষ্ঠা 31 দেখুন।

অ্যাডভান্স ডিরেক্টিভ ফর মেন্টাল হেলথ কেয়ার: এর অপর নাম “সাইকিয়াট্রিক অ্যাডভান্স ডিরেক্টিভ” হচ্ছে আইনের আওতাভুক্ত একটি ডকুমেন্ট যার মধ্যে আপনি অন্য একজনকে, পেশেন্ট অ্যাডভোকেট হিসেবে, উল্লেখ করেন, যিনি আপনার জন্য মেডিক্যাল পরিষেবার সিদ্ধান্ত নিতে পারবেন যদি আপনি নিজের জন্য সিদ্ধান্ত নেওয়ার অবস্থায় না থাকেন।

অ্যাডভান্স বেনিফিট ডিটার্মিনেশন: একটি সিদ্ধান্ত যার ফলে একজন Medicaid বেনিফিশিয়ারির পরিষেবার দাবিতে নেতিবাচকভাবে প্রভাব পরে নিম্নের কারণে:

- পরিষেবার ধরণ অথবা মাত্রা, মেডিক্যাল চাহিদার উপর ভিত্তি করে প্রয়োজনীয়তা, উপযুক্ততা, আওতাভুক্ত সুবিধার ব্যবস্থা অথবা কার্যকারিতা ইত্যাদির ভিত্তিতে নির্ধারণ সহ, অনুরোধ করা পরিষেবা প্রদান করতে নাকচ করা কিংবা সীমিত পরিমাণ অনুমোদন দেওয়া।
- পূর্বে অনুমোদিত পরিষেবা হ্রাস, স্থগিত অথবা বাতিল করা।
- একটি পরিষেবার জন্য সম্পূর্ণ কিংবা আংশিকভাবে অর্থ প্রদানে প্রত্যাখ্যান করা।
- একটি সাধারণ পরিষেবার অনুরোধ পাওয়ার তারিখ থেকে 14 ক্যালেন্ডার দিনের মধ্যে সাধারণ অনুমোদনের সিদ্ধান্ত প্রদান করা এবং সিদ্ধান্তের ব্যাপারে নোটিশ প্রদান করার ক্ষেত্রে ব্যর্থতা।
- ত্বরান্বিত (দ্রুত) পরিষেবার অনুরোধ পাওয়ার তারিখ থেকে 72 ঘণ্টার মধ্যে একটি ত্বরান্বিত (দ্রুত) অনুমোদনের সিদ্ধান্ত প্রদানে ব্যর্থতা।
- MCCMH-এর অনুমোদন অনুযায়ী, ব্যক্তি কেন্দ্রিক পরিকল্পনায় (Person Centered Planning, PCP) পরিষেবা শুরু করার জন্য যে তারিখ নির্ধারণ করা হয়েছিল সেই তারিখের 14 ক্যালেন্ডার দিনের মধ্যে পরিষেবা প্রদান করায় ব্যর্থতা।
- একটি সাধারণ আপিলের অনুরোধ পাওয়ার তারিখের 30 ক্যালেন্ডার দিনের মধ্যে MCCMH-এর পদক্ষেপ নিতে (সিদ্ধান্ত নেওয়ায়) ব্যর্থতা।
- একটি ত্বরান্বিত (দ্রুত) আপিলের সিদ্ধান্ত পাওয়ার তারিখ থেকে 72 ঘণ্টার মধ্যে MCCMH-এর পদক্ষেপ নেওয়ায় (সিদ্ধান্ত গ্রহণে) ব্যর্থতা।
- অনুরোধের তারিখ থেকে 90 ক্যালেন্ডার দিনের মধ্যে MCCMH-এর পক্ষ থেকে কোন ধরনের ব্যবস্থা নেওয়ায় অথবা একটি স্থানীয় অভিযোগ/নালিশের ব্যাপারে নোটিশ প্রদানে ব্যর্থতা।

সমস্যা সমাধানের বিকল্প প্রক্রিয়া: আপনি যদি Medicaid না পেয়ে থাকেন, তবে এটি হচ্ছে আপনার জন্য একটি প্রক্রিয়া যেখানে MCCMH-এর পরিষেবা সম্পর্কে আপনার দুশ্চিন্তার বিষয়ে লানসিং-এর ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস শুনানি দিয়ে থাকে। MCCMH-এর Ombudsperson আপনাকে এই অনুরোধ করতে সহায়তা করে।

পরিমাণ, সুযোগ, সময়সীমা এবং হার: একজন ব্যক্তির জন্য নির্ধারিত পরিষেবার পরিকল্পনায় (Individual Plan Of Service, IPOS) তালিকাভুক্ত Medicaid পরিষেবাসমূহ কীভাবে প্রদান করা হবে তা ব্যাখ্যা করার জন্য ব্যবহৃত বিষয়াদি।

- পরিমাণ: কত পরিমাণে (পরিষেবার ইউনিটের সংখ্যা)
- সময়সীমা: কত সময় যাবত (যে সময় যাবত পরিষেবা প্রদান করা হবে বলে আশা করা হয়)
- সুযোগ: বিস্তারিত পরিষেবা (কে, কীভাবে এবং কোথায় পরিষেবা প্রদান করা হয়েছে)
-
- হার: কখন পরিষেবা(সমূহ) প্রদান করা হয় (উদাহরণস্বরূপ, প্রতিদিন, সাপ্তাহিক, মাসিক, ত্রৈ-মাসিক ভিত্তিতে)।

আপিল: অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশনের একটি পর্যালোচনা।

অ্যাপ্লাইড আচরণগত বিশ্লেষণ: অ্যাপ্লাইড আচরণগত বিশ্লেষণ (Applied Behavior Analysis, ABA) হচ্ছে একটি নিবিড়, আচরণ-ভিত্তিক চিকিৎসা যাতে বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করা হয়, যোগাযোগ, সামাজিক মিথস্ক্রিয়া, এবং পুনরাবৃত্তিমূলক আচরণে অর্থপূর্ণ এবং ইতিবাচক পরিবর্তন আনার জন্য যেগুলো সাধারণত অটিজমের কারণে বাধাপ্রাপ্ত হয়। শৈশবের শুরুর দিকের জন্য অটিজম পরিষেবাসমূহের জন্য পৃষ্ঠা 38 দেখুন।

নিশ্চয়ত্বক জনসমাজ চিকিৎসা (ACT): এমন একটি কার্যক্রম যা একটি ব্যক্তি-কেন্দ্রিক, আরোগ্য-ভিত্তিক পদ্ধতি ব্যবহার করে সেসব ব্যক্তির চিকিৎসা, পুনর্বাসন, এবং সহায়তা পরিষেবা প্রদান করে যাদের মধ্যে গুরুতর ও নিরবিচ্ছিন্ন মানসিক অসুস্থতার রোগ নির্ণীত হয়েছে। ব্যক্তিগণ যেসব ACT পরিষেবা পেয়ে থাকেন তার মধ্যে রয়েছে নিশ্চয়ত্বক প্রচার, মানসিক স্বাস্থ্যের চিকিৎসা, স্বাস্থ্য, পেশাগত, সমন্বিত দ্বৈত

ব্যাধির চিকিৎসা, পরিবারের জন্য শিক্ষা, সুস্থ থাকার দক্ষতা, জনসমাজের সাথে মেলবন্ধন, এবং সমকক্ষীদের সহায়তা, যা মোবাইল ফোন, বহুবিভাগীয় দল দ্বারা জনসমাজ ব্যবস্থায় প্রদান করা হয়।

আচরণগত স্বাস্থ্য: বিষণ্ণতা এবং উদ্বেগের মতো মানসিক রোগ রোধ কিংবা প্রতিরোধের মাধ্যমে সুস্থতা প্রচার করা ছাড়াও, এতে নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার কিংবা অন্যান্য আসক্তি রোধ এবং প্রতিরোধ করার লক্ষ্য নির্ধারিত আছে। এই হ্যান্ডবুকের উদ্দেশ্যে, আচরণগত স্বাস্থ্যের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রাপ্তবয়স্ক এবং শিশু উভয়ের মধ্যে বুদ্ধিবৃত্তিক/বিকাশগত অক্ষমতা, মানসিক রোগ এবং নেশাজাতীয় পদার্থের অপব্যবহার।

বেনিফিশিয়ারি: একজন ব্যক্তি যিনি মিশিগানের Medicaid-এর প্রোগ্রামের জন্য যোগ্য এবং তালিকাভুক্ত।

জনসমাজে বসবাসের ক্ষেত্রে সহায়তা (Community Living Support, CLS): এই পরিষেবাগুলি ব্যক্তিগত আত্ম-নির্ভরতা বাড়াতে বা বজায় রাখতে, জনসমাজে অন্তর্ভুক্ত হতে ও অংশগ্রহণে ব্যক্তিকে তার লক্ষ্যগুলি অর্জনে সাহায্য করতে, স্বাধীন হতে বা কর্মক্ষমতা বাড়াতে ব্যবহৃত হয়। এসব সহায়তা অংশগ্রহণকারীর বাড়িতে গিয়ে দেওয়া হতে পারে অথবা কোনো জনসমাজ ব্যবস্থায়ও দেওয়া হতে পারে, সীমাবদ্ধ না হলেও যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে, গ্রন্থাগার, শহরের বিভিন্ন পুল, শিবির ইত্যাদি।

জনসমাজে মানসিক স্বাস্থ্য পরিষেবা কার্যক্রম (Community Mental Health Services Program, CMHSP): মিশিগানে 46টি CMHSP আছে যেগুলো সেসব স্থানীয় লোকজনকে পরিষেবা প্রদান করে থাকে যারা মানসিক রোগ এবং বিকাশগত অক্ষমতায় ভুগছেন। এর অপর নাম CMH।

পুনর্বাসন ব্যবস্থাসমূহের স্বীকৃতির জন্য কমিশন, সাধারণত **CARF** নামে পরিচিত: **CARF** হচ্ছে একটি জাতীয় প্রতিষ্ঠান যা স্বাধীনভাবে মানসিক স্বাস্থ্য এবং অক্ষমতার পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের পরিষেবাসমূহের পর্যালোচনা করে থাকে। MCCMH, CARF-এর স্বীকৃতি পেয়েছে।

গোপনীয়তা: তথ্য প্রকাশ না করা। আপনি যদি MCCMH থেকে পরিষেবা পেয়ে থাকেন, আপনার এই অধিকার আছে যার ফলে আপনার পরিষেবা সম্পর্কিত তথ্য গোপন রাখা হয়।

পরিচর্যার সমন্বয়: যখন MCCMH আপনার প্রাথমিক চিকিৎসকের সাথে কথা বলেন এই বিষয়টি নিশ্চিত করার জন্য যে, আপনি যে ঔষধ এবং অন্যান্য যে চিকিৎসা গ্রহণ করেন তা সহ আপনার শারীরিক এবং মানসিক স্বাস্থ্য পরিচর্যা, ঠিক মতো একসাথে কাজ করে কিনা।

যৌথভাবে অর্থপ্রদান (Copayment): যৌথভাবে অর্থপ্রদান বা কো-পেমেন্ট (যাকে অনেক সময় “কো-পে” বলে) হল একটি নির্দিষ্ট অঙ্কের ডলারে অর্থপ্রদান যা চিকিৎসা পরিষেবা বা জিনিসপত্রের জন্য প্রদান করতে হয়। MCCMH আপনার Medicaid বা Healthy Michigan Plan-এর আওতাভুক্ত পরিষেবাগুলির জন্য আপনার কাছ থেকে কোনো কো-পেমেন্ট নেয় না।

সাংস্কৃতিক সক্ষমতা: হচ্ছে বিভিন্নতার প্রতি সম্মান প্রদর্শন এবং গ্রহণ করা, সাংস্কৃতিক প্রেক্ষাপটে একটি চলমান স্ব-মূল্যায়ন, চলমান পার্থক্যের প্রতি মনোযোগ দেওয়া, সাংস্কৃতিক জ্ঞানের চলমান বিকাশে অংশগ্রহণ, এবং পরিষেবার মডেলে রিসোর্স এবং নমনীয়তা যাতে করে সংখ্যা লঘিষ্ঠদের প্রয়োজন আরো ভালোভাবে মেটানোর জন্য কাজ করা সম্ভব হয়।

গ্রাহক: গ্রাহকদের মধ্যে অন্তর্ভুক্ত আছেন সেই সকল ব্যক্তি যারা পরিষেবায় উল্লেখ করা এলাকায় Medicaid-এর যোগ্য এবং আওতাভুক্ত পরিষেবা এবং সহায়তা পেতে পারেন। এই সংজ্ঞার মধ্যে নিম্নের বিষয়াদির ব্যবহার হতে পারে: ক্লায়েন্ট, রিসিপিয়েন্ট, বেনিফিশিয়ারি, কনজিউমার, ব্যক্তি অথবা Medicaid যোগ্য।

কর্তনযোগ্য (অথবা স্পেন্ড-ডাউন): একটি টার্ম যা ব্যবহার করা হয় তখন, যখন কোন ব্যক্তি Medicaid আওতাভুক্ত হওয়ার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হন যদিও তার আয় সাধারণ Medicaid আয়ের মানদণ্ড থেকে বেশি। এই প্রক্রিয়ার অধীনে, মাসে একজন ব্যক্তির যে পরিমাণ খরচ হয় চিকিৎসা খাতে তা সেই ব্যক্তির সেই মাসের আয় থেকে কর্তন করা হয়। একবার সেই ব্যক্তির আয় যদি স্টেট নির্ধারিত পরিমাণে কমিয়ে নিয়ে আসা হয়, তবে সেই ব্যক্তি বাকি মাসের জন্য Medicaid সুবিধার জন্য যোগ্য হবেন। Medicaid আবেদন এবং কর্তনযোগ্যের পরিমাণ নির্ধারণ করে থাকে মিশিগান

ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (Michigan Department of Health and Human Services, MDHHS) – এটি MCCMH পরিষেবার সিস্টেম থেকে স্বাধীন।

বিকাশজনিত অক্ষমতা: মিশিগান মানসিক স্বাস্থ্যবিধি অনুযায়ী নিচের যে কোনো একটি হিসেবে বর্ণনা করা হয়: (a) যদি পাঁচ (5) বছরের বেশি বয়সী কোনো ব্যক্তির জন্য প্রযোজ্য হয়, তাহলে তা একটি গুরুতর দুরারোগ্য শারীরিক অবস্থা, যার সাথে শারীরিক ও মানসিক দুই ধরনের অসুস্থতাই যুক্ত, এবং 22 বছর বয়স হবার আগেই তার লক্ষণগুলি দেখা দেয়; অনির্দিষ্ট কাল ধরে চলার সম্ভাবনা থাকে; এবং তার ফলে জীবনের নিম্নোক্ত প্রধান-প্রধান ক্রিয়াকলাপের তিনটি বা তার বেশি ক্ষেত্রে উল্লেখযোগ্য রকমের ক্রিয়াগত সীমাবদ্ধ তৈরি হয়: নিজের যত্ন নেওয়া, গ্রহণক্ষম বা প্রকাশমূলক ভাষা, শিক্ষণ, চলাফেরা করা, স্ব-নির্দেশ, স্বাধীনভাবে বাঁচার ক্ষমতা, এবং অর্থনৈতিক স্বনির্ভরতা; আর বিশেষ, ভিন্ন-বিভাগীয়, বা সাধারণ পরিচর্যা, চিকিৎসা বা অন্যান্য পরিষেবার একটি সমন্বয়ের প্রয়োজনীয়তা প্রতিফলিত করে, যা জীবনকালীন বা বর্ধিত সময়ের জন্য হবে এবং যা ব্যক্তি-নির্দিষ্টভাবে পরিকল্পিত ও সমন্বিত হবে; (b) যদি জন্মলগ্ন থেকে শুরু করে পাঁচ বছর বয়স অবধি কোনো শিশুর জন্য প্রযোজ্য হয়, তাহলে তা হল উল্লেখযোগ্য বিকাশগত বিলম্ব বা কোনো নির্দিষ্ট জন্মগত বা অর্জিত শারীরিক অবস্থা, যার ফলে বিকাশগত অক্ষমতার উচ্চ সম্ভাবনা থাকে।

ডিসচার্জের পরিকল্পনা: এটি হচ্ছে এমন একটি পরিকল্পনা যা আপনার সাথে মিলে তৈরি করা হয় যখন আপনি হাসপাতাল থেকে চলে যান, যাতে উল্লেখ করা থাকে যে আপনি সুস্থ থাকার জন্য কমিউনিটিতে কোন মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলো পাবেন।

DSM: মানসিক রোগের রোগ নির্ণয়কারী এবং পরিসংখ্যানগত একটি ম্যানুয়াল। চিকিৎসকদের ব্যবহৃত এই ম্যানুয়ালটিতে বিভিন্ন ধরনের মানসিক রোগ এবং মানসিক অস্থিরতা নির্ণয়ের পদ্ধতি তালিকাভুক্ত থাকে।

দীর্ঘমেয়াদী মেডিক্যাল ইকুইপমেন্ট: একটি ইকুইপমেন্ট যেটি থেরাপিউটিক সুবিধা প্রদান করে থাকে সেই সকল ব্যক্তিকে যাদের নির্দিষ্ট মেডিক্যাল অবস্থা এবং/অথবা রোগের কারণে প্রয়োজনীয়তা আছে। দীর্ঘমেয়াদী মেডিক্যাল ইকুইপমেন্টের (Durable Medical Equipment, DME) মধ্যে অন্তর্ভুক্ত আছে সেই সকল পণ্য যেগুলো:

- সাধারণত এবং প্রাথমিকভাবে মেডিক্যাল উদ্দেশ্যে ব্যবহৃত হয়,

- রোগ, অক্ষমতা অথবা আহত না হলে একজন ব্যক্তির কাছে এর কোন কাজ নেই,
- একজন চিকিৎসকের আদেশ অথবা প্রেসক্রিপশনে উল্লেখ করা হয়,
- পুনরায় ব্যবহার করা যায়,
- বার বার ব্যবহার করলে নষ্ট হয় না, এবং
- বাসায় ব্যবহারের উপযোগী।

জরুরি চিকিৎসাগত অবস্থা: এমন এক অসুস্থতা, আঘাত, লক্ষণ বা শারীরিক অবস্থা যা এতটাই গুরুতর যে তার জন্য একজন স্বাভাবিক জ্ঞানসম্পন্ন ব্যক্তি গুরুতর ক্ষতির হাত থেকে বাঁচার জন্য দ্রুত পরিচর্যা চাইবেন।

জরুরি চিকিৎসাগত পরিবেশন: একটি জরুরি চিকিৎসাগত অবস্থার জন্য অ্যাম্বুলেন্স পরিষেবা।

জরুরি কক্ষে পরিচর্যা: চিকিৎসাগত জরুরি অবস্থায় প্রদত্ত পরিচর্যা, যখন আপনি মনে করেন যে, আপনার স্বাস্থ্য বিপন্ন।

জরুরি পরিষেবা/ পরিচর্যা: জরুরিজরুরিসেসব পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে যেগুলি এমন একজন পরিচর্যা প্রদানকারী দ্বারা দেওয়া হয় যিনি জরুরি পরিষেবা প্রদানের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত ও যেগুলি চিকিৎসাগত/আচরণগত জরুরি অবস্থার চিকিৎসার জন্য প্রয়োজন হয়।

নিবন্ধনকারী: একজন Medicaid সুবিধাভোগী যিনি বর্তমানে একটি PIHP-তে প্রতিটি পরিচালিত পরিচর্যা কার্যক্রমে নিবন্ধিত রয়েছেন।

বাতিলকৃত পরিষেবাসমূহ: আপনার হেলথ ইনস্যুরেন্স অথবা প্ল্যান অর্থ প্রদান করে না কিংবা এদের আওতাভুক্ত নয় এমন স্বাস্থ্য পরিচর্যার পরিষেবার।

আর্থিক মধ্যস্থতাকারী (Fiscal Intermediary): একজন ব্যক্তি যিনি কিনা আপনাকে সহায়তা করেন আপনার বাজেটের ব্যবস্থাপনা করতে এবং পরিষেবাদানকারীদের অর্থ প্রদান করতে যদি আপনি স্ব-নির্ধারণ পদ্ধতি ব্যবহার করে থাকেন।

ফ্লিন্ট 1115 ডেমনস্ট্রেশন ওয়েইভার: এই ডেমনস্ট্রেশন ওয়েভারটির আওতা বর্ধিত হয় 21 বছর বয়সী শিশু এবং ফেডারেল পোভার্টি লেভেল (Federal Poverty Level, FPL)-এর 400 পার্সেন্ট পর্যন্ত এবং সেই পরিমাণ আয়ের গর্ভবতী নারীদের ক্ষেত্রে যারা এপ্রিল 2014 থেকে স্টেট-নির্দিষ্ট তারিখ পর্যন্ত ফ্লিন্ট ওয়াটার সিস্টেম পরিষেবা গ্রহণ

করেছিলেন। এই ডেমনস্ট্রেশনটি সোশ্যাল সিকিউরিটি অ্যাক্টের ধারা 1115(a)-এর অধীনে অনুমোদিত এবং মার্চ 3, 2016 থেকে স্বাক্ষরিত অনুমোদনের তারিখ ফেব্রুয়ারি 28, 2021 পর্যন্ত কার্যকর ছিল। Medicaid এর জন্য যোগ্য শিশু এবং যে সকল গর্ভবতী নারী ফ্লিন্ট ওয়াটার সিস্টেমের পানি ব্যবহার করেছেন উল্লেখিত সময়সীমার মধ্যে, তারা স্টেটের পরিকল্পনার অধীনে সকল আওতাভুক্ত পরিষেবার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। এমন সকল ব্যক্তির কাছে টার্গেটেড কেস ম্যানেজমেন্ট, MDHHS এবং জেনেসি হেলথ সিস্টেমস (Genesee Health Systems, GHS)-এর মধ্যকার পরিষেবার চুক্তির কারণে অর্থের পরিবর্তে পরিষেবা গ্রহণের অ্যাক্সেস থাকবে। পরিষেবার-জন্য-অর্থ চুক্তিটি টার্গেটেড কেস ম্যানেজমেন্ট পরিষেবা প্রদান করবে ফ্লিন্ট 1115 ডেমনস্ট্রেশন, মিশিগান Medicaid স্টেট প্ল্যান এবং Medicaid নীতিতে ব্যাখ্যা করা বিশেষ শর্তাবলী এবং নিয়মের প্রয়োজনীয়তা অনুযায়ী।

অভিযোগ: অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশন ব্যতীত অন্য যেকোনো বিষয়ে অসন্তুষ্টি প্রকাশ। প্রদানকৃত পরিষেবা কিংবা পরিচর্যার গুণগতমান, একজন পরিষেবা প্রদানকারী কিংবা কর্মীর রুঢ়তা সহ ব্যক্তিগত সম্পর্কের একটি দিক, অথবা একজন বেনিফিশিয়ারির অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করতে ব্যর্থতা, প্রতিকারমূলক পদক্ষেপ প্রয়োজন হোক কিংবা না হোক, অভিযোগের অংশ হতে পারে কিন্তু এগুলোতে তা সীমাবদ্ধ নয়। অভিযোগে আরো অন্তর্ভুক্ত আছে একজন বেনিফিশিয়ারির সেই অধিকার যাতে করে MCCMH-এর অনুমোদিত সিদ্ধান্ত নেওয়ার সময়ের বর্ধিতকরণ সম্পর্কে সমস্যার সমাধান করা যায়।

অভিযোগ এবং আপিলের সিস্টেম: MCCMH একটি অ্যাডভার্স বেনিফিট ডিটার্মিনেশনের আপিলের এবং অভিযোগের ব্যবস্থাপনা করার জন্য এবং এর পাশাপাশি সেইসবের বিষয়ে তথ্য সংগ্রহ এবং ট্র্যাক করার জন্য যে প্রক্রিয়া প্রয়োগ করেছে।

আবাসন পরিষেবা এবং যন্ত্রাদি: সেই সকল স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা এবং যন্ত্রাদি যার ফলে একজন ব্যক্তি দক্ষতা ধরে রাখতে, শিখতে অথবা উন্নত করতে এবং দৈনন্দিন জীবন-যাপন করতে পারে।

পুনর্বাসন সহায়তা ছাড় (Habilitation Supports Waiver, HSW): এটি একটি সর্বাঙ্গীন গৃহ ও জনসমাজ ভিত্তিক, সক্রিয় চিকিৎসা এবং সহায়তা কার্যক্রম, যা সেসব

ব্যক্তির সাহায্যের জন্য তৈরি করা হয়েছে, যাদের গুরুতর বুদ্ধিমত্তাগত/বিকাশগত অক্ষমতা রয়েছে, যাতে তারা তাদের পছন্দের জনসমাজ থেকে পাওয়া সহায়তাসহ স্বাধীনভাবে জীবনযাপন করতে পারেন। এই কার্যক্রমটিকে কোনো গোষ্ঠী-গৃহে বসবাসের জন্য একটি জনসমাজ-ভিত্তিক বিকল্প হিসেবে তৈরি করা হয়েছে। পুনর্বাসন সহায়তা ছাড়ের ভিত্তি হল সমাজ সুরক্ষা আইন (Social Security Act)-এর Title XIX-এর অন্তর্গত একটি অধিনিয়ম। এই অধিনিয়ম সেসব অর্ন্তীষ্ট জনগণকে রাজ্য সরকার দ্বারা ছাড়ের সুবিধা প্রদান করতে দেয় যারা ছাড় পরিষেবা ছাড়া গৃহহীনভাবে থাকার ঝুঁকিতে পড়বেন।

হেলথ ইনস্যুরেন্স: আওতাভুক্তি যা রোগাক্রান্ত হওয়া কিংবা আহত হওয়ার ফলস্বরূপ চিকিৎসার জন্য অর্থ প্রদান করে থাকে। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে দুর্ঘটনার ফলে ক্ষতির, চিকিৎসার খরচের, অক্ষমতার, অথবা দুর্ঘটনা জনিত মৃত্যুর অথবা অঙ্গ কাঁটার কারণে ইনস্যুরেন্স।

1996-সালের হেলথ ইনস্যুরেন্স পোর্টাবিলিটি অ্যান্ড অ্যাকাউন্টাবিলিটি অ্যাক্ট (Health Insurance Portability and Accountability Act, HIPAA): আংশিকভাবে, এই আইনটির লক্ষ্য হচ্ছে, রোগীর তথ্যের গোপনীয়তা নিশ্চিত করা। "রোগী" বলতে এখানে আচরণগত স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা সহ, পাবলিক অথবা প্রাইভেট হেলথ কেয়ার গ্রহণ করেন এমন ব্যক্তিকে বোঝানো হয়।

হেলদি মিশিগান প্ল্যান: হচ্ছে একটি 1115 ডেমনস্ট্রেশন প্রোজেক্ট যা নিম্নে উল্লেখিত ব্যক্তিদের স্বাস্থ্য সেবা সুবিধা প্রদান করে থাকে: 19-64 বছর বয়সের মানুষ, যাদের পরিবর্তিত সমন্বয়কৃত মোট আয় পদ্ধতির অধীনস্থ ফেডারেল পোভার্টি লেভেলের 133% পরিমাণ কিংবা তার নিচে আয় আছে, Medicare অথবা Medicaid-এর জন্য উপযুক্ত নন কিংবা এগুলোতে তালিকাভুক্ত নন, আবেদন করার সময় গর্ভবতী নন, এবং মিশিগানের বাসিন্দা। যেসব ব্যক্তি হেলদি মিশিগান প্ল্যানের যোগ্যতা পূরণ করতে পারেন, তারা আচরণগত স্বাস্থ্য সেবার জন্যও যোগ্য বলে বিবেচিত হতে পারেন। মিশিগান Medicaid প্রদানকারী ম্যানুয়ালে, উপলব্ধ সকল পরিষেবা এবং এর পাশাপাশি যোগ্যতার মানদণ্ড ও প্রদানকারীর যোগ্যতা সম্পর্কে বর্ণনা প্রদান করা হয়েছে। ম্যানুয়ালটি নিচের লিংকে পেতে পারেন:

http://www.michigan.gov/mdhhs/0,4612,7-132-2945_42542_42543_42546_42553-87572--,00.html

গ্রাহক পরিষেবা কর্মীরা আপনাকে ম্যানুয়াল পেতে এবং/অথবা তার থেকে তথ্য পেতে সহায়তা করতে পারেন।

গৃহ ও জনসমাজ ভিত্তিক পরিষেবাসমূহ (Home and Community Based Services, HCBS): নানাবিধ পরিষেবার একটি পরিসর যা ক্রিয়া বা জ্ঞানগত সীমাবদ্ধতা রয়েছে এমন ব্যক্তিদের সাহায্য করে, যারা তাদের বাড়িতে বা জনসমাজে বসবাস করছেন।

হোম হেলথ কেয়ার: এটি হচ্ছে একটি সহায়তামূলক সেবা যা বাসায় প্রদান করা হয়ে থাকে। যারা পরিচর্যা প্রদান করবেন তারা মেডিক্যাল চিকিৎসা প্রয়োজন মেটান এমন লাইসেন্সপ্রাপ্ত হেলথ কেয়ার পেশাদার হতে পারেন অথবা এমন পেশাদার পরিচর্যাকারী হতে পারেন যারা দৈনন্দিন সহায়তা প্রদান করেন দৈনন্দিন জীবনের কার্যক্রম (Activities Of Daily Living, ADL) ঠিক মতো হয় কিনা তা নিশ্চিত করেন।

হস্পিস পরিষেবা: টার্মিনাল রোগের শেষ স্তরে থাকা রোগীদের সহায়তামূলক পরিচর্যা প্রদান করার জন্য তৈরি করা একটি পরিচর্যা যা কিনা রোগ নিরাময় নিয়ে কাজ না করে আরামদায়ক এবং গুণগতমান সম্পন্ন জীবন প্রদানের উদ্দেশ্যে কাজ করে। এর লক্ষ্য হচ্ছে রোগীরা যেন আরামদায়ক এবং ব্যথামুক্ত অবস্থায় থাকেন, যেন তারা তাদের বাকি দিন গুলো যতটা সম্ভব পূর্ণতার সাথে কাটান।

হাসপাতালে ভর্তি: এই টার্মটি তখন ব্যবহার করা হয় যখন দক্ষ আচরণগত পরিষেবার জন্য আনুষ্ঠানিক ভাবে হাসপাতালে কেউ ভর্তি হয়। যদি আনুষ্ঠানিক ভাবে ভর্তি না হয়ে থাকেন, এক রাত সেখানে কাটানো হলেও তাকে বহিরাগত রোগী হিসেবে আখ্যায়িত করা হবে, ভর্তি হওয়া রোগী আখ্যায়িত না করে।

হাসপাতালে বহিরাগত রোগীর পরিচর্যা: এর মানে হচ্ছে, যখন এমনটি আশংকা করা হয় যে রোগী শুধুমাত্র একরাতের জন্য হাসপাতালে থাকবে না বরং আরো বেশি থাকবে, এবং তখন যে পরিচর্যা প্রদান করা হয় হাসপাতালে, সেগুলোর ক্ষেত্রে

পরিষেবার ব্যক্তিগত পরিকল্পনা (Individual Plan of Service, IPOS): এটি সেসব সহায়তা, কার্যকলাপ ও সংস্থানসমূহের একটি লিখিত বিবরণ যা কোনো ব্যক্তির ব্যক্তিগত লক্ষ্যমাত্রা পূরণের জন্য দরকার হয়। একটি ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা ও তথ্য

আহরণের প্রক্রিয়া চলাকালে নেওয়া সিদ্ধান্ত ও সমঝোতাকে লিখিত রূপদানের জন্য IPOS তৈরি করা হয়েছিল।

বুদ্ধিগত অক্ষমতা: মিশিগান স্বাস্থ্যবিধিতে এক এমন শারীরিক অবস্থা হিসেবে উল্লেখ করা আছে যা 18 বছরের কম বয়সীদের মধ্যে দেখা যায়, যার লক্ষণ হল উল্লেখযোগ্য রকম গড়পড়তার নিচে বুদ্ধিমত্তাগত ক্রিয়শীলতা থাকা এবং 2 বা তার বেশি সংখ্যক সংশ্লিষ্ট দক্ষতার সঙ্গে যুক্ত থাকা এবং যার রোগ নির্ণয় নিম্নোক্ত অনুমানের ভিত্তিতে করা হয়: (a) বৈধ মূল্যায়নে সাংস্কৃতিক ও ভাষাগত বৈচিত্র্যকে ও সেই সঙ্গে ভাববিনিময় ও আচরণের দিকগুলির মধ্যকার তফাৎগুলিকে বিবেচনায় রাখা হয়েছে; (b) অভিযোজনের দক্ষতায় সীমাবদ্ধতার উপস্থিতি জনসমাজের পরিবেশের পরিপ্রেক্ষিতে ঘটে যা সংশ্লিষ্ট ব্যক্তির সমবয়সী সমকক্ষ ব্যক্তিদের জন্য আদর্শ এবং ব্যক্তির সহায়তার সুনির্দিষ্ট প্রয়োজনীয়তার সাথে সূচিবদ্ধ। (c) সুনির্দিষ্ট অভিযোজনগত দক্ষতাগুলির সীমাবদ্ধতা অনেক সময় অন্যান্য অভিযোজনগত দক্ষতার ক্ষমতা বা ব্যক্তিগত সক্ষমতার সাথে মিলেমিশে থাকে। (d) দীর্ঘসময় ধরে উপযুক্ত সহায়তার সাথে বুদ্ধিগত অক্ষমতা রয়েছে এমন ব্যক্তির জীবনচর্যাগত ক্রিয়শীলতায় সাধারণত উন্নতি ঘটে।

ইংরেজিতে সীমিত পরিমাণ দক্ষতা (Limited English Proficient, LEP): এর মানে হচ্ছে, তালিকাভুক্ত আছেন এবং তালিকাভুক্ত হতে পারেন এমন সম্ভাব্য ব্যক্তিবর্গ, যারা তাদের মাতৃভাষা হিসেবে ইংরেজি বলেন না এবং যাদের ইংরেজি পড়া, লেখা, বলা অথবা বুঝার ক্ষেত্রে সীমিত ক্ষমতা আছে, তারা LEP হতে পারেন আর তারা একটি নির্দিষ্ট ধরনের পরিষেবা, সুবিধা, অথবা এনকাউন্টারের ক্ষেত্রে ভাষা সহায়তা পাওয়ার জন্য যোগ্য বলে বিবেচিত হতে পারেন।

দীর্ঘকালীন পরিষেবা ও সহায়তা (Long Term Service and Support, LTSS): পরিচর্যা বাড়িতে গিয়ে, জনসমাজ ব্যবস্থায়, অথবা কোনো চিকিৎসাকেন্দ্রে, যেমন বয়সের কারণে সহায়তার প্রয়োজন রয়েছে এমন প্রবীণ ব্যক্তিদের ও অক্ষম ব্যক্তিদের; জ্ঞানগত, বিকাশগত, বা দুরারোগ্য শারীরিক অবস্থা রয়েছে এমন ব্যক্তিদের; অথবা অন্যান্য এমন ক্রিয়াগত সীমাবদ্ধতা রয়েছে যা তাদের নিজেদের যত্ন নেওয়ার কাজকে সীমাবদ্ধ করে তোলে এমন ব্যক্তিদের, নার্সিং হোমে দেওয়া হয়। এগুলি বিভিন্ন পরিষেবার একটি বিস্তৃত পরিসর যা ব্যক্তিদের ব্যক্তিগত ও স্বাস্থ্যপরিচর্যাগত চাহিদায় ও দৈনন্দিন জীবনের কাজকর্মে, যেমন খাওয়া, স্নান করা, ওষুধ-বিষুধের ব্যবস্থা করা, সাজগোজ করা, হাঁটা, বসা অবস্থা থেকে ওঠা ও বসা, শৌচাগার ব্যবহার করা, রান্না

করা, গাড়ি চালানো, জামাকাপড় পরা, এবং টাকা-পয়সা সামলানো, সহায়তার মধ্যে দিয়ে আরও স্বাধীনভাবে জীবনযাপনে সাহায্য করে।

মধ্যস্থতা: একটি গোপন প্রক্রিয়া যার মধ্যে নিরপেক্ষ তৃতীয় পক্ষ, কয়েক পক্ষের মাঝে যোগাযোগ সম্পন্ন করে থাকে, সমস্যা চিহ্নিত করতে সহায়তা করে, এবং সমাধান বেছে দেখতে সহায়তা করে যেন উভয়পক্ষ এক মত হয়ে কোন একটা সমাধান বেছে নিতে পারে। একজন মধ্যস্থতাকারীর কাছে সিদ্ধান্ত-নেওয়ার মতো ক্ষমতার অনুমোদন নেই।

Medicaid ফেয়ার হিয়ারিং: Medicaid ফেয়ার হিয়ারিং-কে স্টেট ফেয়ার হিয়ারিং-ও বলা হয়ে থাকে। MCCMH আপনার পরিষেবা সম্পর্কে যে অ্যাডভার্স বেনিফিট সিদ্ধান্ত নিয়েছে, এটি তার স্টেট পর্যায়ের পর্যালোচনা। “স্টেট ফেয়ার হিয়ারিং” অংশটিও দেখুন।

Medicaid জালিয়াতি: Medicaid জালিয়াতি হচ্ছে পরিষেবা প্রদানকারীদের দ্বারা Medicaid-আওতাভুক্ত পরিষেবার জন্য এমন বিল প্রদান করা যা আসলে প্রদান করা হয়নি (অথবা যেমনটি বিলে উল্লেখ করা হয়েছে সেইভাবে প্রদান করা হয়নি), অথবা কোন ব্যক্তির Medicaid-আওতাভুক্ত পরিষেবার ব্যবহার করা যদিও তার সেই পরিষেবাগুলো পাওয়ার কথা না। Medicaid জালিয়াতি কীভাবে রিপোর্ট করবেন তা দেখার জন্য পৃষ্ঠা 67 দেখুন।

Medicaid স্বাস্থ্য পরিকল্পনা (MHPs): Medicaid বেনিফিশিয়ারীদের জন্য স্বাস্থ্য পরিষেবার ব্যবস্থাপনা করার উদ্দেশ্যে মিশিগান স্টেট যেসকল হেলথ ইনস্যুরেন্স প্রদানকারীদের অনুমোদন দিয়েছে।

চিকিৎসাগত ভাবে প্রয়োজনীয়: একটি টার্ম যা কিনা ব্যবহার করা হয় সেই মানদণ্ড গুলোর একটিকে ব্যাখ্যা করার জন্য যেগুলো পূরণ করতে হয় যেন একজন বেনিফিশিয়ারি Medicaid পরিষেবা পেতে পারেন। এর মানে হচ্ছে নির্দিষ্ট পরিষেবা থেকে আশা করা যায় যে এগুলো বেনিফিশিয়ারিকে তার মানসিক স্বাস্থ্য, বিকাশগত অক্ষমতা অথবা নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার (কিংবা অন্য কোন মেডিক্যাল) অবস্থায় সহায়তা করতে পারবে। কিছু পরিষেবা প্রয়োজনের মূল্যায়ন করে আর কিছু পরিষেবা কার্যক্রম চালিয়ে যাওয়া অথবা উন্নতি করার ক্ষেত্রে সহায়তা করে। MCCMH সেই সকল পরিষেবা অনুমোদন করতে (অর্থ প্রদান করতে) অথবা প্রদান করতে পারবেনা যেগুলো আপনার জন্য চিকিৎসাগত ভাবে প্রয়োজনীয় না।

মিশিগানের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগ (Michigan Department of Health and Human Services, MDHHS): ল্যান্সিংয়ে অবস্থিত রাজ্যের একটি দপ্তর, যা স্থানীয় জনসমাজগুলিতে এবং রাজ্য সরকার দ্বারা পরিচালিত চিকিৎসাকেন্দ্রগুলিতে মানসিক অসুস্থতা, বিকাশগত অক্ষমতা ও মাদকসেবনজনিত ব্যাধিতে আক্রান্ত লোকেদের সরকারি অর্থে প্রদত্ত পরিষেবাগুলি তদারকি করে।

মিশিগান মেন্টাল হেলথ কোড: রাষ্ট্রীয় আইন যা স্থানীয় কমিউনিটি মেন্টাল হেলথ পরিষেবা প্রোগ্রাম এবং রাষ্ট্রীয় সুবিধাসমূহ দ্বারা মানসিক অসুস্থতায়ুক্ত, গুরুতর মানসিক অস্থিরতা (Serious Emotional Disturbance, SED) এবং বিকাশে অক্ষম প্রাপ্তবয়স্ক এবং শিশুদের পার্লিক মেন্টাল হেলথ পরিষেবাগুলো পরিচালনা করে।

মিশিগান পার্লিক হেলথ কোড: মিশিগানে পার্লিকলি-ফান্ডেড নেশা জাতীয় পদার্থ ব্যবহার সংক্রান্ত চিকিৎসা সেবা এবং অন্যান্য স্বাস্থ্য / চিকিৎসা সেবা পরিচালনা করে এমন অনেকগুলো আইনের মধ্যে একটি।

মিশিগান রিলে সেন্টার: কানে শুনতে অথবা কথা বলতে সমস্যা এমন কলারদের জন্য টেলিফোন রিলে পরিষেবা প্রদান করে। রিলে সেন্টারের 24/ 7/ 365 এভেইলেবল রয়েছে এবং অপর পক্ষের TTY থাকুক বা না থাকুক আপনাকে যে কোনো অফিস, ব্যবসা অথবা বাসা বাড়িতে যোগাযোগ করতে সহায়তা করবে। মিশিগান রিলে সেন্টার ব্যবহার করে আপনি যেকোনো MCCMH অফিসে সরাসরি যোগাযোগ করতে পারবেন। মিশিগান রিলে সেন্টারে যোগাযোগ করতে 7-1-1 নম্বরে কল করুন।

MIChild: নিম্ন আয়ের শিশু যাদের Medicaid প্রোগ্রামের সক্ষমতা নেই তাদের জন্য একটি মিশিগান স্বাস্থ্য সেবা প্রোগ্রাম। এটি একটি সীমিত সুযোগ। বিস্তারিত তথ্যের জন্য গ্রাহক পরিষেবায় যোগাযোগ করুন।

MI হেলথ লিংক: MI হেলথ লিংক স্বাস্থ্যসেবার একটি প্রোগ্রাম যা ম্যাক্স কাউন্টির বাসিন্দা যারা Medicare এবং Medicaid উভয়ের অন্তর্ভুক্ত, তাদের জন্য সমন্বিত চিকিৎসা, মানসিক স্বাস্থ্য এবং নেশা জাতীয় পদার্থ ব্যবহার সংক্রান্ত পরিষেবা প্রদান করে।

নেটওয়ার্ক: সদস্যদের মেডিকেল সেবা/পরিষেবা প্রদানের জন্য তৈরি প্লানের সংশ্লিষ্ট ডাক্তার, অন্যান্য হাসপাতাল কেয়ার প্রদানকারী এবং হাসপাতালের তালিকা। MCCMH এটাকে "সেবার সিস্টেম" হিসেবেও উল্লেখ করে।

অংশগ্রহণ করে না এমন সেবা প্রদানকারী (এছাড়াও আউট-অফ-নেটওয়ার্ক প্রদানকারী হিসাবে উল্লেখ করা হয়): একজন প্রদানকারী বা ফ্যাসিলিটি যিনি MCCMH দ্বারা নিযুক্ত, মালিকানাধীন বা পরিচালিত নন এবং সদস্যদের অওতাভুক্ত পরিষেবা প্রদানের জন্য চুক্তিবদ্ধ নয়।

রিসিপেন্ট রাইটের অফিস (Office of Recipient Rights, ORR): MCCMH এ রিসিপেন্ট রাইটের অফিস এমন একটি জায়গা যেখানে আপনাকে আপনার অধিকার সম্পর্কে জানতে সহায়তা করা হবে। ORR আপনাকে আপনার অধিকার সম্পর্কে অথবা রিসিপেন্টের অধিকার সম্পর্কিত অভিযোগ কিভাবে করতে হয় তা জানতে সহায়তা করবে।

Ombudsperson: Ombudsperson MCCMH-এর একজন স্টাফ যিনি আপনাকে ইনফর্মাল বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া ব্যবহার করতে অথবা অভিযোগ করতে সহায়তা করবে।

অংশগ্রহণকারী প্রদানকারী (ইন-নেটওয়ার্ক প্রদানকারী হিসেবেও উল্লেখ করা হয়): পরিষেবা এবং সেবা প্রদানকারী ডাক্তার, নার্স এবং অন্যান্য ব্যক্তি বোঝাতে ব্যবহার করা হয়। এছাড়াও এর মধ্যে হাসপাতাল, বাড়িতে স্বাস্থ্যসেবা সংস্থা, ক্লিনিক এবং স্বাস্থ্য সেবা পরিষেবা প্রদান করা হয় এমন অন্যান্য স্থান; মেডিকেল ইকুইপমেন্ট; মানসিক স্বাস্থ্য, নেশাজাতীয় দ্রব্যের ব্যবহার, বুদ্ধিমত্তা/বিকাশের অক্ষমতা এবং দীর্ঘ মেয়াদী সহায়তা এবং পরিষেবা অন্তর্ভুক্ত। স্বাস্থ্যসেবা প্রদানের জন্য তারা লাইসেন্স প্রাপ্ত বা অনুমোদিত। তারা স্বাস্থ্য প্লানের সাথে কাজ করতে সম্মত, পেমেন্ট গ্রহণ করে এবং গ্রাহকের থেকে কোনো অতিরিক্ত অর্থ চার্জ করে না।

পিয়র ফ্যাসিলিটেটর: পিয়র ফ্যাসিলিটেটর হলেন এমন ব্যক্তি যার মানসিক অসুস্থতা অথবা বিকাশের অক্ষমতা রয়েছে যাকে অন্যদের সহায়তা করার জন্য ব্যক্তি-কেন্দ্রিক প্ল্যানিং (Person-Centered Planning, PCP) ফ্যাসিলিটর হিসাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পিয়র ফ্যাসিলিটেটরদের PCP মিটিংয়ের ফ্যাসিলিটেটর জন্য অর্থ প্রদান করা হয়, তবে আপনাকে অন্যান্য পরিষেবা প্রদান করে না।

ব্যক্তি কেন্দ্রিক প্ল্যানিং: আপনার পরিষেবাগুলো ডিজাইন করতে আমরা এই প্রক্রিয়াটি ব্যবহার করি। PCP আপনার লক্ষ্য, শক্তি, ক্ষমতা এবং পছন্দের উপর ভিত্তি করে তৈরি করা হয়। PCP-এর উচিত আপনার কমিউনিটির অংশ হতে আপনার ক্ষমতা

তৈরি করা এবং আপনার লক্ষ্য অর্জনে সহায়তা করা। আপনি MCCMH থেকে কি কি পরিষেবা পাবেন তা আপনার ব্যক্তি-কেন্দ্রিক প্ল্যান বর্ণনা করে।

চিকিৎসক পরিষেবা: রাষ্ট্রীয় আইনের অধীনে ঔষধ বা অস্টিওপ্যাথি অনুশীলন করার জন্য লাইসেন্সপ্রাপ্ত একজন ব্যক্তির দ্বারা প্রদত্ত পরিষেবাগুলো বোঝায়।

পরিকল্পনা: সেই পরিকল্পনা যা প্রিমিয়াম প্রদানকারী সদস্যদের স্বাস্থ্যপরিচর্যা পরিষেবা প্রদান করে।

পোস্ট-স্টেবিলাইজেশন পরিচর্যা পরিষেবা: এই পরিষেবার মধ্যে আওতাভুক্ত ব্যক্তি যাদের জরুরি স্বাস্থ্য সেবা প্রয়োজন তারা অন্তর্ভুক্ত। এটা তখনই প্রদান করা হয় আওতাভুক্ত ব্যক্তি যখন এই সেবা গ্রহণের জন্য সক্ষম থাকেন অথবা নির্দিষ্ট পরিস্থিতিতে তাদের অবস্থার উন্নতি করার জন্য এই পরিষেবা প্রদান করা হয়।

সাইক্রিয়াটিক ইভালিউশন: আপনি কেমন অনুভব করছেন বা কি দেখছেন বা কি সমস্যা হচ্ছে সেটা ডক্টরদের ভালোভাবে বুঝতে এবং এর পাশাপাশি আপনার সাথে কি ঘটেছে তা আপনি কতটা ভালো বুঝতে পারছেন তা বোঝার জন্য প্রশ্ন করা বা টেস্ট করা হয়।

প্রিঅথোরাইজেশন: নির্দিষ্ট কিছু পরিষেবা অথবা ঔষধ প্রদানের পূর্বে অনুমোদন নেওয়া প্রয়োজন। শুধুমাত্র ডক্টর অথবা অন্য নেটওয়ার্ক প্রদানকারী যদি অগ্রিম অনুমোদন নেয় তাহলে কিছু নেটওয়ার্ক মেডিকেল পরিষেবা এর অন্তর্ভুক্ত হবে। এটাকে অগ্রিম অনুমোদনও বলা হয়। ম্যাকস কাউন্টিতে ম্যানেজড কেয়ার অপারেশন (Managed Care Operations, MCO) ডিপার্টমেন্ট (ফর্মালি অ্যাক্সেস সেন্টার বলা হয়) মেডিকেল আচরণগত স্বাস্থ্য পরিষেবার অনুমোদনের বিষয়টি তত্ত্বাবধান করে।

প্রিমিয়াম: ইনস্যুরেন্স পলিসির জন্য কিছু পরিমাণ অর্থ প্রদান করতে হবে অথবা সাধারণ মূল্য বা চার্জের সাথে কিছু অর্থ যুক্ত হবে।

আগাম প্রদত্ত অন্তর্বিভাগীয় স্বাস্থ্য পরিকল্পনা (Prepaid Inpatient Health Plan, PIHP): PIHP হল একটি প্রতিষ্ঠান যারা তাদের ভৌগোলিক অঞ্চলের মধ্যে রাজ্য সরকারের সাথে চুক্তিবদ্ধ হয়ে Medicaid-এর মানসিক স্বাস্থ্য, বুদ্ধিমত্তাগত/বিকাশগত অক্ষমতা, এবং মাদকসেবনজনিত ব্যাধি সংক্রান্ত পরিষেবাগুলিকে পরিচালিত করে।

মিশিগানে মোট 10টি PIHP আছে এবং মানসিক স্বাস্থ্য বিধি অনুযায়ী প্রত্যেকটি এক-একটি আঞ্চলিক সত্তা বা একটি CMHSP হিসেবে সংগঠিত।

প্রেসক্রিপশন ড্রাগ কভারেজ: একটি স্ট্যান্ড একক ইনস্যুরেন্স প্ল্যান যা শুধুমাত্র প্রেসক্রাইব করা ওষুধকে অন্তর্ভুক্ত করে।

প্রাথমিক চিকিৎসার ডাক্তার: একজন ডাক্তার যিনি কোনো রোগীকে প্রাথমিক সেবা প্রদান সহ তার যে কোনো ধরনের স্বাস্থ্য সমস্যা নির্ণয় করার আগে বা পরেও বিভিন্ন স্বাস্থ্য সমস্যাতে চিকিৎসা চালিয়ে যান।

প্রাথমিক সেবা প্রদানকারী: একজন স্বাস্থ্য সেবা প্রফেশনালের (সাধারণত ডাক্তার) কাজ হলো রোগীদের সার্বিক স্বাস্থ্য সেবা প্রদান করা।

প্রোভাইডার: এটা একটি টার্ম যা দ্বারা হেলথ প্রোফেশনাল যারা স্বাস্থ্য সেবা পরিষেবা প্রদান করে তাদেরকে বোঝায়। কখনো কখনো এটা দ্বারা শুধুমাত্র ডাক্তারদের বোঝায়। তবে এছাড়াও এই টার্ম দ্বারা অন্যান্য স্বাস্থ্যসেবা প্রোফেশনাল যেমন হাসপাতাল, নার্স, ডাক্তার, কাইরোপ্রাক্টর, ফিজিক্যাল থেরাপিস্ট এবং অন্যান্য বিশেষ বিশেষ স্বাস্থ্য সেবায় যুক্ত ব্যক্তিদের বোঝায়।

রিকভারি: সুস্থ হয়ে ওঠা এবং একজন ব্যক্তির নিজের পছন্দমত কমিউনিটিতে অর্থবহ জীবন যাপন এবং সক্ষমভাবে কাজ করার একটি জার্নি।

সুপারিশ: একজন বিশেষজ্ঞ চিকিৎসককে দেখানো বা নির্দিষ্ট কোনো চিকিৎসা পরিষেবা পাওয়ার জন্য আপনার প্রাথমিক পরিচর্যাকারী চিকিৎসক দ্বারা লিখিত আকারে দেওয়া নির্দেশ। একাধিক স্বাস্থ্য প্রকল্পে যেকোনো চিকিৎসকের কাছ থেকে আপনার প্রাথমিক পরিচর্যাকারী চিকিৎসক ব্যতীত, চিকিৎসা পাওয়ার আগে আপনাকে অবশ্যই সুপারিশ (referral) নিয়ে আসতে হয়। আপনি যদি আগে সুপারিশ না নিয়ে আসেন, তাহলে আপনার পরিকল্পনা আপনার পরিষেবার খরচ বহন না-ও করতে পারে।

রিহ্যাবিলিটেশন পরিষেবা এবং ডিভাইস: স্বাস্থ্যসেবা পরিষেবা একজন ব্যক্তি যিনি অসুস্থতা বা অক্ষমতার কারণে নিজের দৈনন্দিন স্বাভাবিক কাজ করতে পারছিলেন না তাদের সুস্থ হয়ে কাজে ফেরা এবং দক্ষতা বাড়াতে সহায়তা করে। এই পরিষেবার মধ্যে ইন-পেশেন্ট এবং/অথবা আউট-পেশেন্ট সেটিং-এ বিভিন্ন ধরনের শারীরিক এবং

পেশাগত থেরাপি এবং স্পিচ-ভাষা প্যাথোলজি এবং সাইক্রাটিক রিহ্যাবিটেশন পরিষেবা প্রদান করা হয়।

পুনরায় স্বাভাবিক অবস্থায় আসা: “পূর্বের অবস্থায় ফিরে আসার” সক্ষমতা। সে সকল শিশুরা তাদের পরিবার সহ গুরুত্বের মানসিক অশান্তির স্বীকার তাদের জন্য এটা ধারণ করা জরুরি। এর ফলে কোনো ব্যক্তি যে কোনো সমস্যা বা চ্যালেঞ্জের মোকাবিলা করে জীবনে সফল হতে পারবেন।

রিলিজ অব ইনফর্মেশন: একটি ফর্ম যা MCCMH কে জানায় যে, আপনি আমাদের মধ্যে কার সাথে আপনার চিকিৎসা বিষয়ে কথা বলতে চান এবং এছাড়াও আমরা কোন কোন তথ্য আদান-প্রদান করতে পারবো। কখনো কখনো এটাকে সহজে “রিলিজ” বলা হয়।

অবকাশ: সেই পরিচর্যা যা প্রাথমিক পরিচর্যাকারী চিকিৎসকদের স্বল্প সময়ের জন্য অবকাশযাপনের সুযোগ দেয়, যা তাদের বিশ্রাম করার, ভ্রমণ করার, বা পরিবার ও বন্ধুদের সাথে সময় কাটানোর সময় দেয়। পরিচর্যা কয়েক ঘণ্টা থেকে একনাগাড়ে কয়েক সপ্তাহ ধরে স্থায়ী হতে পারে। অবকাশ পরিচর্যা বাড়িতে, কোনো স্বাস্থ্যকর কেন্দ্রে, বা যেকোনো প্রাপ্তবয়স্কদের দিবাকালীন পরিচর্যাকেন্দ্রে হতে পারে।

SED: গুরুত্বের মানসিক অস্থিরতার একটি সংক্ষিপ্ত রূপ। মিশিগান মেন্টাল হেলথ কোড দ্বারা যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে সে অনুসারে এটা দ্বারা একটি নির্ণয়যোগ্য মানসিক, আচরণগত বা আবেগজনিত অক্ষমতা বুঝায় যা মানসিক ব্যাধিগুলির সাম্প্রতিকতম ডায়গনিস্টিক এবং পরিসংখ্যান ম্যানুয়ালে নির্দিষ্ট করা ডায়গনিস্টিক মানদণ্ড পূরণ করার জন্য যথেষ্ট সময়ের জন্য বিগত বছরে বিদ্যমান বা বিদ্যমান একটি শিশুকে প্রভাবিত করে। পাশাপাশি, এর ফলে শিশুর কার্যক্রমে প্রতিবন্ধকতা দেখা দিয়েছে যা পরিবার, স্কুল বা কমিউনিটির ক্রিয়াকলাপে শিশুর ভূমিকা বা কাজকে যথেষ্টভাবে প্রভাবিত বা সীমিত করে

গুরুত্বের মানসিক অসুস্থতা: মিশিগান মেন্টাল হেলথ কোড দ্বারা যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে সে অনুসারে এটা দ্বারা একটি নির্ণয়যোগ্য মানসিক, আচরণগত বা আবেগজনিত অক্ষমতা বুঝায় যা মানসিক ব্যাধিগুলির সাম্প্রতিকতম ডায়গনিস্টিক এবং পরিসংখ্যান ম্যানুয়ালে নির্দিষ্ট করা ডায়গনিস্টিক মানদণ্ড পূরণ করার জন্য যথেষ্ট

সময়ের জন্য বিগত বছরে বিদ্যমান বা বিদ্যমান একজন প্রাপ্তবয়স্ককে প্রভাবিত করে। পাশাপাশি, এর ফলে সেই ব্যক্তির দৈনন্দিন কর্মকাল ব্যাহত হয়েছে যা জীবনের এক বা একাধিক প্রধান ক্রিয়াকলাপে ঐ ব্যক্তির ভূমিকা বা কাজকে যথেষ্টভাবে প্রভাবিত বা সীমিত করে।

দক্ষতা সম্পন্ন নার্সিং কেয়ার: দক্ষ নার্সিং এবং রিহ্যাবিটেশন পরিষেবা ক্রমাগত দৈনিক হিসাবে দক্ষ নার্সিং সুযোগ প্রদান করে। দক্ষ নার্সিং সুবিধা সেবার উদাহরণ হিসেবে শারীরিক থেরাপি অথবা ইন্ট্রাভেনোস (IV) ইঞ্জেকশন অন্তর্ভুক্ত যা একজন রেজিস্টার্ড ডাক্তার বা ডাক্তার দিতে পারে।

বিশেষজ্ঞ: একজন স্বাস্থ্য সেবা প্রোফেশনালের কাজ নির্দিষ্ট বিভাগের মধ্যে সীমাবদ্ধ। যেমন, বিভিন্ন ধরনের ওষুধ, সার্জারি অথবা নার্সিং; বিশেষত এমন একজন যিনি উন্নত প্রশিক্ষণের মাধ্যমে কোনো নির্দিষ্ট বিষয়ের উপর কোনো বিশেষ বোর্ড দ্বারা সার্টিফাইড হন।

স্পেশালিটি সাপোর্ট এবং পরিষেবা: এই টার্মের মানে হলো, Medicaid-ফান্ডেড মানসিক স্বাস্থ্য, উন্নয়নের অক্ষমতা এবং সাবস্ট্যান্স অপব্যবহার সাপোর্ট এবং পরিষেবা প্রি-পেইড ইনপেশেন্ড প্ল্যান দ্বারা পরিচালনা করা হয়।

স্টেট ফেয়ার হেয়ারিং: MCCMH এর অস্বীকৃতি, হ্রাস, সাসপেনশন বা Medicaid পরিষেবার সমাপ্তির সাথে বেনিফিশিয়ারির অসম্মতির স্টেট লেভেলের পর্যালোচনা। স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ আইন বিচারক যারা মিশিগান ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিস (Michigan Department of Health and Human Services, MDHHS) এর প্রভাবমুক্ত, তারা এই পর্যালোচনা সম্পাদন করেন।

সাবস্টেন্স ইউজ ডিজঅর্ডার (SUD অথবা substance abuse): মিশিগান মেন্টাল হেলথ কোড দ্বারা যেভাবে সংজ্ঞায়িত করা হয়েছে সে অনুসারে এমন মাত্রায় অ্যালকোহল বা অন্যান্য ড্রাগ গ্রহণ করা যেক্ষেত্রে অ্যালকোহল বা মাদকদ্রব্য ব্যবহারের ফলে বা অভ্যাসগতভাবে অ্যালকোহল বা মাদকের প্রভাবে, একজন ব্যক্তির সামাজিক, অর্থনৈতিক, মানসিক এবং শারীরিক কল্যাণকে সম্ভাব্য ঝুঁকিতে রাখে বা এমন মাত্রায় যে একজন ব্যক্তি আত্মনিয়ন্ত্রণের ক্ষমতা হারায়, জনস্বাস্থ্য, নৈতিকতা, নিরাপত্তা, বা কল্যাণ বা সবগুলোকে একত্রে বিপন্ন করে

চিকিৎসার প্ল্যানিং অথবা পরিষেবা প্ল্যানিং: আপনার ব্যক্তিগত পরিষেবা প্লানের উন্নয়ন এবং পর্যালোচনা। MCCMH-এ ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা (Person-Centered Planning, PCP) মডেল ব্যবহার করে চিকিৎসা/পরিষেবা প্ল্যান করা হয়।

জরুরি সেবা: হঠাৎ অসুস্থতা, আঘাত অথবা জরুরি অবস্থা নয় তবে তাৎক্ষণিক সেবার প্রয়োজন এমন ক্ষেত্রে সেবা প্রদান। নেটওয়ার্ক প্রদানকারী এভেইলেবল না থেকলে নেটওয়ার্কের বাইরের প্রদানকারীদের থেকে জরুরিভাবে প্রয়োজনীয় সেবা নেওয়া যেতে পারে।

আমাদের লক্ষ্য এবং উদ্দেশ্য

"ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ, গ্রহকের মূল্যবোধ, শক্তি এবং অবহিত পছন্দ দ্বারা পরিচালিত..."

ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথে (Macomb County Community Mental Health, MCCMH) আমরা আমাদের সকল গ্রাহকদের সম্মান করি, তাদের সাথে মিলে তাদের জীবন যাপন, পছন্দ এবং প্রয়োজনীয়তা অনুযায়ী তাদের প্রয়োজনীয় পরিষেবা ডিজাইন করি। MCCMH একসাথে সকলের সাথে কাজ করে তাদের প্রয়োজনীয়তা অনুসারে তাদের জীবনে এগিয়ে যেতে, সম্পর্ক ভালো রাখতে, স্বাভাবিক কার্মকাল্ড চালিয়ে যেতে, লক্ষ্য পূরণে এবং তাদের প্রয়োজনীয় সাপোর্ট সিস্টেমের ব্যবস্থা করে সহায়তা প্রদান করে।

"...মানসম্মত পরিষেবা প্রদান করে"

আমাদের গ্রাহক, পরিবার, স্বাস্থ্যসেবা এবং কমিউনিটি পার্টনারদের সাথে একসাথে কাজ করার মাধ্যমে ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ মানসম্মত আচরণগত স্বাস্থ্য পরিষেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। যার লক্ষ্য হলো সকলের প্রয়োজন অনুসারে আলাদা আলাদা ভাবে মানসিক স্বাস্থ্য, উন্নয়নের অক্ষমতা এবং সাবস্টেন্স অপব্যবহারের বিষয়গুলো চিহ্নিত করা। MCCMH এইসকল পরিস্থিতি মোকাবিলা করতে সমাধান বিকাশের জন্য তথ্য, শিক্ষা, রিসোর্স, আউটরিচ এবং সহায়তার একটি আপ-টু-ডেট এবং নির্ভরযোগ্য উৎস হতে চেষ্টা করে। রিকভারি-ভিত্তিক মাধ্যমে সহায়তা প্রদান করা হয় যা প্রত্যেক ব্যক্তির সাংস্কৃতিক, ধর্মীয়, সামাজিক এবং ব্যক্তিগত বিশ্বাসকে সম্মান করে। প্রত্যেকের সহায়তা করার ক্ষেত্রে এই বিশ্বাস একটি গুরুত্বপূর্ণ অংশ হিসাবে কাজ করে। ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ সাপোর্ট সিস্টেমে আমাদের গ্রাহকদের অংশগ্রহণ এবং তাদের অবস্থা বর্ণনা করতে উৎসাহ যোগায় এবং সাপোর্ট করে এবং এটা তাদের সেরে ওঠার জন্য গুরুত্বপূর্ণ।

“...যা রিকভারি, কমিউনিটি পার্টিসিপেশন, সেলফ-সাফিসিয়েন্সি এবং ইন্ডিপেন্ডেন্সকে প্রচার করে।”

MCCMH স্টাফ সকলের সাথে আলাপচারিতার সময় “রিকভারি” এবং “সুস্থতা” এই টার্মে কথা বলেন। আমরা বিশ্বাস করি বিহেভিওরাল হেলথ নিডস যুক্ত ব্যক্তিরও সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশ যাদের বাকি নাগরিকদের মতো একই অধিকার রয়েছে। আমাদের গ্রহকদের সম্মুখীন হওয়া সামাজিক ও রাজনৈতিক বাধা দূর করতে আমরা অন্যান্য সংস্থা এবং সিস্টেমের সাথে কাজ করি। আমরা বিশ্বাস করি বিহেভিওরাল হেলথ নিডস কোনো ব্যক্তির একমাত্র পরিচয় নয়। ম্যাকস কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথের কাজ মানুষকে পরিষেবা প্রদান করা নয়। তবে এর কাজ হলো আমাদের সিস্টেমের মধ্যে এবং বৃহত্তর কমিউনিটিতে তাদের সম্মান অর্জন, তাদের কথা শোনা এবং বুঝতে সহায়তা করা। এর মধ্যে প্রত্যেককে তাদের লক্ষ্যের দিকে সামনে আগাতে সহায়তা করা, কমিউনিটিতে অংশগ্রহণ করতে উৎসাহ প্রদান, অন্যদের সাথে সম্পর্ক স্থাপনে সাপোর্ট করা, শারীরিক স্বাস্থ্যের পাশাপাশি মানসিক স্বাস্থ্যের উন্নতি করা এবং সকলকে ব্যক্তিগতভাবে বিকাশিত হতে সহায়তা করা অন্তর্ভুক্ত। আমাদের পরিষেবাগুলি দক্ষতা তৈরি করতে এবং কৌশল বিকাশ করতে সহায়তা করে যা ব্যক্তিগত শক্তি এবং আবেগের উপর ভিত্তি করে সক্রিয়ভাবে জীবন যাপন এবং সেরে ওঠা নিশ্চিত করে। আমাদের সিস্টেম আশা, ইতিবাচক সম্ভাবনা এবং প্রত্যেককে সেবা প্রদানের ফলে আমাদের মধ্যে ইতিবাচক অনুভূতি জাগিয়ে তোলে।

**ম্যাকস কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথের
ভিশন স্টেটমেন্ট
24 শে আগস্ট, 2011 সালে গৃহীত**

পরিষেবা পাওয়া	21
পরিচর্যা প্রদানকারী পছন্দ	29
চিকিৎসা কার্যাভ্যাসের দিকনির্দেশ	25
জনসমাজের সংস্থানসমূহ	71
গোপনীয়তা ও পরিবার দ্বারা তথ্যের ব্যবহার	61
পরিচর্যার সমন্বয়	46
গ্রাহকসেবা	8
পরিষেবাগুলির জন্য যোগ্যতা	6
জরুরিভাবে ও কাজের সময়ের পরে পরিষেবাগুলি পাওয়া	17
বর্জিত পরিষেবাসমূহ	44
জালিয়াতি, অপচয় ও অসদ্ব্যবহার	65
শব্দকোষ	72
অভিযোগ ও আপিল	50
নেটওয়ার্ক-মধ্যস্থ পরিচর্যা প্রদানকারীগণ	29
ভাষাগত সহায়তা, প্রাপ্যতা ও উপযোজন	10
Medicaid স্বাস্থ্য প্রকল্প পরিষেবাসমূহ	45
Medicaid বিশেষজ্ঞের সহায়তা ও পরিষেবার বিন্যাস	30
অ-বৈষম্য	67
নেটওয়ার্ক-বহিঃস্থ পরিচর্যা প্রদানকারীগণ	29
পরিষেবার জন্য অর্থপ্রদান	7
ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা	23
পরিচর্যা প্রদানকারীদের নির্দেশিকা	29
মনোরোগগত উন্নত নির্দেশনা	24
প্রাপকের অধিকার	58
আরোগ্য ও সহনশীলতা	28
আত্ম-সংকল্প	27
পরিষেবার অনুমোদন	21
মাদকসেবনজনিত ব্যাধি (Substance Use Disorder, SUD)	40
পরিষেবাসমূহ	
রাজ্য সরকারের নিরপেক্ষ শুনানি	51
ট্যাগ লাইন	10
পরিচর্যা পরিবর্তন	29
পরিবহন	13

এই পাতাটি ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।

ম্যাকম্ব কাউন্টি কমিউনিটি মেন্টাল হেলথ
(Macomb County Community Mental Health)
CARF দ্বারা স্বীকৃত একটি সংস্থা



19800 Hall Road
Clinton Township, MI 48038
Customer Service, Toll Free 1 -855-99-MCCMH (1-855-996-2264); TTY 711
24/7/365 Crisis Center, 586-307-9100;
Toll Free: 1-855-927- 4747 অথবা 988
www.mccmh.net

সংস্করণ: 2.0
প্রকাশের তারিখ: 05/2019
পরিমার্জনার তারিখ: 01/2025